৩৬-৩৭। টিপ্পনী। যেন বিপ্রানুকম্পয়া বিপ্রেম্বনুকম্পাকরণার্থম্ এতদ্ দুষ্করং রাক্ষস-হননরূপং কর্ম্ম কৃতং তস্য পুণ্যকর্ম্মণঃ দিব্যতেজঃপ্রভাবস্য দিব্যম্ অলৌকিকং তেজঃ প্রভাবঃ শক্তিশ্চ যস্য তস্য অগস্ত্যস্য ভ্রাতুরিতি শেষঃ, বহুপুষ্পফলৈরুপেতঃ সমন্বিতঃ প্রচুরোদকঃ প্রভূতসলিলসম্পন্নস্তড়াগবনশোভিতশ্চাশ্রমো দৃশ্যতে। 'তস্যায়মাশ্রমো ভ্রাতুস্তটাকবনশোভিতঃ। বিপ্রানুকম্পয়া যেন কর্ম্মেদং দুষ্করং কৃতম্ ॥' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।৬৭)।

দ্বিজদ্রোহী সেই রাক্ষস প্রদীপ্ততেজঃসম্পন্ন মুনির অভিমুখে [যেমন] প্রধাবিত হইল, [অমনি] তাঁহার তীব্র দৃষ্টিতে নির্দগ্ধ ও ভস্মীভূত হইয়া গেল ॥ ৩৪ ॥

ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণ [অগস্ত্য] পাপকর্ম্মপরায়ণ সেই ব্রহ্মঘাতী রাক্ষসদ্বয়কে বিনাশ করিয়া অত্যুত্তম আশ্রম স্থাপন করেন ॥ ৩৫ ॥

বৎস, যিনি ব্রাহ্মণগণের প্রতি অনুকম্পা করিয়া এই দুষ্কর কর্ম্ম করিয়াছেন, দিব্য তেজ ও প্রভাব (শক্তি)- বিশিষ্ট সেই পুণ্যকর্ম্মা অগস্ত্যের ভ্রাতার বহুপুষ্পফলসমন্বিত প্রচুরসলিলসম্পন্ন তড়াগ ও বনে পরিশোভিত পবিত্র আশ্রম দেখা যাইতেছে ॥ ৩৬-৩৭ ॥

১। ঙ '-চারিণৌ'। ২। ঝ '-মে', ঙ-ঠ-ড '-মগ্র-'। ৩। ঙ 'প্রাবে-'। ৪। ষ '-ক্তপ্র-'। ৫। ক '-বরো-'। ৬। ঠ '-রম্যস্ত-'। ৭। ঙ 'তেন'। ৮। ক-ষ-ঙ 'ততঃ'।

তত্রোপাস্য ততঃ সন্ধ্যাং সহ ভ্রাত্রা যথাবিধি।
প্রবিবেশাশ্রমপদং মুনিং তং চাভ্যবাদয়ৎ[1] ॥ ৩৯ ॥

সম্যক্ প্রতিগৃহীতস্তু[2] মুনিনা তেন রাঘবঃ।
ন্যবসৎ তাং নিশাং তত্র প্রাশ্য[3] মূলফলং[4] শুচিঃ[5] ॥ ৪০ ॥

ততস্তু তে তেন মহাত্মনা সমং সমেত্য সম্যঙ্মুনিনা যথাবিধি।
সুখোষিতাস্তত্র নিশাক্ষয়ে পুনস্তপস্বিনং[6] দ্রষ্টুমভিপ্রতস্থিরে ॥ ৪১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে অগস্ত্যভ্রাতৃদর্শনং নাম
ষোড়শঃ সর্গঃ ॥ ১৬ ॥

৪০। লো-টী। সম্যক্ প্রতিগৃহীতঃ সম্যগাতিথ্যেন পূজিতঃ।

৩৯। টিপ্পনী। তত্র আশ্রমসন্নিহিতদেশে।

৪০। টিপ্পনী। প্রাশ্য ভুক্ত্বা। প্রতিগৃহীতঃ সাদরং গৃহীতঃ। প্রতিগৃহীতঃ সৎকৃত্য স্বীকৃতঃ। শিরোঃ। প্রতিগৃহীতঃ প্রত্যুদ্গতঃ। গোঃ রাঃ।

৪১। টিপ্পনী। তে রামাদয়ো মুনিনা সমং যথাবিধি সম্যক্ সমেত্য মিলিত্বা তদনন্তরং তত্রাশ্রমে সুখোষিতাঃ আসন্। নিশাক্ষয়ে রাত্রেরবসানে পুনস্তমেব তপস্বিনম্ অগস্ত্যভ্রাতরং দ্রষ্টুম্ অভিপ্রতস্থিরে জগ্মুঃ।

মহাত্মা রামচন্দ্র এইরূপ বলিতেছেন, ঈদৃশ সময়ে সূর্য্য অস্তগমন করিলেন এবং সন্ধ্যা সমুপস্থিত হইল ॥ ৩৮ ॥

তদনন্তর, তিনি তথায় (আশ্রমসন্নিহিত প্রদেশে) ভ্রাতার সহিত যথাবিধানে সন্ধ্যোপাসনা করিয়া আশ্রমস্থানে প্রবিষ্ট হইলেন এবং সেই মুনিকে (অগস্ত্য-ভ্রাতাকে) অভিবাদন করিলেন ॥ ৩৯ ॥

রামচন্দ্র সেই মুনিকর্ত্তৃক সাদরে গৃহীত হইয়া ফলমূল আহারপূর্ব্বক পবিত্র-হৃদয়ে তথায় সেই রাত্রি বাস করিবার সঙ্কল্প করিলেন ॥ ৪০ ॥

অতঃপর, তাঁহারা (রাম, লক্ষ্মণ ও সীতা) সেই মুনির সহিত যথাবিধানে সম্যক্ মিলিত হইয়া [তদনন্তর] তথায় সুখে বাস করিলেন ; রাত্রির অবসানে আবার তাঁহারা [সেই] তপস্বীকে দর্শন করিবার জন্য [তাঁহার নিকট] গমন করিলেন ॥ ৪১ ॥

মহর্ষি-বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে অগস্ত্যভ্রাতৃদর্শন-নামক
ষোড়শ সর্গ সমাপ্ত ॥ ১৬ ॥

১। ঝ 'চাপ্যভ্যবাদয়ৎ'। ২। ঘ-ছ-ঠ '-স্তস্য'। ৩। ড় 'রম্যমূলফলাশনঃ'। ৪। ঝ 'মূলং ফলং'। ৫। ঠ 'শুচি'। ৬। ঙ '-স্বিবান্'।

সপ্তদশঃ সর্গঃ

তস্যাং[১] রাত্র্যাং ব্যতীতায়াং বিমলেঽভ্যুদিতে[২] রবৌ।
অগস্ত্যভ্রাতরমৃষিমামন্ত্রয়ত রাঘবঃ ॥ ১ ॥

আমন্ত্রয়ে ত্বাং ভগবন্ সুখমভ্যুষিতো[৩] নিশাম্।
দ্রষ্টুমিচ্ছাম্যগস্ত্যং হি[৪] ভ্রাতরং তেঽগ্রজং মুনিম্ ॥ ২ ॥

গম্যতামিতি তেনোক্তো জগাম রঘুনন্দনঃ।
যথোপদিষ্টেন পথা গচ্ছন্ সমবলোকয়ন্ ॥ ৩ ॥

১। টিপ্পনী। আমন্ত্রয়ত উক্তবান্। আমন্ত্রয়ত অপৃচ্ছৎ। শিরোঃ।

২। টিপ্পনী। আমন্ত্রয়ে গমনায় প্রার্থয়ে। নিশাং সুখম্ অভ্যুষিতঃ সুখেনৈব ময়া রাত্রিরতিবাহিতেত্যর্থঃ।

৩। টিপ্পনী। গম্যতামিত্যুক্তঃ সন্ যথোপদিষ্টেন সুতীক্ষ্ণোক্তেন পথা গচ্ছন্ গমনপ্রবৃত্তো রঘুনন্দনঃ সমন্ততো দৃশ্যানি সমবলোকয়ন্ জগাম।

সেই রাত্রি অতীত হইলে এবং বিমল রবি সমুদিত হইলে রামচন্দ্র ঋষি অগস্ত্যভ্রাতাকে বলিলেন—॥ ১ ॥

হে ভগবন, আপনার নিকট বিদায় প্রার্থনা করিতেছি; আমি সুখে রাত্রি যাপন করিয়াছি; [এক্ষণে] আপনার অগ্রজ ভ্রাতা মুনি অগস্ত্যকে দর্শন করিবার অভিলাষ করি ॥ ৩ ॥

'গমন কর' মুনিকর্তৃক এইরূপে অভিহিত হইয়া যথোপদিষ্ট (অর্থাৎ সুতীক্ষ্ণকথিত) পথে গমনপ্রবৃত্ত রঘুনন্দন রাম [চতুর্দ্দিকের দৃশ্যসমূহ] দর্শন করিতে করিতে চলিতে লাগিলেন ॥ ৩ ॥

১। ছ 'রাত্র্যাং তস্যাং'। ২। গ '-ঽপ্যুদিতে'। ৩। ঘ '-মভ্যুষিতো', ঙ-ঠ '-মপ্যুষিতো', ছ '-মধ্যুষিতো', ড় '-মত্রোষিতো'। ৪। ঙ 'তং'।

দদর্শ রামঃ শতশঃ ফুল্লকান্তারপাদপান্[১]।

ততোঽব্রবীৎ সমীপস্থং লক্ষ্মণং শুভলক্ষণম্[২] ॥ ৪ ॥

পশ্য লক্ষ্মণ রম্যাণি বনস্যাস্য শুভানি চ।

কাননানি বিচিত্রাণি ফলমূলধরৈর্দ্রুমৈঃ[৩] ॥ ৫ ॥

শুভাংশ্চ শুভগন্ধাংশ্চ সুস্বাদূন্ সুবহূংস্তথা[৪]।

পাদপানাং সমূহাংস্ত্বং[৫] পশ্য লক্ষ্মণ সর্ব্বশঃ[৬] ॥ ৬ ॥

৪। লো-টী। কান্তারে মহারণ্যে পাদপাঃ কান্তারপাদপাঃ, বিকসিতমহারণ্যপাদপা ইত্যর্থঃ।

৫। লো-টী। বনস্য দণ্ডকারণ্যস্য মুনের্নিবাসালয়স্য বা।

৪। টিপ্পনী। ফুল্লকান্তারপাদপান্—ফুল্লা বিকসিতকুসুমাঃ কান্তারপাদপা বন-বৃক্ষাস্তান্।

৫। টিপ্পনী। অস্য বনস্য সুবিস্তীর্ণদণ্ডকারণ্যস্য কাননানি খণ্ডবনানি পশ্য। কাননানি কীদৃশানি—শুভানি পবিত্রাণি ফলমূলধরৈর্দ্রুমৈর্বিচিত্রাণি বিস্ময়করাণি।

৬। টিপ্পনী। শুভান্ সুন্দরান্, শুভগন্ধান্ সুন্দরগন্ধবিশিষ্টান্। সর্ব্বশঃ সর্ব্বত্র।

রামচন্দ্র শত শত বিকসিতকুসুম বন্য বৃক্ষসমূহ দর্শন করিলেন; অতঃপর তিনি সমীপবর্ত্তী শুভলক্ষণ লক্ষ্মণকে বলিলেন—॥ ৪ ॥

লক্ষ্মণ, এই [সুবিস্তীর্ণ] দণ্ডকারণ্যের ফলমূলধারী বৃক্ষসমূহে বিস্ময়োৎপাদক রমণীয় পবিত্র কাননরাজী (খণ্ডবনসমূহ) দর্শন কর ॥ ৫ ॥

লক্ষ্মণ, সর্ব্বত্র সুন্দরদর্শন, সুন্দরগন্ধ, সুস্বাদফলশালী এবং অতিবহুসংখ্যক পাদপসমূহ তুমি দর্শন কর ॥ ৬ ॥

১। ছ 'প্রফুল্লাংস্তাংশ্চ পা-'। ২। ঠ 'দৃষ্ট্বা রামঃ স লক্ষ্মণম্'। ৩। ঘ-ঞ-ড '-পুষ্প-'। ৪। ঙ 'সুবাদুসুবহু-', ছ-ড 'বাদূংশ্চ'। ৫। ঘ 'সমূহাংশ্চ নীলাশোকাংশ্চ শাখিনঃ', ঠ 'সমূহাংশ্চ', ড 'সমৃদ্ধিং ত্বং'। ৬। ঙ '-তঃ'। অতঃ পরং ঙ-পুস্তকে 'লোধ্রাঞ্চ শিরীষবৃক্ষাংশ্চ মুচুকুন্দান্ সপাটলান্। চম্পকাংশ্চ প্রিয়ঙ্গূংশ্চ সপ্তপর্ণাংশ্চ পাদপান্॥ অন্যান্ দ্রুমসমূহাংশ্চ পশ্য লক্ষ্মণ সর্বশঃ।' ইত্যধিকঃ।

বানীরাংস্তিনিশান্[১] নিম্বান্[২] মধুকান্[৩] নিচুলাসনান্[৪][৫]।
আম্রানাম্রাতকাংশ্চৈব[৬] তিন্দুকামলকাংস্তথা ॥ ৭ ॥
জম্বু-তাল-কপিত্থাংশ্চ[৭] পনসান্ বীজপূরকান্।
সোমবৃক্ষান্[৮] কর্ম্মরঙ্গান্[৯] পিয়ালাংশ্চ ক্বচিৎ ক্বচিৎ ॥ ৮ ॥
খর্জ্জূরান্ বদরীশ্চৈব[১০] সালান্[১১] ভল্লাতকাংস্তথা।
কদলীবেত্রবেণূংশ্চ[১২] তথা চান্যান্ সহস্রশঃ ॥ ৯ ॥
দাড়িমান্ করবীরাংশ্চ অশোকাংস্তিলকাংস্তথা[১৩]।
অঙ্কোঠাংশ্চ[১৪] কুঠেরাংশ্চ[১৫] নীলাশোকাংশ্চ সর্ব্বশঃ[১৬] ॥ ১০ ॥
লোধ্রাঞ্ছিরীষবৃক্ষাংশ্চ[১৭] মুচুকুন্দাংশ্চ[১৮] পাটলান্।
চম্পকাংশ্চ[১৯] প্রিয়ঙ্গূংশ্চ সপ্তপর্ণাংশ্চ পাদপান্ ॥ ১১ ॥

৭। লো-টী। বানীরান্ বেতসান্, মধুকান্ মধুযষ্টিকাঃ। 'মধুকং ক্লীতকং যষ্টীমধুকং মধুযষ্টিকা' ইত্যমরঃ। নিচুলাসনান্ নিচুলান্ ইজ্জলান্ 'হিজল' ইতি যস্য খ্যাতিঃ। 'নিচুলোঽম্বুজ ইজ্জল' ইত্যমরঃ। অসনান্ বৃক্ষবিশেষান্।

৮। লো-টী। সোমবৃক্ষান্ কর্পূরবৃক্ষান্ 'কাফুরকদলী'তি যস্য প্রসিদ্ধিঃ।

১০। লো-টী। অঙ্কোঠান্ 'আকোঠা' ইতি খ্যাতিঃ। কুঠেরান্ পর্ণাসান্। 'অজ্বীরোঽপ্যথ পর্ণাসে কঠিঞ্জরকুঠেরকৌ' ইত্যমরঃ।

১১। লো-টী। তিনিশবৃক্ষান্ তিনিশাখ্যান্।

৭-১২। টিপ্পনী। কাননেষু রাজতো বিরাজমানান্ বানীরাদীন্ বৃক্ষান্ নানাগুল্মলতাভি-

হে লক্ষ্মণ, বানীর, তিনিশ, নিম্ব, মধুক, নিচুল, অসন, আম্র, আম্রাতক, তিন্দুক এবং আমলক, জম্বু, তাল, কপিত্থ, পনস, বীজপূরক, সোমবৃক্ষ, কর্ম্মরঙ্গ

১। ঙ '-স্তিলকান্'। ২। ঙ-ঠ-ড 'বিম্বান্'। ৩। ঙ-ঠ 'মধু-'। ৪। ঠ-ড 'বঞ্জুলান্ ধবান্'। ৫। ছ '-লান্ ধবান্'। ৬। ঙ 'তিলকান্ বঞ্জুলান্ ধবান্'। ৭। ঘ 'জম্বূন্ মধুকপিত্থাংশ্চ', ড-পুস্তকে ইতোঽর্দ্ধত্রয়ং নাস্তি। ৮। ঝ 'মধুকাংশ্চ'। ৯। ঙ '-বৃক্ষান্'। ১০। ঘ-ঙ-ছ-ঠ '-রাংশ্চৈব'। ১১। ঙ 'শালান্', ঠ 'শালান্'। ১২। ঘ '-চিত্র-'। ১৩। ঙ '-স্তিন্দু-'। ১৪। ঙ '-টকাংশ্চ কুঠাংশ্চ', ছ-ঠ '-ঠকান্ কুঠারাংশ্চ', ড '-টকান্ কুঠারাংশ্চ'। ১৫। ঠ 'নানা-'। ১৬। ঝ '-তঃ'। ১৭। ছ-ড 'লোধ্রাংশ্চন্দন-', ঘ-ঝ 'লোধ্রাং-স্তিনিশ-', ঙ '-লোধ্রাংস্তিলক-'। ১৮। ঘ-ছ-ঠ-ড '-ন্দান্ সপাটলান্'। ১৯। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

অন্যান্[1] দ্রুম[2]সমূহাংশ্চ নানাগুল্ম[3]লতাযুতান্।
ইত[4]স্ততঃ কাননেষু পশ্য লক্ষ্মণ রাজতঃ[5]।
পুষ্পিতান্[6] পুষ্পিতাগ্রা[7]ভির্লতা[8]ভিঃ পরিবেষ্টিতান্॥ ১২

স দৃষ্ট্বা কাননং রম্যং পথি গচ্ছন্ মহাযশাঃ।
অব্রবীচ্চ পুনস্তত্র রামো রাজীবলোচনঃ।
পৃষ্ঠানুগং[9] দাশরথিং[10] লক্ষ্মণং লক্ষ্মি[11]বর্দ্ধনম্॥ ১৩॥

১২। লো-টী। রাজতো ভ্রাজমানান্।

যুতান্ সমাবৃতান্ পুষ্পিতাগ্রাভিঃ পুষ্পবিশিষ্টাগ্রভাগবিশিষ্টাভির্লতাভিঃ পরিবেষ্টিতান্ পুষ্পিতান্ পুষ্পসমৃদ্ধান্ বৃক্ষসমূহাংশ্চ পশ্য। তত্র মধুকা মধুদ্রুমাখ্যবৃক্ষাঃ, তিন্দুকাঃ স্ফূর্জ্জকাখ্যা বৃক্ষাঃ।

১৩। টিপ্পনী। পৃষ্ঠানুগং পৃষ্ঠতোঽনুযান্তং লক্ষ্মিবর্দ্ধনং লক্ষ্মণম্ অব্রবীৎ। লক্ষ্মিবর্দ্ধনমিত্যত্র 'ঙ্যাপোঃ সংজ্ঞাচ্ছন্দসোর্বহুলম্' ইতি হ্রস্বঃ। লক্ষ্মিণাং শুচিহ্নানাং বর্দ্ধনং বৃদ্ধির্যস্মিংস্তম্। শিরোঃ।

এবং স্থানে স্থানে [অবস্থিত] পিয়াল, খর্জ্জুর, বদরী, সাল, ভল্লাতক, কদলী, বেত্র, বেণু এবং অন্যান্য সহস্র সহস্র বৃক্ষ, দাড়িম, করবী, অশোক, তিলক, অঙ্কোঠ, কুঠের এবং সর্ব্বত্র [অবস্থিত] নীলাশোক, লোধ্র, শিরীষ, মুচুকুন্দ, পাটল, চম্পক, প্রিয়ঙ্গু ও সপ্তপর্ণ [এই সমস্ত] বৃক্ষরাজী এবং পুষ্পিতাগ্র (যাহার অগ্রভাগ কুসুমবিকসিত ঈদৃশ) লতাসমূহের দ্বারা পরিবেষ্টিত বিবিধ লতাগুল্মসমাচ্ছন্ন কুসুমবিকসিত অন্যান্য বৃক্ষসমূহ কাননে ইতস্ততঃ শোভা পাইতেছে, দর্শন কর॥ ৭-১২॥

পথে গমন করিতে করিতে রমণীয় কানন দর্শন করিয়া মহাযশঃসম্পন্ন রাজীবলোচন সেই রাম লক্ষ্মীবর্দ্ধন অনুচর দাশরথি লক্ষ্মণকে তখন পুনর্ব্বার বলিলেন—॥ ১৩॥

১। ড '-স্থাংশ্চ দ্রুমসঙ্ঘানাং'। ২। ক-খ 'বৃক্ষ-'। ৩। ঘ-ঠ '-দ্রুম-'। ৪। ঠ 'তত-'। ৫। ঙ 'পাদপান্', ড 'চাগ্রতঃ'। ৬। ঙ 'পুষ্পিতাগ্রাভিরভিতো লতাভিঃ পরিবেষ্টিতান্'। ৭। ঝ '-গ্রাংশ্চ ল-'। ৮। ঘ-ছ-ড '-তাভিরনুবে-'। ৯। ছ-ড 'দৃষ্ট্বা-'। ১০। য '-রথের্না-'। ১১। ঝ 'নন্দি-'।

পশ্য সৌম্য পথাভ্যাসে নন্দনপ্রতিমং বনম্।
রমণীয়ঞ্চ সৌম্যঞ্চ যথেদং দীপ্যতে পুনঃ ॥ ১৪ ॥
স্নিগ্ধপত্রা যথা বৃক্ষা যথা কান্ততরা মৃগাঃ।
আশ্রমো নাতিদূরেঽসৌ তস্য বিশ্রুতকর্ম্মণঃ ॥ ১৫ ॥
অগস্ত্য ইতি যঃ খ্যাতো লোকে পুণ্যেন কর্ম্মণা।
আশ্রমো দৃশ্যতে তস্য পরিশ্রান্তসুখাবহঃ ॥ ১৬ ॥

১৪। লো-টী। পথাভ্যাসে পথনিকটে। 'মার্গোঽধ্বটঃ পথঃ পথি' ইতি রুদ্রঃ।

১৪। টিপ্পনী। পথাভ্যাসে পথিসমীপে। অকারান্তোঽপি পথশব্দো বিদ্যতে। যথা ইদং বনং দীপ্যতে বিরাজতে তৎ পুনঃ পশ্য।

১৫। টিপ্পনী। যথা বৃক্ষাঃ স্নিগ্ধপত্রাঃ যথা চ মৃগাঃ কান্ততরা অধিকতরকমনীয়ত্ববিশিষ্টা-স্তথা মন্যে আশ্রমো নাতিদূরে ইতি।

১৬। টিপ্পনী। বিন্ধ্যপর্ব্বতস্য স্তম্ভনরূপেণ পুণ্যেন কর্ম্মণা স মুনিরগস্ত্য ইতি খ্যাতঃ। পরিশ্রান্তসুখাবহঃ পরিশ্রান্তানাং জনানাং সুখদায়কঃ। অগস্ত্যস্য বিন্ধ্যস্তম্ভনবৃত্তান্তো মহাভারতে বনপর্ব্বণি (অঃ ১০৪) কাশীখণ্ডে (অঃ ১০৫) চোপলভ্যতে। 'অগস্ত্য ইতি বিখ্যাতো লোকে স্বেনৈব কর্ম্মণা' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।৭৯)। স্বেন কর্ম্মণা বিন্ধ্যস্তম্ভনরূপেণ অগস্ত্য ইতি বিখ্যাতঃ, অগং স্তম্ভয়তীত্যগস্ত্য ইতি ব্যুৎপত্তেঃ। গোঃ রাঃ। অগং বিন্ধ্যং স্তম্ভয়তীত্যগস্ত্যঃ পৃষোদরাদিঃ। তিঃ।

হে সৌম্য, পথিপার্শ্বে শান্ত ও রমণীয় নন্দনপ্রতিম এই বন যেরূপ শোভা পাইতেছে, তাহাও আবার দর্শন কর ॥ ১৪ ॥

বৃক্ষসমূহ যেরূপ স্নিগ্ধপত্রবিশিষ্ট, মৃগগণ যেরূপ অতীব কমনীয় তাহাতে বিখ্যাতকর্ম্মা অগস্ত্যের [সুতীক্ষ্ণকথিত] সেই আশ্রম বহুদূরে নহে [বলিয়া মনে করি] ॥ ১৫ ॥

যিনি [স্বীয়] পুণ্যকর্ম্মের দ্বারা (অর্থাৎ অগ বা বিন্ধ্যপর্ব্বতকে স্তম্ভিত

১। ঙ 'পথোঽভ্যাসে', ছ-ঠ 'যথা-'। ২। ঘ-ছ-ঝ-ড 'তথেদং' ঙ 'তথেদং'। ৩। ঘ-ঙ-ঠ 'পুরঃ'। ৪। ঝ '-পত্রাণ্যনেকানি'। ৫। ঘ '-কান্তথা'। ৬। ঠ 'পুষ্ট-'। ৭। ঘ-ছ 'অগ্রতো'। ৮। ঝ 'বিখ্যা-'। ৯। ঙ 'লোকপু-'। ১০। ঙ '-শ্রম-', ঠ '-শ্রান্তে সু-'।

আজ্যধূমাকুলবনশ্চীরমালাপরিষ্কৃতঃ।
প্রশান্তমৃগযূথশ্চ নানাশকুনিনাদিতঃ॥ ১৭॥

নিগৃহ্য তপসা মৃত্যুং ভূতানাং[2] হিতকাম্যয়া।
দক্ষিণা দিক্ কৃতা যেন[3] শরণ্যা পুণ্যকর্ম্মণা[4]॥ ১৮॥

তস্যেতদাশ্রমপদং প্রভাবাদ্[5] যস্য রাক্ষসৈঃ।
দিগিয়ং দক্ষিণা তাত[6] দৃশ্যতে নোপভুজ্যতে[7]॥ ১৯॥

১৭। লো-টী। প্রাজ্যো বহুলো ধূমঃ।
১৯। লো-টী। নোপভুজ্যতে দৃশ্যতে চ পুনর্নঞ্‌া সম্বন্ধঃ (?)।

১৭। টিপ্পনী। আশ্রমং বিশিনষ্টি আজ্যধূমেত্যাদিনা। আজ্যধূমেন যজ্ঞাগ্নৌ ঘৃত-নিক্ষেপোত্থধূমেন আকুলানি সমাচ্ছন্নানি বনানি যত্র সঃ। চীরমালয়া বল্কলসমূহেন (খণ্ডপটসমূহেন বা) পরিষ্কৃতঃ শোভিতঃ। নানাশকুনিভির্নানারূপপক্ষিভির্নাদিতঃ।

১৮-১৯। টিপ্পনী। ভূতানাং হিতকাম্যয়া হিতসাধনকামনয়া যেন পুণ্যকর্ম্মণা তপসা তপো-বলেন মৃত্যুং মৃত্যুতুল্যং বাতাপীল্বলসংজ্ঞকরাক্ষসদ্বয়মিত্যর্থঃ, নিগৃহ্য দক্ষিণা দিক্ শরণ্যা আশ্রয়ণীয়া বাসযোগ্যেতি যাবৎ, কৃতা, যস্য প্রভাবাচ্চ রাক্ষসৈর্দক্ষিণা দিগ্ দৃশ্যতে সভয়ং বীক্ষ্যতে ন তু উপভুজ্যতে স্বাধিকারবুদ্ধ্যা ন যথেচ্ছং ব্যবহ্রিয়তে। তস্য এতদাশ্রমপদমিতি সম্বন্ধঃ। 'দিগিয়ং দক্ষিণা ত্রাসাদ্দৃশ্যতে নোপভুজ্যতে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১১।৮২)। ত্রাসাদ্ দৃশ্যতে ন তু প্রাচীনকাল ইবোপভুজ্যতে। গোঃ রাঃ। নোপভুজ্যতে স্বদেশত্বেন নাঙ্গীক্রিয়তে। তিঃ।

করিয়াছিলেন বলিয়া) জগতে অগস্ত্য নামে খ্যাত হইয়াছেন; পরিশ্রান্তজনের শান্তিদায়ক আজ্যধূমে (অর্থাৎ অগ্নিতে ঘৃতনিক্ষেপজনিত ধূমে) সমাচ্ছন্ন-বনবিশিষ্ট, চীরসমূহে শোভিত, প্রশান্তস্বভাব মৃগযূথে পরিব্যাপ্ত ও নানাবিহঙ্গমনাদিত তাঁহার আশ্রম দেখা যাইতেছে॥ ১৬-১৭॥

যেই পুণ্যকর্ম্মা [অগস্ত্য] প্রাণীদিগের হিতকামনায় তপোবলে মৃত্যুস্বরূপ রাক্ষসদ্বয়কে (বাতাপি ও ইল্বলকে) নিগৃহীত করিয়া দক্ষিণ দিক্ [সকলের] আশ্রয়যোগ্য করিয়াছেন, হে বৎস, যাঁহার প্রভাবে রাক্ষসগণ এই দক্ষিণ দিক্ [সভয়ে] অবলোকন করিয়া থাকে, [কিন্তু স্বীয় অধিকাররূপে] উপভোগ করিতে পারে না, সেই অগস্ত্যের এই আশ্রমস্থান॥ ১৮-১৯॥

১। ব 'প্রাজ্য-'। ২। ক-ব 'লোকানাং'। ৩। ঙ 'তেন'। ৪। ব '-র্ম্মণঃ'। ৫। ড 'প্রসাদাদ্'। ৬। ঠ 'তত্র'। ৭। ঠ '-ভুজ্যতে'।

যদাপ্রভৃতি চাক্রান্তা দিগিয়ং পুণ্যকর্ম্মণা।
তদাপ্রভৃতি সর্ব্বৈর্[১]হস্যাং প্রশান্তা[২] রজনীচরাঃ ॥ ২০ ॥
নাম্না চেয়ং ভগবতো দক্ষিণা দিক্ প্রদক্ষিণা[৩]।
প্রথিতা ত্রিষু লোকেষু দুষ্প্রেক্ষা ক্রূরকর্ম্মভিঃ ॥ ২১ ॥
ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সুমহান্ ভাস্করস্য নগোত্তমঃ।
আদেশং পালয়ংস্তস্য বিন্ধ্যশৈলো[৪] ন বর্দ্ধতে ॥ ২২ ॥

২১। লো-টী। প্রদক্ষিণা অনুকূলা ভবতি।

২২। লো-টী। ক্রোধাৎ নারদস্য সুমেরুপ্রশংসাবচনেন ভাস্করস্য মার্গং প্রতিরুন্ধন্ প্রবৃদ্ধঃ। আদেশমাজ্ঞাম্।

২০। টিপ্পনী। আক্রান্তা স্বাধিকারম্ আনীতা। প্রশান্তা অবলম্বিতপ্রশান্তভাবাঃ।

২১। টিপ্পনী। ক্রূরকর্ম্মভী রাক্ষসৈর্দুষ্প্রেক্ষা দুর্দ্দর্শা প্রদক্ষিণা রাক্ষসকৃতোপদ্রবরাহিত্যেন সর্ব্বকুশলসম্পন্না ইয়ং দক্ষিণা দিক্ ভগবতোঽগস্ত্যস্য নাম্না প্রথিতা অগস্ত্যদিগিতি প্রসিদ্ধা। প্রদক্ষিণা অতিকুশলবতী। শিরোঃ। প্রদক্ষিণা এতদাশ্রমাবচ্ছেদেন নির্ব্বৈরত্বাদিসম্পাদন-সমর্থা। তিঃ।

২২। টিপ্পনী। ভাস্করস্য ক্রোধাৎ তং প্রতি ক্রোধোদ্রেকাদিত্যর্থঃ, প্রবৃদ্ধস্তন্মার্গং নিরোদ্ধুং ক্রমশো বর্দ্ধমানঃ নগোত্তমঃ পর্ব্বতশ্রেষ্ঠো বিন্ধ্যশৈলস্তস্যাগস্ত্যস্য আদেশং পালয়ন্ ন বর্দ্ধতে। 'মার্গং নিরোদ্ধুং সততং ভাস্করস্যাচলোত্তমঃ। সন্দেশং পালয়ংস্তস্য বিন্ধ্যশৈলো ন বর্দ্ধতে ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১১।৮৫)। ইয়মত্রাখ্যায়িকা—সূর্য্যমাক্রমিতুং বর্দ্ধমানোঽগস্ত্য-শিষ্যো বিন্ধ্যো গুরুদ্দেশ্যকনিত্যসাষ্টাঙ্গপ্রণামসময়ে দেবপ্রার্থিতাগস্ত্যেন শিষ্যদ্বারা যাবন্মদাগমং প্রণমন্ ভূমাবেব পতেত্যাজ্ঞাপিতঃ, তদারভ্য স্বয়ং দক্ষিণস্যাং দিশ্যেবাতিষ্ঠদিতি। শিরোঃ। অরুণং বিরুন্ধানস্য বিন্ধ্যাচলস্য অগস্ত্যকৃতঃ প্রশমবৃত্তান্তঃ স্কান্দে কাশীখণ্ডে (১-৫ অঃ), মহাভারতে বনপর্ব্বণি চতুরধিকশততমাধ্যায়ে চ দ্রষ্টব্যঃ।

আর, যখন হইতে পুণ্যকর্ম্মা অগস্ত্য এই দিক্ স্বাধিকারভুক্ত করিয়াছেন, তখন হইতে সমস্ত নিশাচর এইস্থানে প্রশান্তভাব অবলম্বন করিয়াছে ॥ ২০ ॥

আর, ক্রূরকর্ম্মা রাক্ষসগণের দুর্দ্দর্শ [রাক্ষসকৃত উপদ্রবরাহিত্যনিবন্ধন] সর্ব্বকুশলবিশিষ্ট এই দক্ষিণ দিক্ ভগবান্ অগস্ত্যের নামে (অর্থাৎ অগস্ত্যদিক্ বলিয়া) ত্রিলোকে বিখ্যাত ॥ ২১ ॥

১। ক 'সর্বৈংস্য', ঘ-ঙ-ঠ 'সর্বেষাং'। ২। ঙ-ঝ '-স্তরজ-'। ৩। ঙ 'সুদ-'। ৪। ঘ-ঝ-ঠ-ড 'বিন্ধ্যঃ শৈ-'।

সমুদ্রমপিবচ্চাপি তিমিনক্রসমাকুলম্।
দানবানাং বিনাশার্থং দেবৈঃ সেন্দ্রৈঃ প্রসাদিতঃ[1] ॥ ২৩ ॥
তস্যায়ং[2] দীপ্ততপসো লোকে বিখ্যাততেজসঃ।
অগস্ত্যস্যাশ্রমঃ শ্রীমান্ বিনীত[3]মুনিসেবিতঃ ॥ ২৪ ॥
দেবলোকার্চ্চিতঃ সাধুর্হিতে নিত্যং রতঃ সতাম্।
অস্মান[4]ভিগতানেষ শ্রেয়সা যোজয়িষ্যতি ॥ ২৫ ॥

২৩। টিপ্পনী। কদাচিৎ কালেয়নামাসুরগণো বৃত্রবধানন্তরমমরেভ্যঃ পরিত্রস্তঃ সমুদ্রমাশ্রিত্য বর্ত্তমানো রাত্রৌ তত উত্থায় মুনীন্ বিপ্রকুর্ব্বন্নাসীৎ। অনালক্ষিতমুনিক্ষয়কারণৈর্দেবৈস্তেষামপচয়প্রতিবিধিমজানদ্ভির্বিজ্ঞাপিতো বিষ্ণুস্তান্ মুনীনামপচয়কারণং প্রাবোধয়ৎ। অন্তরেণ সমুদ্রশোষণমসুরাণাং বিনাশোঽশক্যস্তচ্চ শোষণমন্তরেণাগস্ত্যমসুকরমিতি মত্বা দেবৈঃ সমুদ্রশোষণায়ানুনীতোঽগস্ত্যঃ সমুদ্রং পপৌ। পীতে সমুদ্রে নিরাশ্রয়া দানবা দেবৈর্হতাঃ, ইতীয়মগস্ত্যকৃতা সমুদ্রশোষণবার্ত্তা মহাভারতে বনপর্বণি (১০২-১০৫ অঃ) দ্রষ্টব্যা।

২৪। টিপ্পনী। দীপ্ততপসঃ দীপ্তম্ উগ্রং তপো যস্য তস্য। বিনীতাঃ শান্তাঃ।

২৫। টিপ্পনী। নিত্যং সতাং সাধুনাং হিতে রতাঃ। অভিগতান্ প্রাপ্তান্ অস্মান্ শ্রেয়সা যোজয়িষ্যতি অস্মাকং শ্রেয়ো বিধাস্যতি। শ্রেয়সা কল্যাণবচনেন যোজয়িষ্যতি আশীর্ব্বচনমুচ্চারয়িষ্যতীত্যর্থঃ। শিরোঃ।

সূর্য্যের প্রতি ক্রোধনিবন্ধন বর্দ্ধমান পর্ব্বতপ্রধান সুমহান্ বিন্ধ্যশৈল তাঁহার আদেশ পালন করিয়া [আর] বর্দ্ধিত হইতেছে না ॥ ২২ ॥

দানবগণের সংহারনিমিত্ত ইন্দ্রসহিত দেবগণের দ্বারা প্রার্থিত হইয়া তিনি তিমি এবং নক্র (কুম্ভীর)-সমূহে সমাকুল সমুদ্রও পান করিয়াছিলেন ॥ ২৩ ॥

উগ্র-তপস্যাসম্পন্ন জগতে বিখ্যাততেজা সেই অগস্ত্যের শ্রীমান্ শান্তমুনিগণনিষেবিত এই আশ্রম ॥ ২৪ ॥

দেবলোকে পূজিত, সাধুস্বভাব [এবং] সর্ব্বদা সজ্জনগণের হিতসাধনে নিরত এই অগস্ত্য [তৎসমীপে] সমাগত আমাদিগের মঙ্গল সাধন করিবেন ॥ ২৫ ॥

১। ঙ 'প্রমাণিতঃ', ড 'প্রসাদকঃ'। ২। ঝ 'তস্যাস্য দীর্ঘ-'। ৩। ঙ '-তৈর্মুনি-'। ৪। য '-নধিগতা-'।

[১]আরাধয়িষ্যাম্যত্রাহমগস্ত্যং[২] মুনিসত্তমম্ ।
[৩]বনবাসস্য কালঞ্চ[৪] শেষং বৎস্যামহে বয়ম্ ॥ ২৬ ॥
অত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ সভূতাঃ[৫] সহচারণাঃ ।
[৬]অগস্ত্যং নিয়তাহারাঃ সততং পর্য্যুপাসতে ॥ ২৭ ॥
নাত্র জীবেন্মৃষাবাদী[৭] ক্রূরো[৮] নৈকৃতিকোঽশুচিঃ ।
নৃশংসঃ পাপবৃত্তো[৯] বা মুনির্হ্যেষ[১০] তথাবিধঃ ॥ ২৮ ॥

২৬। লো-টী। কালং ব্যাপ্য।
২৮। লো-টী। নৈকৃতিকো বঞ্চকঃ।

২৬। টিপ্পনী। বনবাসস্য শেষম্ অবশিষ্টম্ অনতীতং কালং বৎস্যামহে অত্রৈব স্থাস্যামঃ।

২৭। টিপ্পনী। দেবাদয়ো নিয়তাহারাঃ সন্তোঽগস্ত্যং পর্য্যুপাসতে সেবন্তে। ভূতা দেবযোনিবিশেষাঃ। চারণা গন্ধর্ব্ববিশেষাঃ। 'গন্ধর্ব্বাণাং ততো লোকঃ পরতঃ শতযোজনাৎ। দেবানাং গায়নাস্তে তু চারণাঃ স্তুতিপাঠকাঃ॥' ইতি পাদ্মে।

২৮। টিপ্পনী। স্থানপ্রভাবমাহ- নাত্রেতি। মৃষাবাদী মিথ্যাকথনশীলঃ। পাপবৃত্তঃ পাপাচারঃ। নৃশংসো ঘাতুকঃ। মৃষাবাদিক্রূরাদির্নাত্র জীবেৎ ন জীবিতঃ স্যাৎ। 'নৃশংসঃ পাপবৃত্তো বা মুনিরেষ তথাবিধঃ' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।৯০)। মৃষাবাদ্যাদিরত্র অস্মিন্নাশ্রমে ন জীবেৎ। তত্র হেতুঃ—এষ মুনিস্তথাবিধঃ নিষিদ্ধকর্ম্মাসহিষ্ণুঃ। শিরোঃ।

আমি এই স্থানে মুনিশ্রেষ্ঠ অগস্ত্যের আরাধনা করিব এবং আমরা বনবাসের অবশিষ্ট সময় এই স্থানেই বাস করিব ॥ ২৬ ॥

এই স্থানে দেববৃন্দ, গন্ধর্ব্ব ভূত এবং চারণগণের সহিত নিয়তাহার হইয়া সর্ব্বদা অগস্ত্যের উপাসনা করিয়া থাকেন ॥ ২৭ ॥

[এই আশ্রমের এমন প্রভাব যে] এই স্থানে মিথ্যাবাদী ক্রূরস্বভাব প্রবঞ্চক অশুচি নৃশংস অথবা পাপাচার ব্যক্তি জীবিত থাকিতে পারে না ; যে হেতু, মুনিও সেইরূপ (অর্থাৎ শাস্ত্রবিগর্হিত এই সমস্ত কার্য্য সহ্য করিতে পারেন না) ॥ ২৮ ॥

১। ঙ 'আনায়য়ি-'। ২। ঙ '-ষ্যমুনি-', ছ-ঠ-ড '-স্যামৃষি-'। ৩। ঠ 'বনমাসাদ্য', ড 'বনে বাসঞ্চ শেষঞ্চ কালং'। ৪। ঘ-ঙ-ছ-ঠ 'শেষঞ্চ কালং', ঝ 'শেষস্য কালং'। ৫। ঘ 'সহভূতাঃ সচারণাঃ'। ৬। ঘ-ছ-পুস্তকয়োরত আরভ্য অষ্টাবিংশশ্লোকান্তোঽংশো নাস্তি। ৭। ঠ-ড 'কশ্চিন্মৃ-'। ৮। ঠ-ড 'ন ক্রূরোঽনৃতিকোঽ-'। ৯। ঠ-ড 'কাম-'। ১০। ক-ঘ-ঙ-ছ 'অনিষ্টো যস্তথা-', ঝ 'অনিষ্টো যস্তথা-'।

পন্নগা গুহ্যকাশ্চৈব তথা[1] বিদ্যাধরাদয়ঃ।
বসন্তি[2] নিয়তাহারা মুনিমারাধয়িষ্ণবঃ[3] ॥ ২৯ ॥
অত্র সিদ্ধা মহাত্মানো বিমানৈঃ[4] সূর্য্যসন্নিভৈঃ।
ত্যক্ত্বা দেহান্ নবৈর্দ্দেহৈঃ[5] স্বর্যাতাঃ[6] পরমর্ষয়ঃ ॥ ৩০ ॥
যক্ষত্বমমরত্বঞ্চ রাজ্যানি চ ধনানি চ।
নরাণামত্র ভগবান্[7] বিদধে[8] তপসা বিভুঃ ॥ ৩১ ॥

২৯। টিপ্পনী। পন্নগাদয়ো দেবযোনিবিশেষাঃ। আরাধয়িষ্ণব আরাধয়িতুমিচ্ছবঃ। আরাধয়িষ্ণব আরাধয়ন্তঃ, ছান্দস ইষ্ণুচ্। গোঃ রাঃ।

৩০। টিপ্পনী। সিদ্ধাস্তপঃসিদ্ধাঃ সন্তঃ। দেহাংস্ত্যক্ত্বা নবৈর্দেহৈর্বিশিষ্টাঃ সূর্য্যসন্নিভৈর্বিমানৈস্তান্যারুহ্যেত্যর্থঃ, স্বর্যাতাঃ স্বর্গতা ভবন্তি।

৩১। টিপ্পনী। ভগবান্ বিভুঃ অলৌকিকপ্রভাবসম্পন্নোঽগস্ত্যস্তপসা স্বতপোবলেন নরাণাং যক্ষত্বাদীনি বিদধে বিধত্তে 'অত্র দেবাঃ প্রযচ্ছন্তি ভূতৈরারাধিতাঃ শুভৈঃ' ইতি পাশ্চাত্যাঃ (৩।১১।৯৩)।

মুনির আরাধনা করিতে অভিলাষী পন্নগ, গুহ্যক এবং বিদ্যাধরাদি [দেবযোনিগণ] নিয়তাহার হইয়া [এই স্থানে] বাস করিয়া থাকেন ॥ ২৯ ॥

মহাত্মা মহর্ষিগণ এই স্থানে তপঃসিদ্ধ হইয়া দেহত্যাগানন্তর সূর্য্যসন্নিভ বিমানে আরোহণপূর্ব্বক নূতন দেহে স্বর্গে গমন করেন ॥ ৩০ ॥

এই স্থানে [অলৌকিক-] প্রভাবশালী ভগবান্ [অগস্ত্য] তপোবলে মনুষ্যদিগকে [কামনানুরূপ] যক্ষত্ব, দেবত্ব, রাজ্য এবং ধন প্রদান করিয়া থাকেন ॥ ৩১ ॥

১। ঙ 'তত্র'। ২। ঙ 'রমন্তি', ছ 'চরন্তি'। ৩। ঠ '-ধয়ন্তি তে'। ৪। ঙ 'বিমলৈঃ'। ৫। ব 'বরৈ-'। ৬। ঙ 'স্বর্গতাঃ'। ৭। ব 'বিদধে ভগবাংস্ত-'। ৮। ছ 'বিধত্তে'।

১
এবং স রাজেন্দ্রসুতো ব্রুবন্ গুণান্
ঋষেরগস্ত্যস্য চিরায় রাঘবঃ।
২ ৩
প্রাপ্তঃ ক্রমাদ্ দ্বারমথাশ্রমস্য
যত্র স্থিতো দীপ্তবপুর্ম্মহাত্মা ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে অগস্ত্যাশ্রমবর্ণনং নাম সপ্তদশঃ সর্গঃ ॥ ১৭ ॥

৩২। টিপ্পনী। চিরায় দীর্ঘকালং ব্যাপ্য অগস্ত্যস্য গুণান্ ব্রুবন্ কীর্ত্তয়ন্ রাজেন্দ্র-সুতো রামঃ ক্রমাদ্ আশ্রমস্য দ্বারং প্রাপ্তঃ। যত্রাশ্রমে দীপ্তবপুরুজ্জ্বলকান্তির্মহাত্মা অগস্ত্যঃ স্থিত আসীৎ।

অতঃপর, রাজেন্দ্রতনয় রঘুনন্দন রামচন্দ্র দীর্ঘকাল ব্যাপিয়া এইরূপে ঋষি অগস্ত্যের গুণাবলী বর্ণন করিতে করিতে ক্রমে আশ্রমের দ্বারদেশে উপস্থিত হইলেন, যে আশ্রমে প্রদীপ্তকলেবর মহাত্মা অগস্ত্য অবস্থান করিতেছিলেন ॥ ৩২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে অগস্ত্যাশ্রমবর্ণন-নামক সপ্তদশ সর্গ সমাপ্ত ॥ ১৭ ॥

১। ছ-ঠ-ড '-বরো'। ২। ঘ-ঠ 'ততঃ'। ৩। ঠ '-দক্ষিকমাশ্র-'।

অষ্টাদশঃ সর্গঃ

স্থিতস্ত্বমরসংকাশো মহাবলপরাক্রমঃ।
রাঘবঃ সহ বৈদেহ্যা লক্ষ্মণং বাক্যমব্রবীৎ ॥ ১ ॥
সংপ্রাপ্তাঃ[1] স্মাশ্রমপদং সৌমিত্রে প্রবিশাগ্রতঃ[2]।
নিবেদয়[3] চ মাং প্রাপ্তমৃষয়ে সহ সীতয়া[4] ॥ ২ ॥
স প্রবিশ্যাশ্রমপদং লক্ষ্মণো[5] রাঘবাজ্ঞয়া।
অগস্ত্যশিষ্যমাসাদ্য বাক্যমেতদুবাচ হ ॥ ৩ ॥
রাজা দশরথো নাম জ্যেষ্ঠস্তস্য সুতো বলী।
রামো নাম মহাভাগ[6] মুনিং দ্রষ্টুমিহেচ্ছতি[7] ॥ ৪ ॥

১। টিপ্পনী। বৈদেহ্যা সহ অমরসঙ্কাশো দেবপ্রভঃ রাঘবঃ স্থিত আশ্রমদ্বারি দণ্ডায়মানঃ সন্ বাক্যমব্রবীৎ।

২। টিপ্পনী। সংপ্রাপ্তাঃ স্ম স্মঃ। অগ্রতোঽগ্রে। মাং প্রাপ্তং নিবেদয় অহমত্র সমাগত ইতি নিবেদয়।

৩। টিপ্পনী। আসাদ্য প্রাপ্য।

৪। টিপ্পনী। হে মহাভাগ। বলী মহাবলঃ।

মহাবলপরাক্রম দেবপ্রভ রামচন্দ্র বৈদেহীর সহিত [আশ্রমদ্বারে] দণ্ডায়মান থাকিয়া লক্ষ্মণকে [এই] বাক্য বলিলেন—॥ ১ ॥

হে সৌমিত্রে, আমরা আশ্রমস্থানে উপস্থিত হইয়াছি, তুমি অগ্রে প্রবেশ কর এবং সীতার সহিত আমি উপস্থিত হইয়াছি, [ইহা] মহর্ষির নিকট নিবেদন কর ॥ ২ ॥

রামচন্দ্রের আজ্ঞায় সেই লক্ষ্মণ আশ্রমস্থানে প্রবেশপূর্ব্বক অগস্ত্যশিষ্যের নিকট উপস্থিত হইয়া এই বাক্য বলিলেন—॥ ৩ ॥

১। ছ 'সংপ্রাপ্তমা-'। ২। ঝ '-শাশ্রমম্'। ৩। ঘ '-দয়েতি,' ঙ '-দয়ত'। ৪। ঙ 'সীতয়া সহ'। ৫। ঝ 'বাক্যমব্রবীৎ'। ৬ ঘ-ঙ-ঝ '-ভাগো,' ড '-বাহুম্মুনিং'। ৭। ড '-মিহাগতঃ'।

লক্ষ্মণো নাম তস্যাহং ভ্রাতা পৃষ্ঠানুগো[১] হিতঃ।
সদারঃ স[২] চ তেজস্বী মুনিং দ্রষ্টু মিহাগতঃ[৩] ॥ ৫ ॥
প্রিয়ঃ[৪] সর্ব্বস্য লোকস্য প্রিয়ধর্ম্মশ্চ স প্রভুঃ।
অনুরক্তজনশ্চৈব যদি তে শ্রুতিমাগতঃ ॥ ৬ ॥
তে বয়ং মুনিমুদ্দিশ্য ভগবন্তমুপাগতাঃ।
দ্রষ্টু মিচ্ছামহে সর্বে ত্বৎপ্রসাদান্মহামুনিম্ ॥ ৭ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা লক্ষ্মণস্য তপোধনঃ।
তথেত্যুক্ত্বাশ্রমপদং প্রবিবেশ নিবেদকঃ[৫] ॥ ৮ ॥

৫। টিপ্পনী। পৃষ্ঠানুগঃ পৃষ্ঠতোঽনুগমনশীলঃ। হিতঃ শুভকারী।

৬। টিপ্পনী। স রামঃ প্রিয়ধর্ম্মো ধর্ম্মবৎসলঃ প্রভুঃ প্রভাববিশিষ্টঃ অনুরক্তজনঃ জনানাম্ অনুরাগভাজনঞ্চ। যদীতি সম্ভাবনায়াম্, তদ্বিষয়কং শ্রবণং তবাপি সম্ভাবিতমিত্যর্থঃ।

৭। টিপ্পনী। ইচ্ছামহে ইচ্ছামঃ।

৮। টিপ্পনী। নিবেদকো নিবেদয়িতুং বার্ত্তামিতি শেষঃ। 'তুমুন্ণ্বুলৌ ক্রিয়ায়াং ক্রিয়ার্থায়া'মিতি তুমুন্‌সমানার্থো ণ্বুল্ প্রত্যয়ঃ।

হে মহাভাগ, দশরথ নামে [এক] রাজা ছিলেন; রামনামক তাঁহার মহাবল জ্যেষ্ঠ পুত্র এই স্থানে মুনিকে দর্শন করিবার ইচ্ছা করিতেছেন ॥ ৪ ॥

লক্ষ্মণনামে তাঁহার পশ্চাৎ অনুগামী শুভানুধ্যায়ী ভ্রাতা আমি এবং সদার তেজস্বী রামচন্দ্র মুনিকে দর্শন করিবার নিমিত্ত এই স্থানে আগমন করিয়াছি ॥ ৫ ॥

রামচন্দ্র সমস্তলোকের প্রিয়, ধর্ম্মবৎসল, প্রভাবশালী এবং জনগণের অনুরাগভাজন; তাঁহার কথা আপনার শ্রুতিগোচর হইয়া থাকিবে ॥ ৬ ॥

সেই আমরা ভগবান্ [অগস্ত্য-] মুনিকে লক্ষ্য করিয়া [এই স্থানে] সমাগত হইয়াছি; আমরা সকলে আপনার অনুগ্রহে মহর্ষিকে দর্শন করিবার অভিলাষ করি ॥ ৭ ॥

১। ক-ঋ 'তদনুজো', ঙ 'চৈবানুগো'। ২। ক-ঙ 'স হ', ঠ 'স হি'। ৩। ঘ-ঙ '-মিহেচ্ছতি'। ৪। ঘ 'প্রিয়বিপ্রশ্চ', ঙ-ঋ 'প্রিয়ো বিপ্রস্য,' ছ 'প্রিয়সর্বঃ স চ', ড 'প্রিয়বিপ্রশ্চ সত্তমঃ'। ৫। ক-ঘ 'নিবেদিতুম্'।

প্রবিশ্য চাগ্নিশরণং তমৃষিং[1] দুষ্প্রধর্ষণম্ ।
কৃতাঞ্জলিরুবাচেদং বচনং শ্লক্ষ্ণয়া গিরা ॥ ৯ ॥
পুত্রো দশরথস্যাসৌ[2] রামো[3] নাম মহাযশাঃ ।
সহ ভ্রাত্রাশ্রমদ্বারি ভার্য্যয়া সহ তিষ্ঠতি ॥ ১০ ॥
ভবন্তমিচ্ছতি[4] দ্রষ্টুং শুশ্রূষার্থমরিন্দমঃ[5] ।
যদত্রানন্তরং[6] কার্য্যং[7] তদাজ্ঞাপয় মে মুনে ॥ ১১ ॥
ততঃ শিষ্যাদুপশ্রুত্য প্রাপ্তং রামং সলক্ষ্মণম্ ।
বৈদেহীঞ্চ মহাভাগামিদং বচনমব্রবীৎ ॥ ১২ ॥

৯। টিপ্পনী। অগ্নিশরণম্ অগ্নিগৃহং প্রবিশ্য দুষ্প্রধর্ষণম্ অতিদুর্দ্ধর্ষম্ ঋষিং শ্লক্ষ্ণয়া মধুরয়া গিরা বাক্যেন ইদং বক্ষ্যমাণং বচনমুবাচ।

১১। টিপ্পনী। শুশ্রূষার্থং সেবার্থম্। অরিন্দমঃ শত্রুদমনঃ। অত্রাস্মিন্ বিষয়ে অনন্তরম্ অতঃ পরং যৎ কার্য্যং কর্ত্তব্যং তদাজ্ঞাপয়।

১২। টিপ্পনী। রামং প্রাপ্তং বৈদেহীঞ্চ প্রাপ্তামুপশ্রুত্য শ্রুত্বা।

তপোধন [অগস্ত্যশিষ্য] সেই লক্ষ্মণের তাদৃশ বাক্য শ্রবণপূর্ব্বক 'তথাস্তু' ইহা বলিয়া [রামাদির আগমন] নিবেদন করিবার জন্য আশ্রমস্থানে প্রবেশ করিলেন এবং অগ্নিগৃহে প্রবেশ করিয়া অতিদুর্দ্ধর্ষ সেই ঋষিকে কৃতাঞ্জলিপুটে মধুরবাক্যে এই কথা বলিলেন—॥ ৮-৯ ॥

দশরথের রামনামক মহাযশঃসম্পন্ন পুত্র, ভ্রাতা এবং ভার্য্যার সহিত আশ্রমদ্বারে অবস্থান করিতেছেন ॥ ১০ ॥

হে মুনে, [আপনার] আরাধনার্থ শত্রুদমন রাম আপনাকে দর্শন করিতে ইচ্ছা করেন ; এই বিষয়ে অনন্তর যাহা কর্ত্তব্য, আমার প্রতি তাহা আজ্ঞা করুন ॥ ১১ ॥

সলক্ষ্মণ রাম এবং মহাভাগা বৈদেহী উপস্থিত হইয়াছেন, শিষ্যের নিকট [ইহা] শ্রবণ করিয়া তদনন্তর অগস্ত্য এই বাক্য বলিলেন—॥ ১২ ॥

১। ছ '-শমৃষিং দৃষ্ট্বা প্রধর্ষণম্'। ২। ছ '-স্যাত্র'। ৩। ড 'রামনাম-'। ৪। ঙ '-মর্হতি'। ৫। ক-ঠ '-মিহাগতঃ'। ৬। ঠ 'বিচার্য্যা-'। ৭। ঠ 'যদা-'।

দিষ্ট্যা রামো মহাবাহুঃ সভার্য্যো মামুপাগতঃ।[1]
মনসা কাঙ্ক্ষিতং তস্য[2] মমাপ্যাগমনং[3] স্বয়ম্ ॥ ১৩ ॥
গম্যতাং সৎকৃতো রামঃ সভার্য্যঃ সহলক্ষ্মণঃ।
প্রবেশ্যতামিহ[4] ক্ষিপ্রং[5] কিঞ্চাসৌ[6] ন প্রবেশিতঃ ॥ ১৪ ॥
এবমুক্তস্তদা তেন ধর্ম্মজ্ঞেন তপস্বিনা।
অভিবাদ্যাব্রবীচ্ছিষ্যস্তথেতি[7] নিয়তাঞ্জলিঃ ॥ ১৫ ॥
ততো নিষ্ক্রম্য সম্ভ্রান্তঃ শিষ্যো লক্ষ্মণমব্রবীৎ।
ক্কাসৌ রামো মহাবাহুঃ সৌমিত্রে দর্শয়স্ব মে ॥ ১৬ ॥

১৩। টিপ্পনী। রামো মামুপাগতঃ দিষ্ট্যা ভাগ্যমেতৎ, যতো তস্যাগমনং স্বয়ং মমাপি কাঙ্ক্ষিতম্।

১৪। টিপ্পনী। গম্যতাম্, রামঃ প্রবেশ্যতাম্; কিং বা কিমর্থং ক্কাসৌ এতাবন্তং কালং ন প্রবেশিতঃ, শ্লাঘ্যতমেঽস্মিন্ রামপ্রবেশকর্ম্মণি মদাজ্ঞাপেক্ষিণা বৃথৈব ত্বয়া চিরায়িতমিতি ভাবঃ। সৎকৃত আচারোপচারব্যবহারৈরিত্যর্থঃ। তিঃ।

১৫। টিপ্পনী। নিয়তাঞ্জলির্বদ্ধাঞ্জলিঃ।

১৬। টিপ্পনী। সম্ভ্রান্তস্ত্বরিত আদৃতো বা।

সৌভাগ্যের বিষয়, মহাবাহু রাম ভার্য্যাসমভিব্যাহারে আমার নিকট আগমন করিয়াছেন; আমি নিজেও মনে মনে তাঁহার আগমন কামনা করিতে ছিলাম ॥ ১৩ ॥

তুমি যাও, সভার্য্য সলক্ষ্মণ রামকে সৎকৃত করিয়া অবিলম্বে এই আশ্রমে প্রবেশ করাও; কেনই বা তুমি তাঁহাকে [এতক্ষণ] প্রবেশ করাও নাই? ॥ ১৪ ॥

সেই ধর্ম্মজ্ঞ তপস্বিকর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া শিষ্য তখন অভিবাদন করত অঞ্জলিবন্ধনপূর্ব্বক 'তাহাই হইবে' এই কথা বলিলেন ॥ ১৫ ॥

১। ঘ '-র্য্যোঽস্মমু-'। ২। ঙ-ঠ-ড 'হৃষ্ট', ছ 'যস্ত'। ৩। ঙ-ড 'মমাপ্যাগ-', ছ 'মম হ্যাগ-'। ৪। ঘ-ঙ 'প্রবি-'। ৫। ঘ-ছ-ঠ-ড '-মিতি'। ৬। ছ-ঠ-ড 'কিং বাসৌ'। ৭। ড '-ব্রবীদ্বাক্যং তথেতি'।

ক্ব চাস্য ভার্য্যা বৈদেহী নিত্যং ভর্ত্তৃহিতে রতা।
মহর্ষিবচনাৎ[1] তাত দ্রষ্টুমিচ্ছামি তাবুভৌ ॥ ১৭ ॥
ততো গত্বাশ্রমদ্বারং[2] শিষ্যেণ সহ লক্ষ্মণঃ।
দর্শয়ামাস কাকুৎস্থং সীতাঞ্চ জনকাত্মজাম্ ॥ ১৮ ॥
স দৃষ্ট্বা তমুবাচেদং মুনিরিক্ষ্বাকুনন্দনম্।
স্বাগতং তব রাজেন্দ্র মৈথিল্যা লক্ষ্মণস্য চ ॥ ১৯ ॥
ইতি স প্রস্থৈর্বাক্যৈরগস্ত্যবচনাদথ[3]।
প্রাবেশয়দ্ যথান্যায়ং সৎকারার্হং[4] সুসৎকৃতম্ ॥ ২০ ॥

২০। লো-টী। প্রস্থৈঃ সবিনয়ৈঃ।

২০। টিপ্পনী। সৎকারার্হং সৎকারযোগ্যম্ অতঃ প্রস্থৈর্বিনয়ান্বিতৈর্বাক্যৈঃ সুসৎকৃতং সম্যক্ সংকৃতং কৃত্বা যথান্যায়ং যথাবিধি সম্যগরূপেণ পথিপ্রদর্শনাদিপুরঃসরমিত্যর্থঃ, প্রাবেশয়ৎ আশ্রমং প্রবেশয়িতুং প্রবৃত্তোঽভূৎ।

অতঃপর, ত্বরাযুক্ত শিষ্য [অগ্নিগৃহ হইতে] নিষ্ক্রান্ত হইয়া লক্ষ্মণকে বলিলেন—হে সৌমিত্রে, মহাবাহু সেই রামচন্দ্র কোথায়, আমাকে দেখাইয়া দেও ॥ ১৬ ॥

হে তাত, সর্ব্বদা ভর্ত্তৃহিতে রতা তাহার ভার্য্যা বৈদেহীই বা কোথায়? মহর্ষির আজ্ঞানুসারে তাঁহাদের উভয়কে আমি দর্শন করিতে ইচ্ছা করি ॥ ১৭ ॥

অতঃপর, লক্ষ্মণ শিষ্যের সহিত আশ্রমদ্বারে গমনপূর্ব্বক রামচন্দ্রকে এবং জনকতনয়া সীতাকে দেখাইয়া দিলেন ॥ ১৮ ॥

সেই মুনি ইক্ষ্বাকুনন্দন রামচন্দ্রকে দর্শন করিয়া ইহা বলিলেন—হে রাজেন্দ্র, আপনার, মৈথিলীর এবং লক্ষ্মণের শুভাগমন হউক ॥ ১৯ ॥

১। ঘ '-র্ষেব্ব-'। ২। ছ '-দ্বারি'। ৩। ঘ-ঙ-ড 'প্রশ্রিতৈ-', ছ 'প্রশ্রয়ৈ-'। ৪। ঙ '-রার্থং'।

প্রবিবেশ ততো রাম আশ্রমং পুণ্যকর্ম্মণঃ।
প্রশান্তমৃগসঙ্কীর্ণং[১] সমন্তাদবলোকয়ন্ ॥ ২১ ॥
ততঃ[২] শিষ্যৈঃ পরিবৃতো নিশ্চক্রাম মহামুনিঃ।
কৃষ্ণাজিনাম্বরধরৈশ্চীরবল্কলধারিভিঃ[৩] ॥ ২২ ॥
[৪]স্নাতৈঃ স্বধর্ম্মনিরতৈঃ প্রশান্তৈর্দগ্ধকিল্বিষৈঃ।
মহাব্রতধরৈঃ[৫] সিদ্ধৈর্বৈখানসবিশেষিভিঃ[৬] ॥ ২৩ ॥

২৩। লো-টী। বৈখানসেভ্যো বিশিষ্যন্তে সাধুবাদেন প্রশস্যন্তে ইতি বৈখানসবিশেষিভিঃ।

২১। টিপ্পনী। প্রশান্তমৃগসঙ্কীর্ণং প্রশান্তৈর্ম্মৃগৈঃ সমাকীর্ণম্। সমন্তাদ্ দিশি দিশি অবলোকয়ন্ বীক্ষমাণঃ।

২২-২৩। টিপ্পনী। মহামুনিরগস্ত্যঃ শিষ্যৈঃ পরিবৃতঃ সন্ নিশ্চক্রাম অগ্নিশরণাৎ নির্গতোঽভূৎ। কীদৃশৈঃ শিষ্যৈস্তদাহ—কৃষ্ণেতি। কৃষ্ণাজিনরূপবস্ত্রাণাং ধরৈঃ। দগ্ধকিল্বিষৈ-র্দগ্ধপাপৈঃ। সিদ্ধৈস্তপঃসিদ্ধৈঃ। বৈখানসবিশেষিভিঃ বৈখানসানাং মুনিবিশেষাণাং বৈশিষ্ট্যযুক্তৈঃ।

অতঃপর, অগস্ত্যের বচনানুসারে অগস্ত্যশিষ্য সৎকারের যোগ্য রামচন্দ্রকে এইরূপ বিনীতবচনে সুসংকৃত করিয়া [আশ্রমমধ্যে] যথাবিধি (অর্থাৎ ভালরূপে পথপ্রদর্শনাদি করাইয়া) প্রবেশ করাইতে প্রবৃত্ত হইলেন ॥ ২০ ॥

অতঃপর, রামচন্দ্র চতুর্দ্দিক্ দেখিতে দেখিতে পুণ্যকর্ম্মা ঋষির প্রশান্তমৃগ-সমাকুল আশ্রমে প্রবিষ্ট হইলেন ॥ ২১ ॥

অতঃপর, কৃষ্ণাজিনরূপ বসনপরিহিত, চীরবল্কলধারী, স্নাত, স্বধর্ম্মনিরত, প্রশান্ত, দগ্ধপাপ, মহাব্রতধর, তপঃসিদ্ধ, বৈখানসগণের বৈশিষ্ট্যসম্পন্ন শিষ্যগণে পরিবৃত হইয়া মহামুনি [অগস্ত্য, অগ্নিগৃহ হইতে] নিষ্ক্রান্ত হইলেন ॥ ২২-২৩ ॥

১। অতঃ পরং ঙ-পুস্তকে 'তত্র চ ব্রহ্মণঃ স্থানং শিবস্থানং দদর্শ হ। অগ্নিস্থানমথেন্দ্রস্য স্থানং চৈব বিবস্বতঃ। ভৌমস্থানং ভবস্থানং কৌবেরস্থানমেব চ। স্থানং ধাতুর্বিধাতুশ্চ বায়ুস্থানং তথৈব চ। কার্ত্তিকেয়স্য চ স্থানং ধর্ম্মস্থানং তথৈব চ।' ইত্যধিকঃ। ২। ঝ 'তত্র'। ৩। ছ '-বাসিভিঃ'। ৪। ক-পুস্তকে অত আরভ্য চতুর্বিংশশ্লোকান্তোঽংশো নাস্তি, ঘ-ঝ-ড় 'স তৈঃ'। ৫। ঙ '-চরৈঃ'। ৬। ঠ '-নিষেবি-', ড় '-বিশেষকৈঃ'।

অভিগম্য ততো দৃষ্ট্বা বিনীতং রঘুনন্দনম্ ।
শনৈরুত্থায় ভগবান্ প্রত্যুদ্যাতঃ[১] স রাঘবম্ ॥ ২৪ ॥
তং দৃষ্ট্বা চোগ্রতপসং প্রজ্বলন্তমিবানলম্[২] ।
অগস্ত্যং স মুনিশ্রেষ্ঠং রামো লক্ষ্মণমব্রবীৎ[৩] ॥ ২৫ ॥
অয়মগ্নিরয়ং সোম এষ ধর্ম্মঃ সনাতনঃ ।
অস্মানিহাগতানেষ নিষ্ক্রম্যাভ্যুপগচ্ছতি ॥ ২৬ ॥

২৪। লো-টী। নিষ্ক্রমণপ্রকারমাহ—অভিগম্যেতি। শনৈরুত্থায় অভিগম্য তং রঘুনন্দনঞ্চ দৃষ্ট্বা দূরতো দৃষ্ট্বা রাঘবং প্রতি উদয়াৎ অগমৎ।

২৪। টিপ্পনী। অভিগম্য অগ্নিগৃহাৎ কিঞ্চিদ্ দূরমাগত্য রাঘবং দৃষ্ট্বা ভগবান্ শনৈরুত্থায় আগত্য ধীরগতিমবলম্ব্যেত্যর্থঃ, তং প্রত্যুদ্যাতঃ প্রত্যুদ্গতঃ তস্মৈ আদরপ্রদর্শনায় তম্ অভ্যুপজগামেত্যর্থঃ।

২৫। টিপ্পনী। প্রজ্বলন্তমনলমিব তেজঃপুঞ্জবিভাসিতং তং মুনিম্ অগস্ত্যং দৃষ্ট্বা স আশ্রমপ্রবিষ্টো রামঃ।

২৬। টিপ্পনী। নিষ্ক্রম্য অগ্নিগৃহাৎ নির্গত্য ইহাগতান্ অস্মান্ অভ্যুপগচ্ছতি অস্মৎসকাশমাগচ্ছতীত্যর্থঃ।

[অগ্নিগৃহ হইতে কিঞ্চিৎ দূরে] আসিয়া তদনন্তর ভগবান্ অগস্ত্য বিনয়সম্পন্ন রঘুনন্দন রামচন্দ্রকে দর্শন করত ধীরগমনে [তাঁহার] প্রত্যুদ্গমন করিলেন (অর্থাৎ অভ্যর্থনার্থ অগ্রসর হইলেন) ॥ ২৪ ॥

উগ্রতপঃসম্পন্ন প্রজ্বলিত অনলের ন্যায় [তেজঃপুঞ্জবিভাসিত] মুনিশ্রেষ্ঠ সেই অগস্ত্যকে দর্শন করিয়া [আশ্রমপ্রবিষ্ট] সেই রামচন্দ্র লক্ষ্মণকে বলিলেন—॥ ২৫ ॥

ইনিই অগ্নি, ইনিই সোম, ইনিই সনাতন ধর্ম্ম ; ইনি [অগ্নিগৃহ হইতে] নিষ্ক্রান্ত হইয়া এইস্থানে সমাগত আমাদিগের সমীপে আগমন করিতেছেন ॥ ২৬ ॥

১। ঙ-ড 'প্রত্যুদ্গম্য', ঋ 'প্রত্যুদিয়াৎ', ঠ 'প্রত্যুদ্গম্য চ'। ২। ছ 'জ্বলন্তমিব পাবকম্'। ৩। ছ 'বচন-'।

ঔদার্য্যেণাবগচ্ছামঃ[১] সোঽগস্ত্যোঽয়ং[২] ন সংশয়ঃ।
নিধানং তপসামেষ তেজোরাশির্ব্বিভাবসোঃ ॥ ২৭ ॥
অহো ভগবতস্তেজ ইত্যুক্ত্বোপেত্য[৩] চৈব হি[৪]।
জগ্রাহ পরমপ্রীতস্তস্য পাদাবৃষেস্তদা ॥ ২৮ ॥
সীতয়া সহ বৈদেহ্যা লক্ষ্মণেন চ রাঘবঃ।
অভিবাদ্য যথান্যায়ং তস্থৌ রামঃ কৃতাঞ্জলিঃ ॥ ২৯ ॥
অভিবাদিতবন্তঞ্চ[৫] রাঘবং সুমহাতপাঃ[৬]।
মূর্দ্ধন্যুপাঘ্রায়[৭] তদা নিষীদেত্যব্রবীন্মুনিঃ ॥ ৩০ ॥

২৭। লো-টী। ঔদার্য্যেণ দক্ষিণতয়া। গচ্ছামো জানীমঃ। নিধীয়তেঽস্মিন্নিতি নিধানমাশ্রয়ঃ। বিভাবসোঃ রবের্দত্তমাসনং যস্মৈ তম্ (?)।

২৭। টিপ্পনী। ঔদার্য্যেণ তেজোবিশেষজনিতৌন্নত্যেন। তিঃ। তেজোবিশেষরূপৌন্নত্যেন। গোঃ রাঃ। তপোজনিততেজোবিশেষোৎকর্ষেণ। শিরোঃ। বিভাবসোঃ সূর্য্যস্য তেজোরাশিরিব এষ মুনিস্তপসো নিধানং ভাণ্ডারম্।

২৮। টিপ্পনী। পাদৌ জগ্রাহ হস্তাভ্যাং মূর্দ্ধ্না চ পাদৌ স্পৃষ্ট্বা নমশ্চকারেত্যর্থঃ। তিঃ।

৩০। টিপ্পনী। অভিবাদিতবন্তং কৃতাভিবাদনম্। নিষীদ উপবিশ।

[ইহাঁর] উদারভাববশতঃ পরিজ্ঞাত হইতেছি, ইনিই সেই অগস্ত্য, [ইহাতে কোনও] সন্দেহ নাই। ভাস্করের তেজোরাশিসদৃশ এই মুনি তপস্যার ভাণ্ডার ॥ ২৭ ॥

'অহো, ভগবানের [কি অলোকসামান্য] দীপ্তি' ইহা বলিয়া এবং সমীপে গমন করিয়া পরমপ্রীত রামচন্দ্র তখন সেই ঋষির চরণদ্বয় গ্রহণ করিলেন ॥ ২৮ ॥

লক্ষ্মণ এবং বিদেহরাজনন্দিনী সীতার সহিত রঘুনন্দন রামচন্দ্র [তাঁহাকে] যথাবিধানে অভিবাদন করিয়া কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান রহিলেন ॥ ২৯ ॥

১। ক-ঘ '-গাপি', ঙ-ছ '-নৈব'। ২। ঘ-ঙ '-মি'। ৩। ড '-ক্তোৎপত্য'। ৪। ছ-ঠ 'হ'। ৫। ছ '-ন্তং হি'। ৬। ঙ-ঝ 'স মহা-'। ৭। ঙ '-পাদায়'।

দত্ত্বাসনং তদা[1] রামং বৈদেহীং লক্ষ্মণস্তথা।
অর্চ্চয়িত্বা তু[2] পপ্রচ্ছ কুশলানাময়ং[3] মুনিঃ ॥ ৩১ ॥
পৃষ্ট্বা[4] চানন্তরং[5] শিষ্যমুবাচেদং[6] বচস্তদা।
অগ্নৌ হুত্বা হবিঃ পূর্ব্বং[7] শেষং রামায় ধীমতে[8] ॥
প্রতিপাদয় সৎকৃত্য মন্ত্রবৎ প্রাশ্যতাময়ম্[9] ॥ ৩২ ॥
বানপ্রস্থেন বিধিনা সৎকারার্হো হি রাঘবঃ।
তস্মাদেনং সৎক্রিয়য়া সৎকরিষ্যেঽহমাগতম্ ॥ ৩৩ ॥

৩২। লো-টী। মন্ত্রবৎ হুত্বা শেষং প্রতিপাদয় সৎকৃত্য দেহি, ততোঽয়ং রামঃ প্রাশতাং প্রাশ্নীতাম্। 'প্রতিপাদয় সৎকৃত্যমব্রবীৎ প্রাশতাময়ম্' ইতি পাঠে সৎকৃত্যং হবিঃ অয়ং ভগবান্ প্রাশতাং প্রাশ্নীতামিতি অব্রবীৎ।

৩৩। লো-টী। সৎকরিষ্যে সৎকরোমি।

৩১। টিপ্পনী। দত্ত্বাসনং রামং তথা লক্ষ্মণম্, দত্ত্বাসনাং বৈদেহীঞ্চেতি লিঙ্গব্যত্যয়েনান্বয়ঃ। কুশলং কল্যাণম্, অনাময়ম্ আরোগ্যম্।

৩২। টিপ্পনী। অনন্তরং পার্শ্বস্থং শিষ্যমুবাচ। কিমিত্যাহ—অগ্নাবিতি। পূর্ব্বং হবিঃ হুত্বা শেষং হুতাবশেষং রামায় প্রতিপাদয় দেহি। অয়ং রাম এতৎ মন্ত্রবৎ মন্ত্রোচ্চারণপূর্ব্বকং প্রাশ্যতাং প্রাশ্নাতু ভুঙ্ক্তামিত্যর্থঃ।

৩৩। টিপ্পনী। হি যতঃ রাঘবো বানপ্রস্থেন বিধিনা ধর্ম্মেণ সৎকারার্হঃ সৎকর্ত্তুং যোগ্যঃ, তস্মাদেনং বানপ্রস্থোচিতয়া সৎক্রিয়য়া সৎকরিষ্যে।

সুমহাতপা (অতিকঠোরতপস্যাসম্পন্ন) মুনি কৃতপ্রণাম রামচন্দ্রকে তখন মস্তকে আঘ্রাণ করিয়া বলিলেন 'উপবেশন কর' ॥ ৩০ ॥

রাম সীতা এবং লক্ষ্মণকে আসন প্রদানপূর্ব্বক সৎকৃত করিয়া মুনি [অগস্ত্য] তখন [তাঁহাদিগের] কুশল ও অনাময় জিজ্ঞাসা করিলেন ॥ ৩১ ॥

আর, [কুশল ও অনাময়] জিজ্ঞাসা করিয়া তখন তিনি পার্শ্বস্থ শিষ্যকে এই বাক্য বলিলেন—অগ্রে হবির দ্বারা অগ্নিতে হোম করিয়া হুতাবশিষ্ট ধীমান্ রামচন্দ্রকে সৎকারপূর্ব্বক প্রদান কর ; রামচন্দ্র ইহা মন্ত্রোচ্চারণপূর্ব্বক ভক্ষণ করুন ॥ ৩২ ॥

১। ঘ 'তথা'। ২। ঠ 'চ'। ৩। ঠ '-লঃ কুশলং'। ৪। ছ-ঝ-ড 'দৃষ্ট্বা'। ৫। ঙ '-নাময়ং'। ৬। ছ '-বাচ বচনং তদা'। ৭। ঘ 'সর্ব্বং'। ৮। ঝ 'দীয়তাম্'। ৯। ঘ-ঝ 'প্রাশতা-', ঠ 'প্রাশ্যতামিদম্'।

রাজা সর্ব্বস্য লোকস্য ধর্ম্মচারী মহারথঃ[1]।
পূজনীয়শ্চ মান্যশ্চ প্রাপ্তো[2]ঽয়ং নঃ প্রিয়াতিথিঃ ॥ ৩৪ ॥

অয়ং সর্ব্বস্য লোকস্য গতির্নাথশ্চ রাঘবঃ।
লোকনাথমিমং প্রাপ্তং পূজয়িষ্যে যথাবিধি ॥ ৩৫ ॥

অপূজয়ন্[3] হি কাকুৎস্থ[4] তপস্বিনমুপাগতম্।
দুঃসাক্ষীব[5] পরে লোকে স্বানি মাংসানি[6] খাদতি ॥ ৩৬ ॥

৩৬। লো-টী। দুঃসাক্ষীব কূটসাক্ষীব।

৩৪। টিপ্পনী। মহারথঃ অতিরণকুশলঃ। 'রথেনৈকেন যঃ শত্রূন্ সাহঙ্কারো ব্রজত্যলম্। মহারথঃ স বিজ্ঞেয়ো যুদ্ধশাস্ত্রবিশারদঃ॥' রাজত্বাদিবিশেষণবিশিষ্টোঽস্মাকময়ং প্রিয়াতিথিঃ প্রাপ্ত উপাগতঃ।

৩৫। টিপ্পনী। নাথঃ প্রভুঃ।

৩৬। টিপ্পনী। রামমুদ্দিশ্যাহ—অপূজয়ন্নিতি। হে কাকুৎস্থ, উপাগতং তপস্বিনম্ অপূজয়ন্ জনঃ দুঃসাক্ষীব দুষ্টসাক্ষীব পরলোকে স্বানি মাংসানি খাদতি।

যেহেতু বানপ্রস্থবিধানানুসারে রামচন্দ্র [আমাদের] সৎকারের যোগ্য, কাজেই সমাগত ইঁহাকে আমি [বানপ্রস্থোচিত] সৎকারে সৎকৃত করিব ॥ ৩৩ ॥

সর্ব্বলোকের রাজা, ধর্ম্মাচরণশীল, মহারথ (অসাধারণ রণকুশল), পূজনীয় এবং মান্য আমাদের এই প্রিয় অতিথি উপস্থিত হইয়াছেন ॥ ৩৪ ॥

এই রামচন্দ্র সর্ব্বলোকের গতি এবং প্রভু; এই সমাগত লোকনাথকে আমি যথাবিধি অর্চ্চনা করিব ॥ ৩৫ ॥

হে কাকুৎস্থ, যে ব্যক্তি সমাগত তপস্বীকে পূজা করে না, সে পরলোকে দুষ্টসাক্ষীর ন্যায় স্বীয় মাংস ভোজন করে ॥ ৩৬ ॥

১। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ছ 'সংপ্রাপ্তোঽয়ং'। ৩। ঙ 'পূজয়ন্তি', ঝ 'পূজয়ন্নিহ'। ৪। ক-ঝ '-স্থং'। ৫। ঘ '-ক্ষী পরলোকে হি'। ৬। ঙ 'মাংসানি স্বানি'।

যো গৃহায়াতমতিথিং যথাশক্তি[1] ন পূজয়েৎ।
দত্ত্বা[2] স দুষ্কৃতং তস্য পুণ্যমাদায় গচ্ছতি ॥ ৩৭ ॥
এবমুক্ত্বা ফলৈর্মূলৈঃ পুষ্পৈরদ্ভিশ্চ রাঘবম্।
অর্চ্চয়িত্বা যথান্যায়ং পুনরেবাব্রবীদ্বচঃ ॥ ৩৮ ॥
ধনুর্ব্বরমিদং দিব্যং বজ্রহেমপরিষ্কৃতম্।
বৈষ্ণবং পুরুষব্যাঘ্র নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা ॥ ৩৯ ॥
অমোঘা ইষবশ্চেমে ব্রহ্মদত্তাঃ[3] সুতেজসঃ।
দত্তা[4] মহ্যং মহেন্দ্রেণ তূণৌ চাক্ষয়সায়কৌ ॥ ৪০ ॥
সংপূর্ণৌ নিশিতৈর্ব্বাণৈর্[5] জ্বলদ্ভিরিব পাবকৈঃ[6]।
মহাকোষনিবাসী[7] চ মহাসির্হেমবিগ্রহঃ ॥ ৪১ ॥

৩৭। লো-টী। অতিথয়ে পুণ্যং দত্ত্বা তস্যাতিথের্দুষ্কৃতং পাপমাদায় গচ্ছতি, স্বগৃহে পরলোকে বা।

৩৯। লো-টী। বজ্রং হীরকম্।

৪১। লো-টী। হেমবিগ্রহঃ স্বর্ণব্যাপ্তদেহঃ।

৩৭। টিপ্পনী। তস্মৈ পূজামকুর্ব্বতে জনায় দুষ্কৃতং পাপং দত্ত্বা।

৩৯-৪১। টিপ্পনী। বজ্রহেমপরিষ্কৃতং বজ্রেণ হেম্না চ পরিষ্কৃতং ভূষিতং বিশ্বকর্ম্মণা নির্ম্মিতম্ ইদং বৈষ্ণবং ধনুঃ, ব্রহ্মণা দত্তা ইমে চ অমোঘা ইষবো বাণাঃ, জ্বলদ্ভিঃ পাবকৈরিব নিশিতৈস্তীক্ষ্ণৈর্বাণৈঃ সম্পূর্ণৌ অক্ষয়সায়কৌ তূণৌ ইমৌ ইতি শেষঃ, মহাকোষনিবাসী মহাকোষে

যে ব্যক্তি গৃহাগত অতিথিকে যথাশক্তি পূজা করে না, [ঐ] অতিথি [তাহাকে] নিজ পাপরাশি প্রদানপূর্ব্বক তাহার পুণ্য গ্রহণ করিয়া গমন করেন ॥৩৭॥

এইরূপ বলিয়া ফল, মূল, পুষ্প এবং জলের দ্বারা রামচন্দ্রকে যথাবিধানে অর্চ্চনা করত [তাঁহাকে] পুনরায়ও [এই] বাক্য বলিলেন—॥ ৩৮ ॥

হে পুরুষব্যাঘ্র, হীরক ও স্বর্ণবিভূষিত অনুত্তম বিশ্বকর্ম্মনির্ম্মিত দিব্য এই বৈষ্ণব ধনু, ব্রহ্মপ্রদত্ত সুপ্রভ এই অমোঘ শরনিকর, প্রজ্বলিত পাবকসদৃশ তীক্ষ্ণ বাণে

১। ছ '-ন্যায়ং', ঝ '-শক্ত্যা'। ২। ঝ 'স দত্ত্বা'। ৩। ঝ '-দত্তাঃ'। ৪। ঠ 'দত্তৌ'। ৫। ঝ '-র্নৈর্নির্ম্মিতৈ-'। ৬। ক-ঠ 'পন্নগৈঃ'। ৭। ছ '-বাসশ্চ'।

অনেন ধনুষা রাম হত্বা সংখ্যে মহাসুরান্।
আজহার[১] শ্রিয়ং দীপ্তাং পুরা বিষ্ণুর্দ্দিবৌকসাম্ ॥ ৪২ ॥
ইদং ধনুঃ সতূণীরং খড়্গং চেমং[২] ময়োদ্যতম্।
জয়ায় প্রতিগৃহ্ণীষ্ব বজ্রং বজ্রধরো যথা ॥ ৪৩ ॥
পুরা চোক্তো[৩]হহমিন্দ্রেণ সহস্রাক্ষেণ রাঘব।
যদা রাম ইহাগচ্ছেৎ তস্মৈ দেয়মিদং ধনুঃ ॥ ৪৪ ॥

৪২। গো-টী। সংখ্যে যুদ্ধে হত্বা। 'সংখ্যে মহাসুরানি'তি পাঠঃ, অকারঃ প্রশ্লেষণীয়ঃ।

৪৩। গো-টী। ময়োদ্যতং ময়া দত্তম্।

নিহিতঃ হেমবিগ্রহঃ স্বর্ণব্যাপ্তাঙ্গোহয়ং মহাসিশ্চ মহেন্দ্রেণ মহ্যং দত্তা আসন্। বৈষ্ণবমিতি— পরশুরামাদ্ গৃহীত্বা বরুণহস্তে দত্তং যদ্রামেণ তদেব বরুণাদাদায় মহেন্দ্রোহগস্ত্যে নিহিতবানিতি কতকঃ। যোগেন মহেন্দ্রপদেনাত্র বরুণ এবেত্যন্যে। তিঃ।

৪২। টিপ্পনী। সংখ্যে সংগ্রামে মহাসুরান্ অনেন ধনুষা হত্বা বিষ্ণুর্দিবৌকসাং দেবানাং দীপ্তাং শ্রিয়ম্ আজহার পুনর্দেবাধিকারং প্রাপিতবান্।

৪৩। টিপ্পনী। জয়ায় জয়ং লব্ধুম্। 'বজ্রং বজ্রধরো যথা' ইত্যনেন স্বদীয়মেব ত্বয়া স্বীক্রিয়তে ইতি ধ্বনিতম্। তিঃ।

পরিপূর্ণ অক্ষয়সায়ক [এই] তূণদ্বয় এবং মহাকোষে নিবদ্ধ সুবর্ণাঙ্গ [এই] মহাখড়্গ দেবরাজ আমাকে প্রদান করিয়াছেন ॥ ৩৯-৪১ ॥

রাম, পূর্ব্বকালে বিষ্ণু এই শরাসনদ্বারা যুদ্ধে মহাসুরদিগকে সংহার করিয়া দেবগণের [অপহৃত] প্রদীপ্ত লক্ষ্মী উদ্ধার করিয়াছিলেন ॥ ৪২ ॥

বজ্রী যেরূপ বজ্র গ্রহণ করেন, জয়লাভের নিমিত্ত তুমিও সেইরূপ মৎপ্রদত্ত সতূণীর এই ধনু এবং এই খড়্গ গ্রহণ কর ॥ ৪৩ ॥

হে রাঘব, পূর্ব্বে সহস্রাক্ষ ইন্দ্র আমাকে বলিয়াছিলেন, 'যখন রাম এই স্থানে আগমন করিবেন, তখন আপনি তাঁহাকে এই ধনু প্রদান করিবেন' ॥ ৪৪ ॥

১। ঙ 'আজুহাব'। ২। ছ 'বেদং'। ৩। খ-ড '-ক্তো মহেন্দ্রে-'।

স ত্বং রাম চিরেণাসি সংপ্রাপ্তো হ্যস্মদাশ্রমম্।
গৃহাণ তদিদং দিব্যং ধনুর্ব্বরমনুত্তমম্ ॥ ৪৫ ॥
অনেন ধনুষা রাম কৃৎস্নস্য জগতস্তথা।
অবিষহ্যমপীন্দ্রস্য[১] বিজেতাসি পরন্তপ ॥ ৪৬ ॥
এবমুক্ত্বা মহাতেজাঃ সশরং তন্মহদ্ধনুঃ।
দত্ত্বা রামায় ভগবানগস্ত্যঃ পুনরব্রবীৎ ॥ ৪৭ ॥
ধনুষানেন কাকুৎস্থ যদা যোৎস্যসি সংযুগে।
ত্রয়াণামপি লোকানাং তদা শান্তির্ভবিষ্যতি ॥ ৪৮ ॥

৪৬। লো-টী। কৃৎস্নস্য জগত ইন্দ্রস্যাপি অবিষহ্যমসহনীয়ম্। বিজেতাসি জেষ্যসি।
৪৮। লো-টী। শান্তিঃ সুখম্ উপসর্গশান্তির্ব্বা।

৪৫। টিপ্পনী। চিরেণ দীর্ঘকালাৎ পরম্।
৪৬। টিপ্পনী। ইন্দ্রস্যাপি অবিষহ্যং তেনাপি অপ্রতিরোধ্যপরাক্রমং জনং বিজেতাসি পরাজেষ্যসে।
৪৮। টিপ্পনী। সংযুগে সংগ্রামে যদা যোৎস্যসি যুদ্ধং করিষ্যসি।

রাম, সেই তুমি দীর্ঘকাল পরে আমাদের আশ্রমে আসিয়া উপস্থিত হইয়াছ; তুমি এই সেই দিব্য অনুত্তম শ্রেষ্ঠ ধনু গ্রহণ কর ॥ ৪৫ ॥

হে রাম, হে শত্রুতাপন, এই ধনুর দ্বারা তুমি সমগ্র জগতের তথা ইন্দ্রেরও অবিষহ্য (অর্থাৎ ইন্দ্রও যাহার পরাক্রম প্রতিরোধ করিতে পারেন না তাদৃশ) ব্যক্তির পরাজয় সাধন করিবে ॥ ৪৬ ॥

এইরূপ বলিয়া মহাতেজঃসম্পন্ন ভগবান্ অগস্ত্য রামচন্দ্রকে সশর সেই মহাধনু প্রদানপূর্ব্বক পুনরায় বলিলেন—॥ ৪৭ ॥

হে কাকুৎস্থ, সংগ্রামে যখন তুমি এই ধনুর দ্বারা যুদ্ধ করিবে, সেই সময় লোকত্রয়েরই শান্তি [-লাভ] হইবে ॥ ৪৮ ॥

১। ঘ 'বিচেতাসি', ঋ 'বিজিতাসি'।

দত্ত্বা ধনুশ্চৈব শরাংশ্চ বিপ্রঃ খড়্গঞ্চ[১] তূণৌ চ পৃষৎকপূর্ণৌ।
বস্ত্রোত্তমঞ্চৈব[২] দদৌ মহাত্মা শক্রেণ[৩] দত্তে অপি[৪] কুণ্ডলে চ[৫] ॥ ৪৯ ॥
তদ্রাঘবোঽথ[৬] প্রতিগৃহ্য দত্তং মহাপ্রদানং[৭] মুনিনা প্রতীতঃ[৮]।
মহাদ্যুতির্ব্বীর্য্যগুণোপপন্নো[৯][১০] বচো[১১] মুনেরুত্তরমাচকাঙ্ক্ষ[১২][১৩] ॥ ৫০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে ধনুঃপ্রদানং নাম
অষ্টাদশঃ সর্গঃ ॥ ১৮ ॥

৫০। লো-টী। প্রতীতো হৃষ্টঃ। 'প্রতীক' ইতি পাঠে শত্রূণাং প্রতিকূলঃ; 'প্রতীকোঽবয়বেঽপি স্যাৎ প্রতিকূলবিনাশয়োরি'তি কোষঃ। 'প্রণীত' ইতি পাঠে বিনীতঃ। আচকাঙ্ক্ষ আকাঙ্ক্ষিতবান্।

৪৯। টিপ্পনী। পৃষৎকপূর্ণৌ বাণপূর্ণৌ তূণৌ।

৫০। টিপ্পনী। মুনিনা দত্তং মহাপ্রদানং মহার্হদানং প্রতিগৃহ্য প্রতীতো হৃষ্টচিত্তো রামঃ মুনেরুত্তরম্ অনন্তরং পরক্ষণে বক্তব্যমিতি যাবৎ, বচ আচকাঙ্ক্ষ অভিলষিতবান্।

মহাত্মা বিপ্র [অগস্ত্য] ধনু, শরনিকর, খড়্গ এবং বাণপূর্ণ তূণীরদ্বয় প্রদান করিয়া [একখানি] উত্তম বস্ত্র এবং ইন্দ্রপ্রদত্ত কুণ্ডলদ্বয়ও প্রদান করিলেন ॥ ৪৯ ॥

অতঃপর, মুনিপ্রদত্ত সেই মহার্হ দান গ্রহণ করিয়া প্রহৃষ্টচিত্ত মহাদ্যুতি বীর্য্যগুণসম্পন্ন রামচন্দ্র মুনির উত্তর বাক্যের (অর্থাৎ পরে যাহা বলিবেন তাহার) আকাঙ্ক্ষা করিতে লাগিলেন ॥ ৫০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে [অগস্ত্যের] ধনুঃপ্রভৃতিপ্রদান-নামক
অষ্টাদশ সর্গ সমাপ্ত ॥ ১৮ ॥

১। ছ-ঝ-ড 'খড়্গং স তূণৌ চ'। ২। ঠ 'বর্ম্মো-'। ৩। ছ-ড 'শক্রপ্রদত্তে'। ৪। ঘ-ঠ 'দত্তেঽপি চ'। ৫। ঘ-ঙ-ঠ-ড 'সঃ', ছ 'যে'। ৬। ঝ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৭। ছ '-প্রভাবং'। ৮। ড 'প্রণীতঃ'। ৯। ঠ '-গণো-'। ১০। ঙ '-পন্নং'। ১১। ঠ 'বয়ং মুনেরস্তরমাচকাঙ্ক্ষ', ঠ-টি 'বয়ং'। ১২। ঘ '-রদ্ভুতমাচকাঙ্ক্ষৎ', ঙ '-রুত্তম-'। ১৩। ছ '-চক্ষে'।

ঊনবিংশঃ সর্গঃ

পূজয়িত্বা যথান্যায়ং দৈবেন[1] বিধিনা মুনিঃ।
প্রশ্রিতং[2] বহুবিস্তারমগস্ত্যো বাক্যমব্রবীৎ ॥ ১ ॥
পুত্র প্রীতোঽস্মি তে রাম পরিতুষ্টোঽস্মি লক্ষ্মণ।
অভিবাদয়িতুং যস্মাৎ প্রাপ্তৌ স্থঃ সহ সীতয়া ॥ ২ ॥
অপি শ্রমো[3] ন বৈদেহীং[4] বাধতে রঘুনন্দন।
সীতা[5] হি সুকুমারাঙ্গী সুখৈশ্চ[6] ন বিনাকৃতা[7] ॥ ৩ ॥

৩। লো-টী। 'বৈদেহীমি'তি পাঠঃ। 'বৈদেহ্যা' ইতি পাঠে দ্বিতীয়ায়াং ষষ্ঠী। ন বিমানিতা ন পরিত্যক্তা ন দুঃখিনীত্যর্থঃ।

১। টিপ্পনী। দৈবেন বিধিনা দেবোচিতবিধানেন। প্রশ্রিতং বিনয়ান্বিতম্। বহুবিস্তারম্ অতিবিস্তৃতিসম্পন্নম্।

২। টিপ্পনী। মাম্ অভিবাদয়িতুং যদ্ যুবাং প্রাপ্তৌ সমাগতৌ স্থঃ, তস্মাৎ হে রাম তবাহং প্রীতোঽস্মি।

৩। টিপ্পনী। শ্রমোঽধ্বগমনায়াসঃ বৈদেহীং ন বাধতে ন দুঃখয়তি? অপিঃ প্রশ্নে। সীতায়া বাধসম্ভাবনায়াং হেতুমাহ—সীতেতি। হি যতঃ, সুখৈর্ন বিনাকৃতা ন কদাপি সুখ-পরিত্যক্তা অননুভূতদুঃখেত্যর্থঃ।

মুনি অগস্ত্য দেবোচিত বিধানে [রামচন্দ্রপ্রভৃতির] যথাযথ সৎকার করিয়া অতিবিস্তৃতিসম্পন্ন [এই] বিনীত বাক্য বলিলেন—॥ ১ ॥

আমাকে অভিবাদন করিবার নিমিত্ত তোমরা যে সীতার সহিত [এই স্থানে] সমাগত হইয়াছ, [ইহাতে] হে বৎস রাম, আমি তোমার প্রতি প্রীত হইয়াছি, হে [বৎস] লক্ষ্মণ, [তোমার প্রতিও] আমি পরিতুষ্ট হইয়াছি ॥ ২ ॥

হে রঘুনন্দন, [পথের] শ্রম ত সীতাকে ক্লেশ দিতেছে না? যেহেতু, সীতা সুকুমারাঙ্গী এবং [কখনও] সুখ-পরিত্যক্তা হয়েন নাই (অর্থাৎ তিনি কখনও কোন বিষয়ে দুঃখানুভব করেন নাই) ॥ ৩ ॥

১। ড 'দেবেন'। ২। ঘ-ঠ 'প্রশ্রিতং'। ৩। ড 'শ্রমেণ বৈদেহী বাধ্যতে'। ৪। ঙ 'বৈদেহ্যা'। ৫। ঘ 'সীতাতি-'। ৬। ঘ '-ধৈর্য্যবিরাজিতা'। ৭। ঙ-ঝ-ঠ-ড 'বিমানিতা'।

বহুদোষং বনং প্রাপ্তা[১] ভর্ত্তৃস্নেহেন[২] চোদিতা।
যথা রমেত বৈদেহী বনে রাম তথা কুরু ॥ ৪ ॥
দুষ্করং হি করোত্যেষা ত্বৎকৃতে বনমাগতা।
প্রকৃতির্হি সদা স্ত্রীণাং ভীরুত্বং ক্লৈব্যমেব চ ॥ ৫
সমস্থমনুরুধ্যন্তে[৩] [৪] বিষমস্থং ত্যজন্তি[৫] চ।
স্বভাব এষ[৬] হি স্ত্রীণাং সৃষ্টিশ্চ[৭] পুরুষর্ষভ ॥ ৬ ॥

৪। লো-টী। তথাপি বহুদোষমিতি।
৫। লো-টী। প্রকৃতিঃ স্বভাবঃ। ক্লৈব্যমনুত্তমঃ।
৬। লো-টী। সমস্থং সুখিনম্, বিষমস্থং দুঃখিনম্, স্ত্রীণাম্ এষ স্বভাব এব সৃষ্টিঃ, এতৎস্বভাবা বিধাতৃসৃষ্টিরিত্যর্থঃ।

৪। টিপ্পনী। ভর্ত্তৃস্নেহেন চোদিতা ভর্ত্তৃস্নেহপ্রণোদিতা সতী। যথা রমেত সুখেন কালং নয়েদিত্যর্থঃ।
৫। টিপ্পনী। এষা দুষ্করং কর্ম্ম করোতি, হি যতঃ সদা ভীরুত্বং ক্লৈব্যং কাতরতা চ স্ত্রীণাং প্রকৃতির্দ্ধর্ম্মঃ।
৬। টিপ্পনী। সমস্থং ধনধান্যাদিযুক্ততয়া সম্যগবস্থিতম্, বিষমস্থং দারিদ্র্যরোগাদিগ্রস্তম্। তিঃ। সমস্থং সম্পত্তিমন্তম্, বিষমস্থং বিপত্তিমন্তম্। শিরোঃ। সমস্থং সুস্থম্, বিষমস্থং দুর্দ্দশাপন্নম্। গোঃ রাঃ। হি যতঃ, চকার এবার্থে এষ স্বভাব এব সৃষ্টির্ব্বিধাতুরিতি শেষঃ।

সীতা ভর্ত্তৃস্নেহপ্রণোদিতা হইয়া বহুদোষপূর্ণ বনে আগমন করিয়াছেন; রাম, বনে যাহাতে তিনি সুখে কাল যাপন করিতে পারেন, তুমি তাহা কর ॥ ৪ ॥

তোমার জন্য বনে আগমন করিয়া ইনি দুষ্কর কর্ম্মই করিয়াছেন; যেহেতু সর্ব্বদা ভীরুতা এবং কাতরতাই স্ত্রীদিগের প্রকৃতি ॥ ৫ ॥

আর, স্ত্রীলোক সৌভাগ্যশালী ব্যক্তির আনুগত্য করে এবং দুর্দ্দশাপন্ন ব্যক্তিকে পরিত্যাগ করে; যেহেতু, হে পুরুষশ্রেষ্ঠ, স্ত্রীলোকের এই স্বভাবই [বিধাতার] সৃষ্টি ॥ ৬ ॥

১। খ 'পরিত্যজ্য'। ২। ক '-স্নেহপ্রচোদিতা'। ৩। খ '-স্থং বিষমস্থং বা পতিং ভীতাস্ত্যজন্তি হি'। ৪। ছ-ঢ় '-রজ্যন্তে', ঠ '-রম্যন্তে'। ৫। ঢ় 'হি'। ৬। খ 'এব'। ৭। ঘ 'দৃষ্টিশ্চ'।

শতহ্রদানাং লোলত্বং শস্ত্রাণাঞ্চাপি[১] তীক্ষ্ণতাম্[২]।
দহনানিলয়োঃ[৩] শৈঘ্র্যমনুকুর্ব্বন্তি যোষিতঃ ॥ ৭ ॥
ইয়ন্তু ভবতো ভার্য্যা দোষৈরেতৈর্ব্বিবর্জ্জিতা[৪]।
শ্লাঘ্যা চ ব্যপদেশ্যা[৫] চ যথা দেবেষ্বরুন্ধতী[৬][৭] ॥ ৮ ॥
অয়ং ত্বলঙ্কৃতো দেশস্ত্বয়া সৌমিত্রিণা সহ।
বৈদেহ্যা চানয়া সাধ্ব্যা বসতেহ[৮] মমাশ্রমে[৯] ॥ ৯ ॥

৭। লো-টী। শতহ্রদানাং বিদ্যুতাম্, দহনানিলয়োর্গিরিভবয়োরিতি নারায়ণঃ। শৈঘ্র্যং শীঘ্রকারিতাম্ অপরামৃষ্যকারিতামিত্যর্থঃ।

৮। লো-টী। শ্লাঘ্যা সদ্ভিঃ শ্লাঘনীয়া। ব্যপদেশ্যা বিগতকপটা। 'অপদেশঃ পদে লক্ষ্যে নিমিত্তে কপটেঽপি চ' ইতি ভূরিঃ। 'ব্যপদেশ্যে'তি পাঠে অপদেশ্যা অনুপদেশ্যা তদ্ভিন্না সদ্ভিরুপদেশ্যেত্যর্থঃ।

৯। লো-টী। অলঙ্কৃতো ভূষণীকৃতঃ। ইহ বসত।

৭। টিপ্পনী। শৈঘ্র্যং হঠকারিত্বম্। একত্রানবস্থানাদ্ বিদ্যুতাং চাঞ্চল্যমনুগচ্ছন্তি। বহুকালাগতস্নেহবন্ধচ্ছেদেন শস্ত্রতৈক্ষ্ণ্যানুগমঃ। নিন্দ্যকার্য্যকরণে বায়্বাদিশৈঘ্র্যানুগমঃ। তিঃ। শৈঘ্র্যম্ অনুগচ্ছন্তি অবিচারেণ কার্য্যকরণাদিতি ভাবঃ। গোঃ রাঃ।

৮। টিপ্পনী। শ্লাঘ্যা সদ্ভিঃ প্রশংসনীয়া, ব্যপদেশ্যা পতিব্রতাস্বগ্রগণ্যা। তিঃ। শ্লাঘ্যা স্তোতুমর্হা অত এব ব্যপদেশ্যা পতিব্রতানামগ্রে গণনীয়া। শিরোঃ।

৯। টিপ্পনী। সৌমিত্রিণা সহ ত্বয়া বৈদেহ্যা চেহাগমনেনায়ং দেশো মদাশ্রমরূপোঽলঙ্কৃতঃ। যূয়ম্ ইহ মমাশ্রমে বসত। 'বৈদেহ্যা চানয়া রাম বৎস্যসি ত্বমরিন্দম' ইতি পাশ্চাত্যাঃ (৩।১৩।৮)।

স্ত্রীজাতি বিদ্যুতের চাঞ্চল্য, শস্ত্রের (খড়্গাদির) তীক্ষ্ণতা [এবং] অনল ও অনিলের হঠকারিতা অনুকরণ করে ॥ ৭ ॥

কিন্তু তোমার এই ভার্য্যা এই সমস্ত দোষবর্জ্জিতা; দেবগণের মধ্যে অরুন্ধতীর ন্যায় ইনি প্রশংসনীয়া এবং পতিব্রতাদিগের অগ্রগণ্যা ॥ ৮ ॥

লক্ষ্মণের সহিত তুমি এবং এই সাধ্বী সীতা এই [আশ্রম-] প্রদেশ অলঙ্কৃত করিয়াছ; তোমরা আমার এই আশ্রমে বাস কর ॥ ৯ ॥

১। ঙ-ছ-ঝ-ড '-ঞ্চৈব'। ২। ঝ 'ভীরুতা', ঠ-ড 'তীক্ষ্ণতা'। ৩। অতঃ পরং ড-পুস্তকে 'তথা চ কালকূটং হি বিষং হন্যাদ্ যথা স্ত্রিয়ঃ।' ইত্যধিকঃ। ৪। ঝ-ড 'এতৈর্দ্দোষৈ-'। ৫। ঝ '-দেশা'। ৬। ছ-ট 'দেবী হ্যরুন্ধতী'। ৭। ড '-ন্ধতীম্'। ৮। ঘ 'বসাভ্যাং ত্বং', ঠ বসন্নিহ'। ৯। ঝ 'ময়া সহ'।

এবমুক্তস্তু মুনিনা রাঘবঃ সংহতাঞ্জলিঃ[1]।
উবাচ প্রশ্রিতং[2] বাক্যং তমৃষিং[3] সত্যবিক্রমঃ ॥ ১০ ॥
ধন্যোঽস্ম্যনুগৃহীতোঽস্মি[4] যস্য মে[5] মুনিপুঙ্গবঃ[6]।
গুণৈঃ সভ্রাতৃভার্য্যস্য সুতোষঃ[7] পরিতুষ্যতি ॥ ১১ ॥
কিন্তু[8] ব্যাদিশ মে দেশং সোদকং বহুকাননম্।
যত্রাশ্রমপদং[9] কৃত্বা[10] বসেয়ং নিরতঃ[11] সুখী ॥ ১২ ॥
ততোঽব্রবীন্মুনিশ্রেষ্ঠঃ শ্রুত্বা রামস্য তদ্বচঃ[12]।
ধ্যাত্বা মুহূর্ত্তং[13] ধর্ম্মাত্মা ধীমান্[14] ধীরতরং বচঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। গুণৈর্ব্বিশিষ্টো ভবান্ স্বতঃ স্বেনৈব পরিতুষ্যতি।

১৩। লো-টী। ধীরতরং ধৈর্য্যান্বিতম্।

১০। টিপ্পনী। সংহতাঞ্জলির্ব্বদ্ধাঞ্জলিঃ। প্রশ্রিতং বিনয়যুক্তম্।

১১। টিপ্পনী। সভ্রাতৃভার্য্যস্য যস্য মে সুতোষঃ সুসাধ্যতোষো মুনিপুঙ্গবস্ত্বং গুণৈ-র্গুণহেতোঃ পরিতুষ্যসি।

১২। টিপ্পনী। ব্যাদিশ কথয়। সোদকং সলিলসম্পন্নম্। নিরত একাগ্রঃ। গোঃ রাঃ। নিরতঃ প্রীতঃ। তিঃ।

১৩। টিপ্পনী। ধীরতরং মৃদুতরম্।

মুনিকর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া সত্যপরাক্রম রামচন্দ্র অঞ্জলি বন্ধনপূর্ব্বক সেই মুনিকে [এই] বিনয়যুক্ত বাক্য বলিলেন—॥ ১০ ॥

আমি ধন্য হইলাম, আমি অনুগৃহীত হইলাম, ভ্রাতা এবং ভার্য্যাসমেত যে আমার গুণে সুতোষ (সহজে যাঁহার সন্তোষ উৎপাদন করা যায়) মুনিশ্রেষ্ঠ আপনি সন্তোষ অনুভব করিতেছেন ॥ ১১ ॥

কিন্তু আমাকে সলিলসম্পন্ন বহুকাননবিশিষ্ট [এমন] স্থানের কথা বলিয়া দিন, যথায় আমি আশ্রম নির্ম্মাণপূর্ব্বক একাগ্র [-চিত্ত] হইয়া সুখে বাস করিতে পারি ॥ ১২ ॥

১। ঠ 'স কৃতাঞ্জলিঃ'। ২। ঘ-ঠ 'প্রশ্রিতং'। ৩। ঝ 'তং মুনিং'। ৪। ঠ '-তশ্চ'। ৫। ঙ 'ত্বং'। ৬। ঝ '-সব'। ৭। ড 'সতোষঃ'। ৮। ঝ 'কিঞ্চ'। ৯। ছ 'যদাশ্রম-'। ১০। ঙ 'ত্যক্ত্বা', ঠ 'গত্বা'। ১১। ঙ-ছ-ঝ-ড '-রতঃ'। ১২। ঙ-ঝ 'তদ্বতঃ'। ১৩। ঠ 'মুনিশ্চেদং বচোঽব্রবীৎ'। ১৪। ড 'শ্রেষ্ঠ-'।

ইতো দ্বিযোজনে[1] রাম স্বাদুমূলফলৈর্যুতঃ[2]।
দেশঃ শুচিজলঃ শ্রীমান্ পঞ্চবটীতি[3] বিশ্রুতঃ॥ ১৪ ॥

তত্র গত্বাশ্রমং কৃত্বা রাম[4] সৌমিত্রিণা সহ।
নিবস ত্বং পিতুর্ব্বাক্যং যথোক্তং[5] পরিপালয়ন্॥ ১৫ ॥

বিদিতশ্চৈব বৃত্তান্তস্তব সর্ব্বো ময়ানঘ।
তপসশ্চ প্রভাবেণ স্নেহাদ্দশরথস্য চ॥ ১৬ ॥

১৪। লো-টী। 'পঞ্চবটিরি'তি পাঠঃ। 'পঞ্চবটী ইতি শ্রুতিরি'তি কচিৎ। 'পঞ্চাবট' ইতি কেচিৎ।

১৫। লো-টী। 'আশ্রমং কৃত্বে'তি পাঠঃ। 'আশ্রমপদমি'তি পাঠে কৃত্বেতি শেষঃ।

১৪। টিপ্পনী। শুচিজলো নির্ম্মলসলিলবিশিষ্টঃ। পঞ্চবটসমূহসত্বাৎ পঞ্চবটীতি নাম্না বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। তিঃ।

১৫। টিপ্পনী। যথোক্তম্—যথা যেন প্রকারেণ উক্তং তথা পরিপালয়ন্। উক্তম্ উক্তিম্ অনতিক্রম্য বা।

১৬। টিপ্পনী। মম পিতৃবাক্যপরিপালনপ্রযত্নঃ কথং ভবতা জ্ঞায়তে ইত্যত্রাহ—বিদিতশ্চেতি। হে অনঘ হে নিষ্পাপ। দশরথস্য স্নেহাৎ তপসঃ প্রভাবেণ চ তব সর্ব্ব এব বৃত্তান্তো ময়া বিদিতঃ। ন হি অস্নিগ্ধবৃত্তান্তং তপসা জ্ঞাতুং যততে কশ্চিদিত্যুক্তং স্নেহাদ্দশরথস্য চেতি।

রামের সেই বাক্য শ্রবণ করিয়া তদনন্তর ধর্ম্মাত্মা ধীমান্ মুনিশ্রেষ্ঠ [অগস্ত্য] মুহূর্ত্ত চিন্তা করিয়া মৃদুতর [এই] বাক্য বলিলেন—॥ ১৩ ॥

রাম, এই স্থান হইতে দুই যোজন দূরে পঞ্চবটী নামে বিখ্যাত সুস্বাদফলমূলসমন্বিত নির্ম্মলোদক শ্রীসম্পন্ন স্থান আছে॥ ১৪ ॥

রাম, সেই স্থানে গমন করিয়া আশ্রম নির্ম্মাণপূর্ব্বক তুমি লক্ষ্মণের সহিত পিতৃবাক্য যথোক্ত (অর্থাৎ পিতা যেরূপ বলিয়া গিয়াছেন সেই ভাবে) পালন করিয়া বাস করিতে থাক॥ ১৫ ॥

১। খ 'হি যোজনং', ঠ 'হি যোজনে'। ২। ঘ-ঠ '-ফলান্বিতঃ', ঙ '-ফলদ্রুমঃ', ড '-ফলাযুতঃ'। ৩। ঘ 'খ্যাতঃ পঞ্চবটীতীরে', ড 'খ্যাতঃ পঞ্চবটীতি বৈ', ঙ-ঝ 'পঞ্চবটীরিতি শ্রুতঃ'। ৪। ঘ-ড 'রামঃ'। ৫। ক-ঘ '-ক্তমনু-', ঙ '-ক্তং পরি-'।

হৃদ্‌গতশ্চৈব[১] ভাবস্তে বিজ্ঞাতস্তপসা[২] ময়া।
ইহ[৩] বাসং প্রতিজ্ঞায় ময়া সহ তপোবনে॥[৪] ১৭॥

অতশ্চ ত্বাং বয়ং[৫] ক্রমো গচ্ছ পঞ্চবটীমিতি[৬]।
স হি রম্যো বনোদ্দেশো মৈথিলী তত্র রংস্যতে॥ ১৮॥

স[৭] দেশঃ শ্লাঘনীয়শ্চ নাতিদূরে[৮] চ রাঘব।
গোদাবর্য্যাঃ সমীপে চ তত্র[৯] সীতাভিরংস্যতে[১০]॥ ১৯॥

১৬-১৭। লো-টী। দশরথস্য স্নেহাৎ ময়ি সৌহার্দ্দাৎ ইহ বাসং প্রতিজ্ঞায় আগত ইত্যপি তব হৃদ্‌গতো ভাবোঽভিপ্রায়ো যঃ সোঽপি বিদিত ইতি সার্দ্ধেনান্বয়ঃ।

১৭। টিপ্পনী। ইহ তপোবনে বাসং প্রতিজ্ঞায় যদভিপ্রায়েণ ত্বমাগত ইতি শেষঃ, স তে হৃদ্‌গতো ভাবশ্চ ময়া বিদিতঃ। 'হৃদয়স্থং চ তে ছন্দো বিজ্ঞাতং তপসা ময়া' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।১৩।১৬)। নন্নু স্বসমীপদেশে এব মাং কুতো ন নিবাসয়সীত্যত আহ—হৃদয়স্থমিতি। যস্মাদ্ রাক্ষসবধাভিপ্রায়াৎ ময়া সহ তপোবনে বাসং প্রতিজ্ঞায় আগতোঽসীতি শেষঃ, তদ্ধৃদয়স্থং তে ছন্দোঽভিপ্রায়ো ময়া জ্ঞাতম্; অত এব পঞ্চবটীং গচ্ছেতি ত্বামহং ব্রূমি ব্রবীমি। সোঽপি বনোদ্দেশো রম্যঃ অতস্তত্র মৈথিলী রংস্যতে, এতেনাত্র স্থিতৌ রাক্ষসবধরূপত্বদভিপ্রেতস্য সিদ্ধির্ন ভবিষ্যতীতি সূচিতম্, তেন তত্র রাক্ষসসঞ্চারাভাবো বোধিতঃ। শিরোঃ।

১৮। টিপ্পনী। বয়ং ক্রমঃ অহং ব্রবীমি।

হে নিষ্পাপ, দশরথের প্রতি স্নেহবশতঃ এবং তপঃপ্রভাবে আমি তোমার সমস্ত বৃত্তান্তই অবগত আছি॥ ১৬॥

তুমি এই তপোবনে [রাক্ষসবধাদির যে অভিপ্রায়ে] আমার সহিত বাস করিবার প্রতিজ্ঞা করিয়া এই স্থানে সমাগত হইয়াছ, তোমার সেই মনোগত ভাবও আমি তপোবলে পরিজ্ঞাত হইয়াছি॥ ১৭॥

এই কারণেই আমি তোমাকে 'পঞ্চবটীতে গমন কর' এই কথা বলিতেছি; সেই বনপ্রদেশ রমণীয়, মৈথিলী তথায় চিত্তবিনোদন [-ও] করিতে পারিবেন॥ ১৮॥

১। ঋ '-তশ্চির-', ঠ '-তস্তে চ সদ্ভাবো'। ২। ঋ 'বিদিত-'। ৩। ঠ 'নেহ'। ৪। অতঃ পরং ড-পুস্তকে 'অথবা নেচ্ছসে বস্তুমস্মদ্দেশনিবেশনে' ইত্যধিকঃ। ৫। ঙ 'স্বয়ং'। ৬। ঋ 'পঞ্চা-'। ৭। ড-পুস্তকে অয়ং শ্লোকোঽত্র নাস্তি, ছ 'সদৃশঃ'। ৮। ঠ 'বিবিক্তশ্চ মনোহরঃ'। ৯। ছ 'সীতা তত্র হি রংস্যতে', ঠ 'মুনিভিস্তত্র রংস্যতে'। ১০। ঋ '-ভিরং-'।

[1]প্রাজ্যমূলফলশ্চৈব নানামৃগগণাযুতঃ।
[2]বিবিক্তশ্চ মহাবাহো পুণ্যো রম্যস্তথৈব চ ॥ ২০ ॥
ভবানপি সদারশ্চ [3]শক্তশ্চ পরিরক্ষণে।
[4]অপি চাত্র বসন্ রাম তাপসান্ পালয়িষ্যসি ॥ ২১ ॥
[5]এতদালোক্যতে রাম মধূকানাং [6]মহদ্বনম্।
উত্তরেণাস্য গন্তব্যং ন্যগ্রোধম[7]ধি [8]গচ্ছতা ॥ ২২ ॥

২০। লো-টী। প্রাজ্যং বহুলম্। 'প্রভূতং প্রচুরং প্রাজ্যমদভ্রং বহুলং বহু' ইত্যমরঃ। 'প্রাপ্যে'তি পাঠে মূলফলঞ্চ প্রাপ্য সীতাভিরংস্যতে ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বিবিক্তঃ পূতঃ, পুণ্যঃ পুণ্যজনকঃ।

২১। লো-টী। রাক্ষসস্য তত্রাগমনেঽপি তব ভীর্নাস্তি যতঃ শক্তঃ।

২২। লো-টী। মধূকানাং গুড়পুষ্পাণাং 'মধূকে তু গুড়পুষ্পমধুদ্রুমাবি'ত্যমরঃ। ন্যগ্রোধম্ অধি অধিকৃত্য উদ্দিশ্য গচ্ছতা ত্বয়া অস্য মধূকবনস্য উত্তরেণ উত্তরস্যাং দিশি গন্তব্যম্।

২০। টিপ্পনী। স প্রদেশঃ নানাবিধমৃগগণৈরাযুতঃ পরিব্যাপ্তঃ, বিবিক্তো নির্জ্জনঃ, পুণ্যঃ পুণ্যজনকঃ।

২১। টিপ্পনী। ঈদৃশে রমণীয়ে দেশে ভার্য্যাসহিতস্যৈব বাস উচিত ইত্যাহ—ভবানপীতি। পরিরক্ষণে শক্তঃ অতো রাক্ষসভীস্তব নাস্তীতি ভাবঃ। অপি চ অত্র পঞ্চবট্যাং বসংস্ত্বম্। 'ভবানপি সদাচার' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (৩।১৩।২০)।

হে রাঘব, সেই স্থান শ্লাঘনীয়, অনতিদূরবর্ত্তী এবং গোদাবরীর সমীপস্থ; তথায় বৈদেহী চিত্তবিনোদন করিতে পারিবেন ॥ ১৯ ॥

হে মহাবাহো, সেই স্থান ফলমূলবহুল, নানাজাতীয় মৃগগণে পরিব্যাপ্ত, নির্জ্জন, পুণ্যজনক এবং রমণীয় ॥ ২০ ॥

তুমিও সভার্য্য (অর্থাৎ ঈদৃশ রমণীয়দেশে ভার্য্যার সহিত বাস করিয়া প্রীতি অনুভব করিবে) এবং রক্ষণকার্য্যে সমর্থ (কাজেই রাক্ষসগণ হইতে তোমার ভয়ের কারণ নাই); আর, হে রাম, তুমি এই স্থানে (পঞ্চবটীতে) বাস করিলে তপস্বীদিগকেও রক্ষা করিতে পারিবে ॥ ২১ ॥

অগস্ত্য যে অদ্ভুত বৈষ্ণব ধনু প্রদান করিয়াছিলেন, মহাবাহু রামচন্দ্র সেই ধনুর দ্বারা পুনঃ পুনঃ বাণ নিক্ষেপ করিয়া ক্রীড়া করিতে করিতেই যেন [সেই] বাণসমূহের দ্বারা [খর-নিক্ষিপ্ত] শিলা এবং বৃক্ষসমূহ তিল তিল করিয়া ছেদন করিলেন ॥ ২৪ ॥

১। ঙ-ড 'স বৃক্ষমাদ-'। ২। ঘ-ঠ 'সমাদত্তে'। ৩। ছ 'স রঘুনন্দনঃ', ঠ-ড 'স রিপুসূদনঃ'। ৪। ছ 'শতশো'। ৫। অতঃ পরং খ-ঙ-ছ-ঝ-ড-পুস্তকেষু 'যুধ্যমানস্য রামস্য সেষূণামতি ('সেষূণাং পরি' ঝ) সংক্ষয়ঃ' ইত্যধিকঃ। ৬। ছ 'চ'। ৭। ঝ '-মুত্তমম্'। ৮। -'স্তাংস্ত'। ৯। ঠ 'সর্ব্বশঃ', ড 'রাক্ষসঃ'।

জাতস্বেদস্ততো রোষাদ্রামো রক্তান্তলোচনঃ।[1]
নির্বিভেদ সহস্রেণ শরাণাং[2] সমরে খরম্ ॥ ২৫ ॥
তস্য বাণান্তরেভ্যস্তু[3] বহু সুস্রাব শোণিতম্।
গিরেঃ প্রস্রাবিণ[4] ইব তোয়ধারাঃ সহস্রশঃ ॥ ২৬ ॥
বিহ্বলঃ স কৃতো[5] বাণৈঃ খরো রামেণ সংযুগে।
মত্তো রুধিরগন্ধেন তমেবাভ্যদ্রবদ্[6] দ্রুতম্ ॥ ২৭ ॥

২৫। লো-টী। রোষাজ্জাতস্বেদঃ, যদ্বা রোষান্নির্বিভেদ ইত্যন্বয়ঃ।

২৬। লো-টী। বাণান্তরেভ্যো বাণকৃতচ্ছিদ্রেভ্যঃ। প্রস্রাবিণঃ প্রস্রবণশীলস্য। 'ঘনস্য স্রাবিণ ইবে'তি বা পাঠঃ।

২৫। টিপ্পনী। রোষাদ্ রক্তান্তলোচনঃ। রক্তে অন্তলোচনে লোচনান্তভাগৌ যস্য। শিরোঃ। রক্তান্তলোচনঃ রক্তবর্ণাপাঙ্গঃ। গোঃ রাঃ।

২৬। টিপ্পনী। প্রস্রাবিণো নির্ঝরশালিনো গিরেস্তোয়ধারা জলপ্রবাহা ইব বাণান্তরেভ্যো বাণকৃতক্ষতেভ্যঃ শোণিতং সুস্রাব নির্গতমভূৎ। 'তস্য বাণান্তরাদ্রক্তম্' ইতি পাশ্চাত্যপাঠঃ (৩।৩০।২১)। বাণান্তরাদ্ বাণক্ষতবিবরাৎ। তিঃ।

২৭। টিপ্পনী। রুধিরগন্ধেন মত্তঃ খররাক্ষসমেব রামমেব দ্রুতম্ অভ্যদ্রবৎ।

অতঃপর, কোপে রক্তান্তলোচন, (যাঁহার নয়নের প্রান্তভাগ রক্তবর্ণ হইয়াছে), জাতস্বেদ (যাঁহার ঘর্ম্ম উৎপন্ন হইয়াছে) রামচন্দ্র সমরে খরকে সহস্র শরে বিদ্ধ করিলেন ॥ ২৫ ॥

নিঝর্রবিশিষ্ট পর্ব্বত হইতে সহস্র সহস্র জলধারার ন্যায় তাহার [শরীরের] বাণসমুত্থ ক্ষতস্থান হইতে প্রভূত শোণিত [-ধারা] নির্গত হইতে লাগিল ॥ ২৬ ॥

[এইরূপে] রামচন্দ্র যুদ্ধে বাণের দ্বারা রাক্ষস খরকে বিহ্বল করিলেন; রুধিরগন্ধে মত্ত খর রামচন্দ্রের প্রতিই দ্রুত ধাবিত হইল ॥ ২৭ ॥

১। ছ 'রাজীব-'। ২। ছ 'বাণানাং'। ৩। ঝ '-জ্যশ্চ'। ৪। ক '-স্রবণ ইব'। ৫। ঝ-ঞ 'ক্ষতো'। ৬। ঘ-ঙ-ছ-ড '-পতদ্'।

তমাপতন্তং বেগেন দীপ্তাস্যং রুধিরপ্লুতম্[১]।
অপসৃত্য[২] ততঃ স্থানাদ্দৃষ্ট্বা ত্বরিতবিক্রমঃ ॥ ২৮ ॥
দীপ্তপাবকসঙ্কাশং প্রজ্বলন্তমিবোরগম্।
নিশিতং পঞ্চপর্ব্বাণং পঞ্চপত্রমজিহ্মগম্ ॥ ২৯ ॥
স্বয়ং দত্তং মঘবতা সহস্রাক্ষেণ বজ্রিণা।
রক্ষণার্থমমিত্রঘ্নং পুরা রামস্য ধীমতঃ ॥ ৩০ ॥
তমিন্দ্রাশনিসঙ্কাশং সন্ধায় স ততঃ শরম্।
চিক্ষেপ সমরে রামো বধার্থং[৭] তস্য রক্ষসঃ ॥ ৩১ ॥

২৮। লো-টী। রুধিরস্য প্লুতং স্রবণং যস্য তম্। 'রুধিরপ্লুতমি'তি বা পাঠঃ। ততঃ স্থানাদপাবৃত্য। 'অপসৃত্যে'তি বা পাঠঃ। বেগেনাপতন্তং দৃষ্ট্বা।

২৯-৩১। লো-টী। মঘবতা দত্তং শরং সন্ধায় চিক্ষেপেতি চতুর্থেনান্বয়ঃ। অজিহ্মগং ন জিহ্মেন বক্রেণ গচ্ছতীতি তথা। মঘবতা ইত্যস্য বিশেষণদ্বয়ং মাহাত্ম্যসূচনায়।

২৮-৩১। টিপ্পনী। দীপ্তাস্যং প্রদীপ্তবদনং তং খরম্ আপতন্তম্ আগচ্ছন্তং দৃষ্ট্বা ত্বরিতবিক্রমঃ শীঘ্রগতী রামঃ স্বস্থানাৎ অস্ত্রমোচনযোগ্যান্তরাললাভায় পৃষ্ঠতঃ কিঞ্চিদ্ অপসৃত্য উরগং ভুজঙ্গমিব প্রজ্বলন্তং পঞ্চপর্ব্বাণং পঞ্চপর্ব্ববিশিষ্টং পঞ্চপত্রং পঞ্চপক্ষবিশিষ্টম্ অজিহ্মগং সরলগামিনং মঘবতা ইন্দ্রেণ স্বয়ং দত্তং শরং সন্ধায় যোজয়িত্বা তং শরং চিক্ষেপ। 'অপাসর্পদ্ধি ত্রিপদং কিঞ্চিত্ত্বরিতবিক্রমঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৩০।২৩)। অস্ত্রমোচনাবকাশলাভায় অপাসর্পদিতি ভাবঃ। যদ্যপি রণে কিঞ্চিদপসর্পণং শূরস্যাযুক্তম্, তথাপি সর্ব্বতো বলবতী হ্যন্যথানুপপত্তিরিতি ন্যায়েনাপসর্পণং বিনা তৎসংহারহেত্বলাভাদপসর্পণং ন দোষ ইতি হৃদয়ম্। গোঃ রাঃ।

প্রদীপ্তবদন রুধিরসিক্ত রাক্ষসকে বেগে আগমন করিতে দেখিয়া ক্ষিপ্রগতি সেই রামচন্দ্র সেই স্থান হইতে [পশ্চাৎ দিকে কিঞ্চিৎ] অপসৃত হইলেন এবং পূর্ব্বে স্বয়ং সহস্রাক্ষ বজ্রী ইন্দ্র ধীমান্ রামের রক্ষার্থ শত্রুঘাতী যে বাণ [তাঁহাকে] প্রদান করিয়াছিলেন, তিনি যুদ্ধে প্রদীপ্তপাবকসদৃশ, ভুজঙ্গের ন্যায় প্রদীপ্ত, ইন্দ্রবজ্রতুল্য,

---

১। খ '-রক্তম্', ঠ '-রোক্ষিতম্'। ২। খ '-বৃত্য'। ৩। ঙ 'ত্বরিত-'। ৪। ঙ-ছ '-যম্'। ৫। অতঃ পরং ছ-ড-পুস্তকয়োঃ 'খরস্য রামো জগ্রাহ ব্রহ্মদণ্ড ('দত্ত'-ড) মিবাপরম্' ইত্যধিকঃ। ৬। ঠ 'সততং'। ৭। ড 'বধায়'।

স বিমুক্তো মহাবাণো নির্ঘাতসমনিস্বনঃ।[1]
রামেণ ধনুরানম্য[2] নিপপাত খরোরসি ॥ ৩২ ॥
সুপর্ণানিলবেগেন তেনাভিপততা[3] খরঃ।
সহমর্ম্মাস্থি[4]সঙ্ঘাতো ভিন্নঃ ক্রৌঞ্চ ইবাচলঃ[5] ॥ ৩৩ ॥
[6]পপাত বজ্রসঙ্কাশঃ প্রজ্বলন্নিব সায়কঃ।
শক্রেণেব বিনির্ম্মুক্তো বজ্রস্তরুবরোপরি ॥ ৩৪ ॥

৩৩। লো-টী। আহুতং বলং সামর্থ্যং যস্ত সঃ। 'তেনাদ্ভুতবতা' ইতি পাঠে আশ্চর্য্যবতা। শরেণ ভিন্নো বিদারিতঃ।

৩২। টিপ্পনী। রামেণ ধনুরানম্য আনতং কৃত্বা বিমুক্তঃ স মহাবাণঃ নির্ঘাতসমনিস্বনঃ নির্ঘাততুল্যং শব্দম্ উৎপাদয়ন্ খরস্য উরসি বক্ষসি নিপপাত। নির্ঘাতো বায়ভিহতবায়ু-প্রপতনজন্যশব্দবিশেষঃ। তথা হি—বায়ুনাভিহতে বায়ৌ গগনাচ্চ পতত্যধঃ। প্রচণ্ডঘোরনির্ঘোষো নির্ঘাত ইতি কথ্যতে॥ অপি চ—যদান্তরীক্ষে বলবান্ মারুতো মরুতা হতঃ। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ॥

৩৩। টিপ্পনী। সুপর্ণানিলবেগেন সুপর্ণো গরুড়ঃ অনিলো বায়ুশ্চ তদ্বদ্ বেগবিশিষ্টেন তেন অভিপততা মহাবাণেন সহমর্ম্মাস্থিসংঘাতঃ খরঃ ভিন্নঃ মর্ম্মণি অস্থিসমূহে চ বিদীর্ণ ইত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—ক্রৌঞ্চাচল ইব, কার্ত্তিকেয়েন যথা ক্রৌঞ্চপর্ব্বতো ভিন্নস্তদ্বৎ। কার্ত্তিকেয়েন ক্রৌঞ্চপর্ব্বত-ভেদঃ স্কান্দে মাহেশ্বরখণ্ডান্তঃপাতিনি কুমারিকাখণ্ডে ৩২শে অধ্যায়ে বর্ণিতঃ।

৩৪। টিপ্পনী। প্রজ্বলন্নিব—ইবশব্দোঽত্র বাক্যালঙ্কারে।

পঞ্চপর্ব্ব (পঞ্চগ্রন্থি)-সমন্বিত, পঞ্চপক্ষসম্পন্ন, সরলগামী সেই তীক্ষ্ণবাণ সন্ধান করিয়া তদনন্তর [তাহা] সেই রাক্ষসের বধের নিমিত্ত নিক্ষেপ করিলেন ॥ ২৮-৩১ ॥

ধনু আনত করিয়া রামচন্দ্রকর্ত্তৃক নিক্ষিপ্ত সেই মহাবাণ নির্ঘাততুল্য (নির্ঘাত = প্রবল বায়ুর পরস্পর আঘাতজনিত শব্দ) শব্দ করত খরের বক্ষঃস্থলে নিপতিত হইল ॥ ৩২ ॥

সুপর্ণ (গরুড়) ও অনিলের ন্যায় বেগবিশিষ্ট সেই মহাশর পতিত হইয়া কার্ত্তিক যেরূপ ক্রৌঞ্চপর্ব্বত ভেদ করিয়াছিলেন সেইরূপ খরের মর্ম্মস্থান ও অস্থিসমূহ ভেদ করিল ॥ ৩৩ ॥

১। ঠ '-স্ত ইব'। ২। ঘ-ছ '-রানম্য', ঠ '-রাদায়'। ৩। ঝ '-হুতবলঃ', ঠ-ড '-দ্ভুতবতা'। ৪। ঘ-ঙ-ঝ-ড '-কর্ম্মা-'। ৫। ঘ 'ইবাদ্রিনা'। ৬। ঘ-পুস্তকে অয়ং শ্লোকঃ পঞ্চত্রিংশশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং ন তু।

স পপাত খরো ভূমৌ দহ্যমানঃ শরাগ্নিনা[1]।
রুদ্রেণেব বিনির্দ্দগ্ধঃ শ্বেতারণ্যে পুরাঽন্ধকঃ ॥ ৩৫ ॥
স বৃত্র ইব বজ্রেণ ফেনেন নমুচির্যথা।
রাঘবাস্ত্রেণ[2] নিহতো নিপপাত খরস্তদা ॥ ৩৬ ॥
ততঃ কলকলোর্ম্মিশ্রো দেবদুন্দুভিনিস্বনঃ।
সাধু সাধ্বিতি শব্দশ্চ অন্তরীক্ষেঽভ্যবর্ত্তত[3] ॥ ৩৭ ॥

৩৫। লো-টী। শ্বেতারণ্যে স্থানবিশেষে। যদ্বা, শ্বেতস্য রাজ্ঞোঽরণ্যে শবোপলক্ষণ-(?) বনে। যদ্বা, শ্বেতঃ কৈলাসপর্ব্বতঃ তস্যারণ্যে পুরা পূর্বম্ অন্ধক ইব। 'শ্বেতো দ্বিপাদ্রিভেদয়ো'-রিতি কোষঃ।

৩৫। টিপ্পনী। অন্ধকাসুরঃ শ্বেতারণ্যে রুদ্রেণ হত ইতি পুরাণপ্রসিদ্ধম্। 'শ্বেতারণ্যে যথান্তকঃ' ইতি প্রচুরঃ পাঠঃ। তত্র কাবেরীতীরবর্ত্তিনি শ্বেতারণ্যে মার্কণ্ডেয়চিরজীবিত্বায়ান্তক-সংহারো রুদ্রেণ কৃত ইতি তন্মাহাত্ম্যে প্রসিদ্ধিঃ। কৌর্ম্মে তূত্তরখণ্ডে শ্বেতস্য রাজর্ষেঃ পরমশৈবস্য কালঞ্জরে পর্ব্বতে তপস্যাভিরতস্য মারণায়াগতস্যান্তকস্য শিবেন বামপাদপ্রহারেণ সংহারঃ কৃত ইতি ষট্‌ত্রিংশে অধ্যায়ে উক্তম্। তিঃ।

৩৬। টিপ্পনী। বজ্রেণ বৃত্র ইব ফেনেন তদাচ্ছাদিতবজ্রেণ নমুচিরিব, 'ন শুষ্কেণ নার্দ্রেণে'তি ব্রহ্মণা তস্মৈ বরদানাৎ। এবঞ্চ অন্তকাদিবধস্য রুদ্রেন্দ্রাতিরিক্তাসাধ্যত্ববৎ খরবধস্য রামাতিরিক্তাসাধ্যত্বং প্রকাশিতং কবিনা। তিঃ। আর্দ্রাচ্ছুষ্কাচ্চাবধ্যত্বং নমুচের্লব্ধং তদর্থং ফেনেন হতঃ। গোঃ রাঃ।

৩৭। টিপ্পনী। অভ্যবর্ত্তত সমুদভূৎ।

ইন্দ্রবিনির্ম্মুক্ত বজ্র যেরূপ তরুবরের উপর পতিত হয়, সেইরূপ বজ্রপ্রতিম [সেই] বাণও প্রজ্বলিত হইয়া [খরের উপর] পতিত হইল ॥ ৩৪ ॥

পূর্ব্বকালে শ্বেতারণ্যে অন্ধকাসুর যেরূপ রুদ্রকর্ত্তৃক দগ্ধ হইয়াছিল, রাক্ষস খর সেইরূপ শরাগ্নিদ্বারা দগ্ধ হইতে হইতে [ভূ-] পতিত হইল ॥ ৩৫ ॥

রামাস্ত্রে নিহত খর তখন বজ্রদ্বারা নিহত বৃত্রাসুরের ন্যায়, ফেন অর্থাৎ ফেনাচ্ছাদিত বজ্রদ্বারা নিহত নমুচির ন্যায় [ভূ-] পতিত হইল ॥ ৩৬ ॥

১। ছ 'দগ্ধঃ শাল ইবাগ্নিনা'। ২। খ-ঙ-ঠ '-বেত্রাণনিহতো', ছ '-বেণ স নি-'। ৩। ঙ-ঝ 'ব্যবর্ত্তত'।

রামমূর্দ্ধ্যপতদ্দিব্যা পুষ্পবৃষ্টী রণাজিরে।
হত এব দুরাত্মেতি শুশ্রুবে দিক্ষু নিস্বনঃ ॥ ৩৮ ॥
ততো রাজর্ষয়ঃ সর্ব্বে সঙ্গতাশ্চ[1] মহর্ষয়ঃ।
দেবর্ষয়শ্চ সহিতা[2] দৃষ্ট্বা ব্রহ্মর্ষিভিঃ সহ ॥ ৩৯ ॥
অবতীর্য্য মহীং সর্ব্বে প্রজ্বলন্তো যথাগ্নয়ঃ।
সভাজয়িত্বা মুদিতা রামং বচনমব্রুবন্ ॥ ৪০ ॥
ধর্ম্মজ্ঞ বর্ধসে[3] দিষ্ট্যা ক্ষত্রধর্ম্মেণ[4] রাঘব।
দিষ্ট্যা দেবর্ষয়ঃ[5] সর্ব্বে স্বস্তিকর্ম্মসু তৎপরাঃ ॥ ৪১ ॥

৩৯। লো-টী। সংহতা মিলিতাঃ। 'সঙ্গতা' ইতি বা পাঠঃ।

৩৮। টিপ্পনী। রণাজিরে রণক্ষেত্রে।

৩৯-৪০। টিপ্পনী। রাজর্ষয়ো মহর্ষয়শ্চ দৃষ্ট্বা রামস্য তৎ কর্ম্মেতি শেষঃ, সঙ্গতাঃ সমবেতা বভূবুঃ, দেবর্ষয়শ্চ ব্রহ্মর্ষিভিঃ সহ সহিতা মিলিতা বভূবুঃ। ততঃ প্রজ্বলিতা অগ্নয় ইব মহাতেজসস্তে সর্ব্বে মহীম্ অবতীর্য্য মুদিতা হৃষ্টচিত্তাঃ সন্তঃ রামং সভাজয়িত্বা সংকৃত্য তমব্রুবন্ বক্ষ্যমাণমিতি শেষঃ।

৪১। টিপ্পনী। দিষ্ট্যা সৌভাগ্যেন সর্ব্বে দেবর্ষয়স্তব স্বস্তিকর্ম্মসু তৎপরা নিবিষ্টাঃ।

অতঃপর, কলকলশব্দসম্বলিত দেবদুন্দুভিশব্দ এবং 'সাধু সাধু' এই শব্দ আকাশে সমুত্থিত হইল ॥ ৩৭ ॥

রণক্ষেত্রে রামচন্দ্রের মস্তকোপরি দিব্য পুষ্পবৃষ্টি নিপতিত হইল; 'দুরাত্মা নিহতই হইয়াছে' এই শব্দ দিক্‌সমূহে শ্রুত হইল ॥ ৩৮ ॥

অনন্তর, সেই কার্য্য সন্দর্শন করিয়া নিখিল রাজর্ষিবৃন্দ এবং মহর্ষিবৃন্দ সমবেত হইলেন; [অতঃপর] ব্রহ্মর্ষিগণের সহিত দেবর্ষিগণও মিলিত হইলেন, প্রজ্বলিত অগ্নির ন্যায় [দীপ্ততেজাঃ] সেই সমস্ত ঋষিগণ মহীতলে অবতরণপূর্ব্বক [রামচন্দ্রের] সংবর্দ্ধনা করত হৃষ্টচিত্তে রামচন্দ্রকে [এই] বাক্য বলিলেন—॥ ৩৯-৪০ ॥

১। ছ 'সংহতাশ্চ মহত্রশঃ', ড 'সংহতাশ্চ'। ২। ছ 'সংহৃষ্টা'। ৩। ছ-ঠ 'বর্দ্ধসে'। ৪। ঠ 'ক্ষাত্র-'। ৫। ছ-ঝ-ঠ-ড 'তর্ষয়ঃ'।

দিষ্ট্যা হতোঽয়ং পাপাত্মা ত্বয়া ব্রাহ্মণকণ্টকঃ।
ত্বৎপ্রসাদাদরণ্যেষু বিচরিষ্যন্তি তাপসাঃ ॥ ৪২ ॥
দিষ্ট্যাসি সহিতস্তাত লক্ষ্মণেন মহাত্মনা।
সীতয়া চানয়া রাম তাপসৈশ্চ মহাত্মভিঃ ॥ ৪৩ ॥
ইত্যর্থং হি মহাতেজা মহেন্দ্রঃ পাকশাসনঃ।
শরভঙ্গাশ্রমং পুণ্যমাজগাম পুরন্দরঃ ॥ ৪৪ ॥
আনীতস্ত্বমিমং দেশমুপায়েন মহর্ষিভিঃ।
এষাং বধার্থং ক্রূরাণাং রক্ষসাং পাপকর্ম্মণাম্ ॥ ৪৫ ॥

৪৩। টিপ্পনী। দিষ্ট্যা লক্ষ্মণাদিভিঃ সহিতঃ পুনর্মিলিতোঽসি। সীতায়া অদূরবর্ত্তিত্বা-দনয়েতি নির্দ্দেশঃ।

৪৪। টিপ্পনী। ইত্যর্থম্ এতৎকার্য্যসিদ্ধ্যর্থং রাক্ষসবধসাধনায়েতি যাবৎ। পুরন্দরো রিপুপুরবিদারকঃ। ইন্দ্রস্য শরভঙ্গাশ্রমাগমনং নবমসর্গে বর্ণিতম্।

হে ধর্ম্মজ্ঞ রঘুনন্দন, সৌভাগ্যক্রমে তুমি ক্ষত্রিয়োচিত ধর্ম্মের দ্বারা অভ্যুদয় লাভ করিতেছ, সৌভাগ্যক্রমে নিখিল দেবর্ষিবৃন্দ [তোমার] স্বস্তিকার্য্যে নিবিষ্ট রহিয়াছেন ॥ ৪১ ॥

সৌভাগ্যক্রমে তোমাকর্ত্তৃক পাপাত্মা এই ব্রাহ্মণকণ্টক নিহত হইল; তোমার প্রসাদে তাপসগণ অরণ্যমধ্যে [নির্ভয়ে] বিচরণ করিবেন ॥ ৪২ ॥

বৎস রাম, তুমি সৌভাগ্যক্রমে মহাত্মা লক্ষ্মণ এই সীতা এবং মহাত্মা তাপসগণের সহিত [পুনর্ব্বার] মিলিত হইলে ॥ ৪৩ ॥

এই উদ্দেশ্যসিদ্ধির নিমিত্তই মহাতেজঃসম্পন্ন পাকশাসন পুরন্দর দেবরাজ পুণ্য শরভঙ্গাশ্রমে আগমন করিয়াছিলেন ॥ ৪৪ ॥

মহর্ষিগণ এই পাপকর্ম্মা ক্রূর রাক্ষসদিগের বধের নিমিত্তই উপায় অবলম্বন-পূর্ব্বক তোমাকে এই প্রদেশে আনয়ন করিয়াছেন ॥ ৪৫ ॥

১। ছ '-তোঽসৌ'। ২। ঠ 'দুষ্টাত্মা'। ৩। ঠ 'রাক্ষস-'। ৪। ঙ-ড 'হি'। ৫। ছ 'মহর্ষিভিঃ'। ৬। ক-ঙ '-রাজ'। ৭। ঠ 'এবংবিধানাং'। ৮। ক-ঠ 'ক্রূর-'।

তদিদং নস্ত্বয়া কার্য্যং কৃতং দশরথাত্মজ।
সুখং ধর্ম্মং চরিষ্যন্তি মুনয়ো দণ্ডকে বনে ॥ ৪৬ ॥
এতে দেবাঃ সগন্ধর্ব্বাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
জয়াশীর্ভিঃ স্তুবন্তি[১] ত্বাং বিষ্ঠিতাঃ[২] পশ্য রাঘব ॥ ৪৭ ॥
ইদং দৃষ্ট্বা সুযুদ্ধং[৩] তে ব্রহ্মা ব্রহ্মবিদাং[৪] বরঃ।
দেবৈঃ পরিবৃতঃ[৫] সর্ব্বৈর্ব্বিষ্ঠিতস্ত্বাং[৬] সভাজয়ন্ ॥ ৪৮ ॥
প্রীতশ্চৈব মহাদেবঃ সর্ব্বৈঃ পারিষদৈর্ব্বৃতঃ[৭]।
জয়েন ত্বাং বিমানস্থঃ[৮] সভাজয়তি রাঘব ॥ ৪৯ ॥
এবমুক্তঃ[৯] স ধর্ম্মাত্মা মুনিভির্ধর্ম্মবৎসলৈঃ।
নমশ্চক্রে বিমানস্থান্ দৃষ্ট্বা[১০] দূরাদ্ দিবৌকসঃ ॥ ৫০ ॥

৪৭। লো-টী। বিষ্ঠিতা বিবিধপ্রকারেণ স্থিতা ইতি পশ্য।

৪৮। লো-টী। বিষ্ঠিতঃ স্থিতঃ।

৪৮। টিপ্পনী। ব্রহ্মবিদাং বেদবিদাম্। ত্বাং সভাজয়ন্ পূজয়ন্ বিষ্ঠিতঃ স্থিতঃ।
৪৯। টিপ্পনী। পারিষদৈঃ প্রমথগণৈঃ।
৫০। টিপ্পনী। দিবৌকসো দেবান্।

হে দশরথাত্মজ, তুমি আমাদের রাক্ষসবধরূপ এই কার্য্য সাধন করিলে; [এক্ষণে] মুনিগণ দণ্ডকারণ্যে সুখে ধর্ম্মাচরণ করিবেন ॥ ৪৬ ॥

হে রাঘব, দেখ নানাভাবে অবস্থিত সগন্ধর্ব্ব এই দেবগণ, সিদ্ধগণ ও মহর্ষিগণ জয়শব্দ ও আশীর্ব্বাদ উচ্চারণপূর্ব্বক তোমার স্তব করিতেছেন ॥ ৪৭ ॥

নিখিল দেববৃন্দপরিবৃত বেদবিৎপ্রধান ব্রহ্মা তোমার এই সুযুদ্ধ দর্শন করিয়া তোমার সংবর্দ্ধনা করত অবস্থান করিতেছেন ॥ ৪৮ ॥

রঘুনন্দন, নিখিল প্রমথগণপরিবৃত বিমানস্থিত মহাদেবও প্রীত হইয়া জয়শব্দে তোমাকে সংবর্দ্ধিত করিতেছেন ॥ ৪৯ ॥

১। ঙ-ছ-ড 'স্তুবন্তথাং', ঠ 'স্তুবন্তস্ত'। ২। ড 'বিশিষ্টাঃ'। ৩। ছ 'সুখাতং'। ৪। ঝ 'বেদ-'। ৫। ঙ '-বৃতৈঃ'। ৬। ঙ '-র্ব্বেষ্টিত-', ঠ '-র্ব্বিশিষ্ট-'। ৭। ঝ-ঠ '-ষদৈঃ সহ'। ৮। ঠ '-স্থং'। ৯। ঘ '-মুক্তস্তু ধ-'। ১০। ক-খ 'দৃষ্ট্বাদূরে', ঙ-ঠ 'দূরাদ্দৃষ্ট্বা'।

এতস্মিন্নন্তরে বীরো লক্ষ্মণঃ সহ সীতয়া।
গিরিদুর্গাদ্বিনিঃসৃত্য[১] পুনরায়াৎ স্বমাশ্রমম্ ॥ ৫১ ॥
রাঘবোঽপি[২] খরং হত্বা পূজ্যমানো মহর্ষিভিঃ।
প্রবিবেশাশ্রমপদং লক্ষ্মণেনাভিবাদিতঃ[৩] ॥ ৫২ ॥
দৃষ্ট্বা বিজয়িনং রামং মহর্ষীণাং সুখাবহম্।
সীতা পরমসংহৃষ্টা[৪] পরিষ্বজ্যেদমব্রবীৎ ॥ ৫৩ ॥
দিষ্ট্যার্য্যপুত্র সত্যা তে প্রতিজ্ঞা সফলীকৃতা[৫]।
মুনীনাং[৬] সততং শত্রুং হত্বা তং রাক্ষসং খরম্ ॥ ৫৪ ॥
সুখং[৭] ধর্ম্মং চরিষ্যন্তি মুনয়ো হতকণ্টকাঃ।
ত্বদ্বাহুবলমাশ্রিত্য বনেঽস্মিন্ নিয়তেন্দ্রিয়াঃ ॥ ৫৫ ॥

৫৩। লো-টী। পরিষ্বজ্য আর্য্যপুত্রেতি সম্বোধ্য।

৫৫। লো-টী। সুখাঃ সুখিনঃ। 'সুখমি'তি বা পাঠঃ।

৫১। টিপ্পনী। গিরিদুর্গাদ্ গুহাত ইত্যর্থঃ।

৫২। টিপ্পনী। আশ্রমপদং প্রবিবেশ, ততো লক্ষ্মণেন অভিবাদিতোঽভবৎ।

৫৩। টিপ্পনী। সুখাবহং সুখদাতারম্।

৫৪। টিপ্পনী। সততং চিরন্তনং শত্রুং হত্বা ত্বয়া প্রতিজ্ঞা সত্যা কৃতা সফলীকৃতা চ।

ধর্ম্মবৎসল মুনিগণকর্ত্তৃক এইরূপে অভিহিত ধর্ম্মাত্মা রাম দূর হইতে বিমানস্থিত দেবগণকে দর্শন করিয়া [তাঁহাদিগকে] নমস্কার করিলেন ॥ ৫০ ॥

এই অবকাশে বীর লক্ষ্মণ সীতার সহিত গিরিদুর্গ (গুহা) হইতে নির্গত হইয়া স্বীয় আশ্রমে প্রত্যাগমন করিলেন ॥ ৫১ ॥

রামচন্দ্রও খরকে সংহার করিয়া মহর্ষিগণকর্ত্তৃক সৎকৃত হইয়া আশ্রমস্থানে প্রবেশ করিলেন ; [তখন] লক্ষ্মণ তাঁহাকে অভিবাদন করিলেন ॥ ৫২ ॥

মহর্ষিগণের সুখপ্রদাতা বিজয়ী রামচন্দ্রকে দেখিয়া নিরতিশয় হৃষ্টচিত্তা সীতা [তাঁহাকে] আলিঙ্গনপূর্ব্বক ইহা বলিলেন—॥ ৫৩ ॥

হে আর্য্যপুত্র, সৌভাগ্যবশতঃ মুনিগণের চিরন্তন শত্রু সেই রাক্ষস খরকে নিহত করিয়া আপনি আপনার প্রতিজ্ঞা সত্য এবং সফল করিয়াছেন ॥ ৫৪ ॥

১। খ-ঠ '-নিষ্পত্য'। ২। ঘ '-বোঽথ'। ৩। ছ '-বন্দিতঃ'। ৪। ঝ-ড '-তুষ্টা'। ৫। ঘ-ছ '-কৃতা'। ৬। ঘ '-নামন্তরং দত্তং'। ৭। ক-ঋ 'সুখা', ড 'সুখাদ্'।

ততঃ সমাশ্বাস্য[১] মহাধনুর্ধরঃ
সমাহিতোঽভ্যর্চ্চ্য[২] মুনীন্ সমাগতান্[৩]।
মহাহবে[৪] শক্রবলা[৫]ভিমর্দ্দনো
দিবীব শক্রঃ স ররাজ রাঘবঃ ॥ ৫৬ ॥
ততঃ স রামো মুদিতঃ সলক্ষ্মণঃ[৬]
প্রাশ্বাস্য[৭] সীতাং মৃগচারুলোচনাম্।
উবাস তস্মিন্ মুদিতস্তদাশ্রমে
সভাজ্যমানো মুনিভিঃ সমাগতৈঃ ॥ ৫৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে খরবধো নাম
ষট্‌ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৬ ॥

৫৭। লো-টী। 'প্রশ্বাস্যে'তি পাঠঃ 'প্রবেশ্যে'তি বা। মুদিত উবাস ইত্যন্বয়ঃ।

৫৬। টিপ্পনী। মহাহবে মহাযুদ্ধে শক্রবলস্য অভিমর্দ্দনঃ সংহারকো রামঃ সমাহিতোঽবহিতচিত্তঃ সন্ মুনীন্ অভ্যর্চ্চ্য দিবি শক্রঃ দেবলোকস্থ ইন্দ্র ইব ররাজ শুশুভে।

৫৭। টিপ্পনী। মুদিতো হৃষ্টান্তঃকরণো রামঃ সীতাং প্রাশ্বাস্য মুনিভিঃ সভাজ্যমানঃ সৎক্রিয়মাণঃ সন্ তস্মিন্ আশ্রমে তদা মুদিত উবাস প্রমুদিতহৃদয়েন বাসং চক্রে।

সংযতেন্দ্রিয়, হতকণ্টক (যাঁহাদের তপস্যার কণ্টকস্বরূপ রাক্ষস নিহত হইয়াছে) মুনিগণ [এক্ষণে] এই বনে আপনার বাহুবল আশ্রয় করিয়া সুখে ধর্ম্মাচরণ করিবেন ॥ ৫৫ ॥

অতঃপর, মহাযুদ্ধে শক্রবলবিমর্দ্দক মহাধনুর্দ্ধর রঘুনন্দন রামচন্দ্র সমাগত মুনিগণকে আশ্বাস প্রদানপূর্ব্বক সমাহিতচিত্তে অর্চ্চনা করিয়া দেবলোকস্থ ইন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৫৬ ॥

অতঃপর, প্রহৃষ্টান্তঃকরণ সলক্ষ্মণ সেই রাম মৃগচারুলোচনা সীতাকে আশ্বাস প্রদানপূর্ব্বক সমাগত মুনিগণকর্ত্তৃক সৎকৃত হইয়া সেই আশ্রমে প্রমুদিত হৃদয়ে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৫৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে খরবধ-নামক
ষট্‌ত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩৬ ॥

১। ড 'মুনীন্ ধ-'। ২। ড 'সুরান্'। ৩। খ-ঠ-ড '-হিতান্'। ৪। ক '-রণে'। ৫। ক-খ '-বলাব-'। ৬। ছ '-ক্ষ্মণাং'। ৭। খ-ঙ 'প্রশস্য', ছ 'আশ্বাস্য', ঝ 'প্রশাস্য', ঠ 'প্রবেশ্য'।

সপ্তত্রিংশঃ সর্গঃ

তানি শূর্পণখা দৃষ্ট্বা সহস্রাণি চতুর্দ্দশ।
হতান্যেকেন রামেণ মানুষেণ পদাতিনা
খরং ত্রিশিরসঞ্চৈব দূষণঞ্চ নিপাতিতম্[১] ॥ ১ ॥
সা দৃষ্ট্বা কর্ম্ম রামেণ কৃতমন্যৈঃ সুদুষ্করম্।
আজগাম সমুদ্বিগ্না[২] লঙ্কাং রাবণপালিতাম্ ॥ ২ ॥
সা দদর্শ বিমানাগ্রে রাবণং লোকরাবণম্।
সহোপবিষ্টং সচিবৈর্ম্মরুদ্ভিরিব বাসবম্ ॥ ৩ ॥

১। টিপ্পনী। রক্ষসাং চতুর্দ্দশ সহস্রাণি নিহতানি দৃষ্ট্বা খরাদীন্ নিপাতিতাংশ্চ দৃষ্ট্বা শূর্পণখা মহানাদান্ ননাদেতি শেষঃ। 'দূষণঞ্চ খরঞ্চৈব হতং ত্রিশিরসং রণে। দৃষ্ট্বা পুনর্মহানাদান্ ননাদ জলদোপমা ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৩২।২)।

২। টিপ্পনী। অন্যৈঃ সুদুষ্করং কর্ম্ম রামেণ কৃতং দৃষ্ট্বা লঙ্কামাজগাম।

৩। টিপ্পনী। বিমানাগ্রে প্রাসাদোপরি। লোকরাবণং লোকপীড়কম্, রাবয়তি ক্রন্দয়তীতি ব্যুৎপত্তেঃ, রাবণং মরুদ্ভির্দেবৈর্বাসবম্ ইন্দ্রমিব সচিবৈঃ সহোপবিষ্টং দদর্শ।

মানুষ [এবং] পদাতি [হইয়াও] রাম একাকী সেই চতুর্দ্দশসহস্র রাক্ষস বধ করিয়াছেন দেখিয়া এবং খর, ত্রিশিরা ও দূষণকে নিপাতিত করিয়াছেন দেখিয়া শূর্পণখা মহাশব্দে চীৎকার করিয়া উঠিল ॥ ১ ॥

রামচন্দ্র অন্যের সুদুষ্কর কার্য্য সাধন করিয়াছেন দেখিয়া শূর্পণখা নিতান্ত উদ্বিগ্ন হইয়া রাবণপালিত লঙ্কায় আসিয়া উপস্থিত হইল ॥ ২ ॥

সে লোকপীড়ক রাবণকে, দেবগণের সহিত উপবিষ্ট ইন্দ্রের ন্যায় বিমানাগ্রে (প্রাসাদের উপরিতলে) সচিবগণের সহিত উপবিষ্ট দেখিতে পাইল ॥ ৩ ॥

১। অতঃ পরং ভ-পুস্তকে 'দৃষ্ট্বা হতান্ মহানাদান্ ননাদ জলদো যথা।' ইত্যধিকঃ। ২। ছ 'সুসংবিগ্না'।

আসীনং সূর্য্যসঙ্কাশে[১] কাঞ্চনে পরমাসনে।
রুক্মবেদীগতং[২] দেবং জ্বলন্তমিব পাবকম্ ॥ ৪ ॥
দশাস্যং বিংশতিভুজং দর্শনীয়পরিচ্ছদম্।
তাম্রাক্ষং[৩] বিপুলোরস্কং রাজলক্ষণলক্ষিতম্ ॥ ৫ ॥
স্নিগ্ধজীমূতসঙ্কাশং[৪] তপ্তকাঞ্চনভূষণম্[৫]।
সুভুজং শ্বেতদশনং[৬] মহাস্যং[৭] পর্ব্বতোপমম্ ॥ ৬ ॥
দেবগন্ধর্ব্বযক্ষাণাম্[৮]ঋষীণাঞ্চ মহাত্মনাম্।
অজেয়ং সমরে শূরং ব্যাত্তাননমিবান্তকম্ ॥ ৭ ॥

৪। লো-টী। প্রচণ্ডতায়াং সূর্য্যসঙ্কাশম্।

৫। লো-টী। দর্শনীয়ং সুবর্ণমিতি বিমলবোধঃ। যদ্বা দর্শনীয়া দৃশ্যা মনোরমাঃ পরিচ্ছদাঃ সিংহাসনাদয়ো যস্য তম্।

৪। টিপ্পনী। রাবণং বর্ণয়ন্ত্যাহ—আসীনমিতি। রুক্মবেদীগতং স্বর্ণবেদীস্থম্, জ্বলন্তং দেবং পাবকমিব। রুক্মবেদীগতং হিরণ্যেষ্টকাচিতাং বেদীং প্রাপ্তম্। তিঃ।

৫। টিপ্পনী। দর্শনীয়পরিচ্ছদং দর্শনীয়ঃ সুন্দরঃ পরিচ্ছদশ্ছত্রচামরাদয়ো যস্য তম্। রাজলক্ষণলক্ষিতং রাজলক্ষণৈর্ণ্ পতিচিহ্নৈর্লক্ষিতং চিহ্নিতম্।

৬। টিপ্পনী। জীমূতা মেঘাঃ। সুভুজং দীর্ঘবৃত্তভুজম্, শ্বেতদশনং শুভ্রদন্তম্, মহাস্যং বিকটাস্যম্।

৭। টিপ্পনী। ব্যাত্তাননং সর্ব্বপ্রাণিগ্রাসায় প্রসারিতবদনম্ অন্তকমিব।

[শূর্পণখা দেখিল] সূর্য্যের ন্যায় [সমুজ্জ্বল] কাঞ্চনময় উৎকৃষ্ট আসনে রাবণ, স্বর্ণবেদীস্থিত জ্বলন্ত অগ্নিদেবতার ন্যায় উপবিষ্ট রহিয়াছেন ॥ ৪ ॥

তাঁহার দশ বদন, তাঁহার বিংশতি বাহু, তাঁহার পরিচ্ছদ দেখিতে সুন্দর; তিনি রক্তাক্ষ, বিশালবক্ষাঃ [এবং] রাজলক্ষণসমূহে লক্ষিত ॥ ৫ ॥

তিনি স্নিগ্ধজলধরসদৃশ [কমনীয়কান্তি], তাঁহার ভূষণ তপ্তকাঞ্চননির্ম্মিত, তিনি সুভুজ, শুভ্রদন্ত, বিকটবদন এবং [আকারে] পর্ব্বততুল্য ॥ ৬ ॥

১। ঙ-ঝ '-শং'। ২। ছ '-স্থিতং'। ৩। ড '-স্রাস্তং'। ৪। ক-ঝ '-দৃশং'। ৫। ঘ '-ষিতম্'। ৬। ড '-বদনং'। ৭। ঙ '-নমহা-'। ৮। ক-ঝ '-দানব-'।

দেবাসুরবিমর্দ্দেষু বজ্রাশনিকৃতব্রণম্।
ঐরাবতবিষাণৈশ্চ বহুশঃ কৃতলক্ষণম্॥ ৮॥
বিষ্ণুচক্রনিপাতৈশ্চ বহুশো দেবসংযুগে।
বিক্ষতাঙ্গং সমগ্রৈশ্চ দেবপ্রহরণৈ রণে॥ ৯॥
অক্ষোভ্যাণাং সমুদ্রাণাং ক্ষোভণং ক্ষিপ্রকারিণম্।
ভেত্তারং পর্ব্বতাগ্রাণাং শূরাণাঞ্চ মহাবলম্।
উচ্ছেত্তারঞ্চ ধর্ম্মাণাং পরদারাভিমর্দ্দনম্॥ ১০॥

৮। লো-টী। বিমর্দ্দেষু বজ্রাশনিকৃতব্রণং বজ্রাশনিনা কৃতো ব্রণঃ ক্ষতং যস্য তম্। 'বজ্রাশনিঃ স্মৃতো বজ্রে' ইতি বিমলবোধঃ। বিষাণৈর্দন্তৈঃ, 'বিষাণং পশুশৃঙ্গেভদন্তয়োরি'তি কোষঃ।

৯। লো-টী। বহুশঃ বহুষু অঙ্গেষু কৃতলক্ষণং কৃতচিহ্নম্। বহুশো বারং বারং দেবসংযুগে বিক্ষতাঙ্গম্, রণে দেবপ্রহরণৈরিতি বাক্যদ্বয়ম্।

৮। টিপ্পনী। বিমর্দ্দো যুদ্ধম্। বজ্রাশনির্বজ্রং তেন কৃতব্রণং তৎকৃতক্ষতচিহ্নসমন্বিতমিত্যর্থঃ। বিষাণৈর্দন্তৈর্বহুশঃ দেহস্য বহুষু স্থলেষু কৃতলক্ষণং কৃতক্ষতচিহ্নম্।

৯। টিপ্পনী। দেবসংযুগে দেবযুদ্ধে সমগ্রৈর্দেবপ্রহরণৈর্দেবানামায়ুধৈর্ব্বিক্ষতাঙ্গম্, অক্ষোভ্যাণাং ক্ষোভয়িতুমশক্যানাং সমুদ্রাণাং ক্ষোভণং ক্ষোভকর্ত্তারম্। ক্ষিপ্রকারিণং ঝটিতি সর্ব্বকার্য্যপ্রবর্ত্তকম্।

১০। টিপ্পনী। ধর্ম্মাণাম্ উচ্ছেত্তারম্ উচ্ছেদকর্ত্তারম্, এতেন উচ্ছাস্ত্রবর্ত্তিত্বমুক্তম্, পরদারাভিমর্দ্দনং পরস্ত্রীধর্ষণকারিণঞ্চ।

তিনি বীর, তিনি প্রসারিতবদন অন্তকের ন্যায় সমরে মহাত্মা দেব গন্ধর্ব্ব যক্ষ এবং ঋষিগণের অজেয়॥ ৭॥

দেবাসুরসংগ্রামে বজ্রের দ্বারা [তাঁহার দেহে] ক্ষত [-চিহ্ন] উৎপন্ন হইয়াছে, এবং ঐরাবতের দন্তে [-ও] [তাঁহার দেহের] বহুস্থলে [ক্ষত-] চিহ্ন উৎপন্ন হইয়াছে॥ ৮॥

দেবগণের সহিত যুদ্ধে রণস্থলে বিষ্ণুচক্রনিপাতের দ্বারা এবং দেবগণের সমগ্র অস্ত্রের দ্বারা তাঁহার দেহ বহুবার ক্ষতবিক্ষত হইয়াছে॥ ৯॥

১। ঘ-ঙ-ছ-ঠ '-বণ-'। ২। ক '-পাগ্রৈর্ব্ব-'। ৩। ছ 'রণিতং রণে'। ৪। ছ 'কৃত্তাঙ্গসন্নিমগ্নৈশ্চ' ৫। ঙ '-রণে'। ৬। ঘ-ছ-ঠ 'পুরা-'। ৭। ঙ '-ত্তারক'। ৮। ছ '-মর্দ্দিনম্'।

দৈত্যানাং দানবানাঞ্চ[1] রাক্ষসানাঞ্চ[2] সংযুগে।
হন্তারমথ চাস্ত্রাণাং[3] প্রয়োক্তারং মহারথম্ ॥ ১১ ॥
যেন ভোগবতীং গত্বা[4] পরাজিত্য চ বাসুকিম্।
তক্ষকস্য প্রিয়া ভার্য্যা বিক্রমেণ[5] হৃতা[6] পুরা ॥ ১২ ॥
যেন বৈশ্রবণো রাজা পরাক্রম্য[7] রণে[8] জিতঃ।
কৈলাসং পর্ব্বতশ্রেষ্ঠমধ্যাসীনো মহাবলঃ[9]।
বিমানং[10] পুষ্পকং তস্য[11] কামগঞ্চ[12] জহার যঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। অথবাস্ত্রাণাং কৃত্যানাম্, রেফলোপাদিতি বিমলবোধঃ। অথবা-স্ত্রাণামথর্বাস্ত্রাণামিতি তত্ত্বাভিপ্রায়ঃ। নৈরুক্ত্যাদ্বর্ণলোপ ইতি।

১১। টিপ্পনী। অস্ত্রাণাং দিব্যাস্ত্রাণাং প্রযোক্তারম্। 'সর্ব্বদিব্যাস্ত্রযোক্তারং যজ্ঞবিঘ্নকরং সদা' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (৩৷৩২৷১৩)।

১২। টিপ্পনী। পরদারাভিমর্দ্দনং বিবৃণোতি—যেনেতি। ভোগবতীং নাগস্বামিকাং পুরীং গত্বা বাসুকিং পরাজিত্য তক্ষকস্য তক্ষকঞ্চ পরাজিত্য তক্ষকস্য প্রিয়াং ভার্য্যাং জহার। তক্ষকস্যেত্যুভয়ান্বয়ি। শিরোঃ।

১৩। টিপ্পনী। পর্ব্বতশ্রেষ্ঠং কৈলাসমধ্যাসীনো রাজা বৈশ্রবণঃ কুবেরো যেন রণে জিতঃ। কামগং কামচরম্।

তিনি অক্ষোভ্য সাগরকেও ক্ষুভিত করিতে পারেন, তিনি ক্ষিপ্রকর্ম্মা, তিনি মহাবল, তিনি পর্ব্বতশিখরকে বিদারিত এবং বীরগণকে বিমর্দ্দিত করিতে পারেন, তিনি ধর্ম্মের উচ্ছেদকারী [এবং] পরস্ত্রীধর্ষণকারী ॥ ১০ ॥

যুদ্ধে তিনি দৈত্য দানব এবং রাক্ষসগণকে সংহার করেন, তিনি [দিব্য] অস্ত্রসমূহ প্রয়োগ করিয়া থাকেন, তিনি মহারথ ॥ ১১ ॥

যিনি পূর্ব্বকালে ভোগবতীতে গমন করিয়া এবং বাসুকিকে [ও তক্ষককে] পরাজয় করিয়া [স্ব-] বিক্রমে তক্ষকের প্রিয়া ভার্য্যাকে হরণ করিয়া-ছিলেন ॥ ১২ ॥

১। ঘ-ঙ-ঠ-ড 'রাক্ষসানাঞ্চ'। ২। ঘ-ঙ-ঠ-ড 'গন্ধর্ব্বাণাঞ্চ' ৩। ঙ-ড 'রাষ্ট্রাণাং', ছ-ঝ 'বাস্ত্রাণাং'। ৪। ঠ 'পরিবজ্য'। ৫। ঝ 'যেন'। ৬। ছ '-পাহৃতা'। ৭। ক 'রণে বিক্রম্য নির্জ্জিতঃ'। ৮। ড 'পরাজিতঃ'। ৯। ঠ '-রথঃ'। ১০। ঘ-ঠ-পুস্তকয়োরিতোঽর্দ্ধদ্বয়ং নাস্তি। ১১। ঙ-ড '-শস্ত'। ১২। ঙ-ছ-ড 'চ'।

[1] প্রাসাদক্রমচিত্রাঙ্গং নানাখগমৃগাকুলম্ ।
বনং চৈত্ররথং দিব্যং [2] নলিনীনন্দনং বনম্ ।
যো বিনাশিতবান্ ক্রোধাদ্দেবোদ্যানানি বীর্য্যবান্ ॥ ১৪ ॥
সূর্য্যাচন্দ্রমসৌ দেবাবুত্তিষ্ঠন্তৌ পরন্তপঃ ।
নিবারয়তি বাহুভ্যাং যঃ শৈলশিখরোপমঃ[3] ॥ ১৫ ॥
দশ বর্ষসহস্রাণি তপস্তপ্তং মহাবনে ।
ঊর্দ্ধপাদেন গোকর্ণে যেন পাবকসঞ্চয়ে ॥ ১৬ ॥

১৪। লো-টী। চৈত্ররথং বনং কুবেরস্য। নলিনী নদী তদ্বিশিষ্টং নন্দনবনম্ ইন্দ্রবনঞ্চ। দেবোদ্যানানি অন্যেষাং দেবানামুদ্যানানি চ।

১৪। টিপ্পনী। প্রাসাদক্রমচিত্রাঙ্গং প্রাসাদৈক্র্মৈশ্চ চিত্রাণি অঙ্গানি ভূময়ো যস্য তৎ। 'নলিনীং নন্দনং বনম্' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (৩।৩২।১৫)। নলিনীং চৈত্ররথবনমধ্যবর্ত্তিনীং সরসীম্। তিঃ। চৈত্ররথং তৎসংজ্ঞকং বনং কুবেরকাননম্, নলিনীং তদন্তর্বর্ত্তিসরসীঞ্চ, নন্দনং তৎসংজ্ঞকং বনম্ ইন্দ্রকাননম্। শিরোঃ। নলিনীং কুবেরস্য পুষ্করিণীম্, নন্দনং বনম্ ইন্দ্রোদ্যানম্, দেবোদ্যানানি নন্দনবনাদন্যানি। গোঃ রাঃ।

১৫। টিপ্পনী। উত্তিষ্ঠন্তৌ উদ্যন্তৌ।

১৬। টিপ্পনী। পাবকসঞ্চয়ে অগ্নিরাশৌ পঞ্চাগ্নিমধ্যে ইত্যর্থঃ।

যিনি পর্ব্বতশ্রেষ্ঠ কৈলাসে অধিষ্ঠিত মহাবল রাজা কুবেরকে পরাক্রম প্রকাশপূর্ব্বক যুদ্ধে জয় করিয়াছিলেন এবং যিনি তাঁহার কামচারী পুষ্পক বিমান অপহরণ করিয়াছিলেন ॥ ১৩ ॥

যে বীর্য্যশালী [রাবণ] ক্রোধভরে প্রাসাদক্রমচিত্রাঙ্গ (যাহার অঙ্গ বা ভূমি প্রাসাদ ও পাদপশ্রেণীবিচিত্রিত) নানামৃগপক্ষিসমাকুল [কুবেরের] চৈত্ররথ কানন, নলিনী-নদীসমন্বিত [ইন্দ্রের] নন্দনবন এবং দেবগণের [অন্যান্য] উদ্যান বিনাশ করিয়াছিলেন ॥ ১৪ ॥

পর্ব্বতশিখরোপম শত্রুতাপন যে রাবণ উদীয়মান দেবতা চন্দ্র ও সূর্য্যকে দুই বাহুর দ্বারা নিবারণ করিতে পারেন ॥ ১৫ ॥

১। ঝ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। ঘ-ছ 'নলিনীং নন্দনং', ঙ 'নন্দিনীনন্দনং'। ৩। ঠ '-রোহপমঃ'।

ব্রহ্মণা যোঽভ্যনুজ্ঞাতো নিমেষান্তরচারিতাম্[1]।
কামরূপধরত্বঞ্চ[2] প্রতিপেদে মহারথঃ ॥ ১৭ ॥
বালেন্দুনিভদংষ্ট্রাণি ভাস্করাভানি বীর্য্যবান্।
স্বয়ম্ভুবে যস্তরসা শিরাংস্যুপজহার হ[3] ॥ ১৮ ॥
মন্ত্রৈরভিহুতং[4] পূর্ব্বমধ্বরেষু[5] দ্বিজাতিভিঃ।
হবির্দ্ধানেষু[6] যঃ[7] সোমং ধর্ষয়ামাস নৈকশঃ[8] ॥ ১৯ ॥

১৭। লো-টী। নিমেষেণ অন্তরে ত্রৈলোক্যস্য মধ্যে বহিশ্চারিতাং গমনশীলতাম্।

১৮। লো-টী। বালেন্দুনিভাঃ সূক্ষ্মা দংষ্ট্রা যেষু তানি শিরাংসি। দংষ্ট্রাণামর্ণাদ্ ভাস্করবৎ শুক্লা আভা দীপ্তির্যেষু তানি।

১৯। লো-টী। যঃ পূর্ব্বম্ অধ্বরেষু অভিষ্টুতং সোমং নৈকধা ভক্ষয়ামাস। হবিষাং দানং যেষু তেষু। 'হবির্ধানেষ্বি'তি বা পাঠঃ, হবির্ধীয়তে আধীয়তে যেষু তেষু।

১৭। টিপ্পনী। ব্রহ্মণা অভ্যনুজ্ঞাতঃ কৃতানুমতিকঃ ব্রহ্মণোঽনুজ্ঞয়েত্যর্থঃ, যঃ নিমেষান্তরচারিতাং নিমেষেণ স্থানাৎ স্থানান্তরগমনসামর্থ্যং কামরূপধরত্বম্ ইচ্ছানুরূপরূপধারণ-সামর্থ্যঞ্চ প্রতিপেদে লেভে।

১৮। টিপ্পনী। ভাস্করাভানি সূর্য্যবদ্ দীপ্তিমন্তি শিরাংসি যস্তরসা ক্ষিপ্রতয়া কিমপ্যবিচিন্ত্যেত্যর্থঃ, স্বয়ম্ভুবে উপজহার উপহৃতবান্ পূজোপকরণানি চকারেত্যর্থঃ।

যিনি গোকর্ণতীর্থে মহাবনে অগ্নিরাশির মধ্যে ঊর্দ্ধপাদ হইয়া দশসহস্রবৎসর তপস্যা করিয়াছিলেন ॥ ১৬ ॥

ব্রহ্মার অনুমতি প্রাপ্ত হইয়া (অর্থাৎ ব্রহ্মার অনুমতিক্রমে) যে মহারথ নিমেষান্তরচারিতা (নিমেষমধ্যে একস্থান হইতে অন্যস্থানে যাওয়ার ক্ষমতা) এবং কামরূপধরত্ব (নানারূপ ধারণ করিবার ক্ষমতা) লাভ করিয়াছিলেন ॥ ১৭ ॥

যে বীর্য্যশালী রাক্ষসরাজ ক্ষিপ্রকারিতাসহকারে (অর্থাৎ কোনরূপ চিন্তা না করিয়া) নবচন্দ্র [-কলা]-সদৃশ-দন্তরাজীবিরাজিত ভাস্করপ্রভ [স্বীয়] মুণ্ডসমূহ ব্রহ্মাকে উপহার প্রদান করিয়াছিলেন ॥ ১৮ ॥

১। ক-ঠ '-রিণা' ঙ '-রিণাম্'। ২। ড '-বলঃ'। ৩। ঙ-ছ-ড 'চ', ঝ 'যঃ'। ৪। ঝ 'মন্ত্রৈ-'। ৫। ছ '-ক্রতং', ঝ-ড '-মৃতং'। ৬। দ '-র্ধানেষু', ঙ '-দ্ধানেন'। ৭। ঠ 'যৎ'। ৮। ঝ '-কধা'।

উপর্য্যুপরি যস্যৈতি[১] সংগৃহীতাংশুরংশুমান্[২]।
পুর্য্যাং রাক্ষসরাজস্য ভীতভীতো দিবাকরঃ ॥ ২০ ॥
পুণ্যযজ্ঞহনং[৩] ক্রূরং ব্রহ্মঘ্নং দুষ্টচারিণম্।
কর্কশং নিরনুক্রোশং প্রজানামহিতে রতম্ ॥ ২১ ॥
দেবদানবযক্ষাণাং পিশাচোরগরক্ষসাম্।
অভয়ং যস্য সংগ্রামে মৃত্যুতো[৪] মানুষাদৃতে ॥ ২২ ॥

২০। লো-টী। [সংগৃহীতাংশুঃ রশ্মিমান্] যস্য পুর্য্যাং সংগৃহীতাংশুঃ সঙ্কোচিতরশ্মিঃ সন্ এতি গচ্ছতি। সংগৃহীতাংশুরিতি আর্ষঃ সন্ধ্যাভাবঃ।

২১। লো-টী। পুণ্যং পুণ্যকর্ম্ম, যজ্ঞঞ্চ হন্তারম্।

২২। লো-টী। ঋতে বিনা।

১৯। টিপ্পনী। পূর্ব্বং পুরা অধ্বরেষু যাগেষু হবির্দ্ধানেষু মন্ত্রৈঃ প্রাতরনুবাকগ্রাবস্তোত্রাদিভিঃ করণৈঃ দ্বিজাতিভিঃ অভিহুতং ক্ষরিতং সোমং যো ধর্ষয়ামাস উপহতবান্ অপবিত্রং চকারেত্যর্থঃ। হবির্দ্ধানেষু সোমাভিষবশালাসু। গোঃ রাঃ।

২০। টিপ্পনী। যস্য রাক্ষসরাজস্য পুর্য্যামুপর্য্যুপরি পুর্য্যা উপরি ভাগে ইত্যর্থঃ, অংশুমান্ কিরণমালী দিবাকরঃ ভীতভীতঃ অতীব ভীতঃ সন্ সংগৃহীতাংশুঃ অত্যধিকতাপদানভিয়া স্বস্মিন্ কিরণান্ সন্নিকৃষ্যেত্যর্থঃ, এতি।

২১। টিপ্পনী। কর্কশম্ অতিরুক্ষম্, নিরনুক্রোশং দয়ারহিতম্।

২২। টিপ্পনী। সংগ্রামে যস্য দেবাদীনাম্ অভয়ং ভয়াভাবোঽস্তি দেবাদিভ্যো যস্য ভয়ং নাস্তীত্যর্থঃ। মৃত্যুতঃ মৃত্যোঃ ষষ্ঠ্যর্থে তসিঃ, মানুষাদৃতে মনুষ্যং বিনা, মনুষ্যাত্তু ভয়মস্তীত্যর্থঃ। গোঃ রাঃ।

পূর্ব্বে যিনি বহুবার যজ্ঞে সোমাভিষবগৃহে ব্রাহ্মণগণকর্ত্তৃক মন্ত্রোচ্চারণপূর্ব্বক ক্ষরিত সোমরস অপবিত্র করিয়া দিয়াছেন ॥ ১৯ ॥

যে রাক্ষসরাজের পুরীর উপরিভাগে কিরণমালী দিবাকর নিতান্ত ভীত হইয়া [নিজ] কিরণজাল সঙ্কোচপূর্ব্বক আগমন করিয়া থাকেন ॥ ২০ ॥

তিনি পবিত্র যজ্ঞের হন্তা, ক্রূরস্বভাব, ব্রাহ্মণঘাতী, দুষ্টকর্ম্মা, কর্কশ (রুক্ষস্বভাব), নির্দ্দয় এবং সর্ব্বলোকের অনিষ্টসাধনে রত ॥ ২১ ॥

১। ঙ-ছ '-স্যেতি'। ২। ৰ '-রশ্মিমান্'। ৩। ঙ '-হরং'। ৪। ঙ 'মৃত্যুনো'।

রাবণং সর্ব্বলোকানাং[১] সর্ব্বসত্ত্বভয়ঙ্করম্।
রাক্ষসং ভ্রাতরং দৃষ্ট্বা ক্রুদ্ধা সমুপস্থৃত্য[২] চ[৩] ॥ ২৩ ॥
তমব্রবীদ্দীপ্তবিশাললোচনা
বিষণ্ণরূপা ভয়মোহমূর্চ্ছিতা।
সুদারুণং বাক্যমদীনভাষিণী
মহাবলং[৪] শূর্পণখা বিরূপিতা ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণবর্ণনা নাম
সপ্তত্রিংশঃ সর্গঃ ॥ ৩৭ ॥

২৩-২৪। লো-টী। তমুপস্থৃত্য তস্য সমীপং গত্বা তমব্রবীৎ। অদীনভাষিণী অভীতভাষিণী। 'দীনো বাচ্যবদ্দুর্গতে ভীতে' ইতি কোষঃ।

২৩-২৪। টিপ্পনী। সর্ব্বলোকানাং রাবণং পীড়াদায়কং সর্ব্বসত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং ভয়ঙ্করং ভয়জনকং মহাবলং রাক্ষসং ভ্রাতরং দৃষ্ট্বা তং সমুপস্থৃত্য তৎসমীপমাগত্য দীপ্তবিশালনেত্রা দীপ্তে ক্রোধেন প্রদীপ্তে বিশালনেত্রে যস্যাঃ সা, ভয়েন মোহেন দুঃখেন চ মূর্চ্ছিতা অবিবেকং প্রাপ্তা, বিরূপিতা বিরূপং প্রাপিতা শূর্পণখা বক্ষ্যমাণং সুদারুণং বাক্যম্ অব্রবীৎ।

মানুষ ব্যতিরেকে [কি] দেব দানব যক্ষ [কি] পিশাচ উরগ রাক্ষস [প্রভৃতি কাহারও] হইতে সমরে যাঁহার মৃত্যুভয় নাই ॥ ২২ ॥

ক্রোধাবিষ্টা প্রদীপ্তবিশালনেত্রা বিষণ্ণাকৃতি ভয়মোহমূর্চ্ছিতা (ভয়ে ও দুঃখে যাহার ইতিকর্ত্তব্যতাজ্ঞান নষ্ট হইয়াছে) অকুণ্ঠভাষিণী বিরূপিতা (যাহাকে বিরূপা করা হইয়াছে) শূর্পণখা সর্ব্বলোকের পীড়াদায়ক সর্ব্বপ্রাণীর ভীতিজনক সেই মহাবল রাক্ষস ভ্রাতাকে দর্শন করিয়া [তাঁহার] সমীপে আগমনপূর্ব্বক [এই] সুদারুণ বাক্য বলিল—॥ ২৩-২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রাবণবর্ণন-নামক
সপ্তত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩৭ ॥

১। ড '-লোক-'। ২। ঘ 'তমুপ-', ঙ 'সমুপপত্য', ছ 'সমভিসৃত্য', ঠ 'তমুপস্থৃত্য'। ৩। ঠ-ড 'সা'।
৪। ঘ-ঙ-ঠ-ড '-ঘনা', ছ '-ঘনা'।

অষ্টাত্রিংশঃ সর্গঃ

ততঃ শূর্পণখা দীনা রাবণং লোকরাবণম্ ।

অমাত্যমধ্যে সংক্রুদ্ধা পরুষং বাক্যমব্রবীৎ ॥ ১ ॥

প্রমত্তঃ কামভোগেষু স্বৈরবৃত্তো নিরঙ্কুশঃ ।

সমুৎপন্নং ভয়ং ঘোরং বোদ্ধব্যং নাববুধ্যসে[১][২] ॥ ২ ॥

সক্তং[৩] গ্রাম্যেষু ভোগেষু কামবৃত্তং মহীপতিম্[৪] ।

লুব্ধং ন বহুমন্যন্তে শ্মশানাগ্নিমিব প্রজাঃ ॥ ৩ ॥

১। লো-টী। অদীনা অভীতা।

১। টিপ্পনী। দীনা রামপরিভূতত্বাৎ। স্বপরিভবদর্শনেঽপি ভ্রাতুর্নিশ্চলতয়া সংক্রুদ্ধা। গোঃ রাঃ।

২। টিপ্পনী। কামভোগেষু প্রমত্তঃ প্রসক্তঃ স্বৈরবৃত্তো যথেষ্টাচরণঃ নিরঙ্কুশঃ প্রতি-বন্ধরহিতস্ত্বং বোদ্ধব্যং চারমুখেণ জ্ঞাতব্যং ঘোরং ভয়ং নাববুধ্যসে ন জানাসি। কামভোগেষু প্রমত্তোঽতিশয়প্রসক্তঃ। তিঃ। নিরঙ্কুশো নীতিমর্য্যাদারহিতঃ। শিরোঃ। নিরঙ্কুশঃ কামভোগ এব নিষ্প্রতিবন্ধঃ। গোঃ রাঃ।

৩। টিপ্পনী। গ্রাম্যেষু ভোগেষু স্ত্র্যাদিভোগেষু সক্তম্ আসক্তং কামবৃত্তং যথেষ্টাচরণং মহীপতিং প্রজাঃ শ্মশানাগ্নিমিব ন বহুমন্যন্তে। গ্রাম্যেষু অনভিজ্ঞজনসম্বন্ধিষু ভোগেষু স্ত্র্যাদিপ্রসঙ্গেষু। শিরোঃ। লুব্ধং ভোগলোলুপম্। শ্মশানাগ্নিমিব, অস্পৃশ্যত্বেন সাদৃশ্যম্। তিঃ।

তদনন্তর, দুঃখভাবাপন্না ক্রোধাবিষ্টা শূর্পণখা অমাত্যগণের মধ্যে লোকপীড়ক রাবণকে [এই] কর্কশ বাক্য বলিল—॥ ১ ॥

তুমি কামভোগে প্রমত্ত (অতীব আসক্ত) স্বেচ্ছাচারী [এবং] নিরঙ্কুশ (অর্থাৎ তোমাকে বাধা দেওয়ার কেহই নাই) ; [চারমুখে তোমার] জানা উচিত হইলেও তুমি জানিতেছ না [যে], ভীষণ বিপদ্ উপস্থিত হইয়াছে ॥ ২ ॥

গ্রাম্য ভোগে (স্ত্রী-সম্ভোগে) আসক্ত স্বেচ্ছাচারী [ভোগ-] লোলুপ মহীপতিকে প্রজাগণ শ্মশানাগ্নির ন্যায় [অস্পৃশ্য বলিয়া] ঘৃণা করিয়া থাকে ॥ ৩ ॥

১। ক-ব 'নাসু-'। ২। ব '-বর্ত্তসে'। ৩। ছ 'সততং গ্রাম্যধর্ম্মেষু স্বৈরবৃত্তং', ঝ-ঠ 'শক্তং'। ৪। ঠ 'নরাধিপম্'।

স্বয়ং কার্য্যাণি যঃ কালে নানুতিষ্ঠতি ভূমিপঃ
তস্যাত্মা সহ রাজ্যেন সহ কার্য্যৈর্বিনশ্যতি ॥ ৪ ॥
ভ্রষ্টাচারমধর্ম্মজ্ঞমস্বাধীনং নরাধিপম্[১]।
বর্জ্জয়ন্তি প্রজা[২] দূরান্নদীপঙ্কমিব দ্বিপাঃ ॥ ৫ ॥
যে ন রক্ষন্তি বিষয়ং পরাধীনা নরাধিপাঃ।
তে বৃদ্ধ্যা[৩] ন প্রকাশন্তে গিরয়ঃ সাগরে যথা ॥ ৬ ॥

৪। লো-টী। আত্মা শরীরং কার্য্যাণি চ নশ্যন্তীত্যর্থঃ।

৫। লো-টী। ভ্রষ্টাচারং ভ্রষ্টরাজধর্ম্মম্। 'নদীপঙ্কমি'তি পাঠঃ। 'পঙ্কাদি'তি পাঠে পঙ্কাদ্ধেতোঃ।

৬। লো-টী। সাগরানিব সাগরান্ প্রাপ্যেব। 'সাগরান্ যথে'তি বা পাঠঃ।

৪। টিপ্পনী। যো ভূমিপঃ কালে সাধনসময়ে স্বয়ং কার্য্যাণি ন অনুতিষ্ঠন্তি তস্যাত্মা রাজ্যেন তৈরননুষ্ঠিতৈঃ কার্য্যৈশ্চ সহ বিনশ্যতি। তস্য রাজ্যভ্রংশো জায়তে কার্য্যাণি ন সম্পন্নানি ভবন্তি স্বয়ঞ্চ নাশমাপ্নোতীত্যর্থঃ। কার্য্যাণি পালনাদীনি। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। অস্বাধীনং স্ত্র্যাদিপরতন্ত্রম্। তিঃ। অস্বাধীনং ভোগবশমিত্যর্থঃ। শিরোঃ। অস্বাধীনং পত্ন্যাদিপরতন্ত্রং পরপ্রত্যয়নেয়বুদ্ধিং বা। গোঃ রাঃ।

৬। টিপ্পনী। যে পরাধীনা ভোগপরতন্ত্রা নরাধিপা বিষয়ং রাজ্যং ন রক্ষন্তি তে সাগরে মগ্না গিরয় ইব বৃদ্ধ্যা অভ্যুদয়েন ন প্রকাশন্তে প্রকাশং লভন্তে তেষাম্ অভ্যুদয়ো ন পরিদৃশ্যতে ইতি যাবৎ। তে সাগরে নিমগ্না ইতি শেষঃ, গিরয় ইব বৃদ্ধ্যা স্বসম্পত্ত্যাধিক্যেন ন প্রকাশন্তে। শিরোঃ।

যে ভূমিপতি যথাসময়ে স্বয়ং [কর্ত্তব্য] কার্য্যসমূহের অনুষ্ঠান করেন না, তাঁহার আত্মা রাজ্য এবং [সেই সমস্ত] কার্য্যের সহিত বিনষ্ট হইয়া থাকে (অর্থাৎ তিনি রাজ্যভ্রষ্ট হয়েন, তাঁহার কার্য্যসমূহ অসম্পন্নই থাকিয়া যায় এবং পরিশেষে তিনি মৃত্যুমুখে পতিত হয়েন) ॥ ৪ ॥

হস্তিগণ যেরূপ দূর হইতেই নদীপঙ্ক পরিহার করে, প্রজাগণও সেইরূপ আচারভ্রষ্ট অধর্ম্মজ্ঞ অস্বাধীন (ভোগপরতন্ত্র) নৃপতিকে পরিহার করিয়া থাকে ॥ ৫ ॥

১। ছ 'মহীপতিম্'। ২। ক-খ 'নরা'। ৩। ক 'মগ্না', ঙ-ড 'ন বৃদ্ধ্যা'।

বিগৃহ্যমাণা[1] গন্ধর্ব্বৈরাত্মবদ্ভিশ্চ[2] দানবৈঃ।
অযুক্তচারা রাজানো ভবিষ্যন্তি কথং নু তে[3] ॥ ৭ ॥
যেষাং কামশ্চ[4] ক্রোধশ্চ নয়শ্চ নয়তাং[5] বর।
অস্বাধীনা নরেন্দ্রাণাং প্রাকৃতৈস্তে[6] নরৈঃ[7] সমাঃ ॥ ৮ ॥
যস্মাৎ পশ্যন্তি[8] দূরস্থাঃ সর্ব্বানর্থান্ নরাধিপাঃ।
চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারচক্ষুষঃ ॥ ৯ ॥

৭। লো-টী। যে গন্ধর্ব্বৈর্দেবপুঙ্গবৈর্বিগৃহ্যমাণা বিগ্রহং কুর্ব্বাণাঃ, আত্মবদ্ভিরাত্মজ্ঞৈ-র্দানবৈরপি। 'অর্থবিদ্ভিরি'তি পাঠে ধনিভিঃ পরমার্থবিদ্ভির্বা। অযুক্তচারা অনিযুক্তচারাস্তে নু কথং রাজানো ভবিষ্যন্তি। 'গন্ধর্বো দেবভেদে স্যাদ্ গন্ধর্বো দেবপুঙ্গবে' ইতি ধ্বনিঃ।

৭। টিপ্পনী। যে আত্মবদ্ভির্গন্ধর্ব্বাদিভির্বিগৃহ্যমাণা বিরোধং কুর্ব্বাণা ভবন্তি তে অযুক্তচারা অনিযোজিতচারাঃ সন্তঃ কথং নু রাজানো ভবিষ্যন্তি চারাননিযোজ্য কথং তৈ রাজপদং চিরম্ অধিষ্ঠাতুং শক্যতে ইত্যর্থঃ। আত্মবদ্ভির্বশীকৃতান্তর্বহিরিন্দ্রিয়ৈঃ। তিঃ। আত্মবদ্ভিঃ প্রশস্তযত্নবিশিষ্টৈঃ। শিরোঃ। আত্মবদ্ভিস্ত্বৎপ্রতীকারদত্তাবধানৈরিত্যর্থঃ। গোঃ রাঃ।

৮। টিপ্পনী। হে নয়তাং বর নেতৃপ্রবর, যেষাং নরেন্দ্রাণাং কামাদয়োঽস্বাধীনাঃ-অবশীভূতাস্তে প্রাকৃতৈর্নরৈঃ সাধারণপ্রজাভিঃ সমাস্তুল্যাঃ। প্রাকৃতৈ রাজব্যবহারানর্হদাসীদাস-জনৈঃ। তিঃ।

৯। টিপ্পনী। যস্মাদ্ রাজানো দূরস্থা দূরদেশাবস্থিতা অপি সর্ব্বান্ অর্থান্ বিষয়ান্ চারেণ পশ্যন্তি তস্মাত্তে চারচক্ষুষ উচ্যন্তে।

[ভোগ-] পরতন্ত্র যে সমস্ত নৃপতি রাজ্য রক্ষা করেন না, সাগরনিমগ্ন পর্ব্বতের ন্যায় তাঁহারা বৃদ্ধিসহকারে প্রকাশ পায়েন না (অর্থাৎ তাহাদের অভ্যুদয় পরিদৃষ্ট হয় না) ॥ ৬ ॥

প্রযত্নপরায়ণ গন্ধর্ব্ব এবং দানবগণের সহিত যাঁহারা বিরোধ করেন, চার নিযুক্ত না করিলে তাঁহারা কিরূপে রাজপদে অধিষ্ঠিত থাকিতে পারেন? ॥ ৭ ॥

হে নায়কপ্রবর, যে সকল নৃপতির কাম ক্রোধ এবং নীতি স্ববশীভূত নহে, তাঁহারা সাধারণ মানুষের তুল্য ॥ ৮ ॥

১। ছ 'নিগৃ-'। ২। খ '-বিদ্-'। ৩। অতঃ পরং ঙ-পুস্তকে 'যে ন রক্ষন্তি বিষয়ং পরাধীনা নরাধিপাঃ।' ইত্যধিকঃ। ৪। ঙ 'ক্রোধশ্চ মানশ্চ', ছ 'মানশ্চ', ঠ 'চারশ্চ কোষশ্চ'। ৫। ছ 'জয়তাং'। ৬। খ '-স্তস্তে'। ৭। ঠ '-স্তৈর-'। ৮। ঙ-ছ-ঙ '-ন্ত্যান্'।

অযুক্তচারং মন্যে ত্বাং প্রাকৃতৈঃ সচিবৈর্ব্বৃতম্।
জনস্থানং হতস্থানং[১] যো মৌর্খ্যান্নাববুধ্যসে[২] ॥ ১০ ॥
খরং[৩] বিনিহতং সঙ্খ্যে দূষণঞ্চ নিপাতিতম্।
ন বুধ্যসে[৪] জনস্থানে শয়ানৌ শরপীড়িতৌ ॥ ১১ ॥
চতুর্দ্দশ সহস্রাণি রক্ষসাং দীপ্ততেজসাম্[৫]।
হতান্যেকেন রামেণ মানুষেণ পদাতিনা ॥ ১২ ॥

১০। লো-টী। জনস্থানং হতস্থানং হতসদৃশম্। 'স্থানং সাদৃশ্যেঽবকাশে স্থিতৌ বৃদ্ধি-ক্ষয়েতরে' ইতি কোষঃ।

১০। টিপ্পনী। ত্বাম্ অযুক্তচারম্ অনিযোজিতচারম্ অতঃ প্রাকৃতৈঃ সাধারণৈঃ কার্য্য-নৈপুণ্যরহিতৈরিতি যাবৎ, সচিবৈর্ব্বৃতং মন্যে। যস্ত্বং মৌর্খ্যাৎ মূর্খতাহেতোর্জ্জনস্থানং হতস্থানং বিনষ্টপ্রায়ং ন অববুধ্যসে ন জানাসি। চারাযুক্তত্বে হেতুং বদন্নাহ—অযুক্তেতি। প্রাকৃতৈঃ শাস্ত্রসংস্কাররহিতৈঃ। শিরোঃ।

১১। টিপ্পনী। শরপীড়িতৌ সন্তৌ বিনিহতং খরং নিপাতিতং দূষণঞ্চ জনস্থানে শয়ানৌ ন বুধ্যসে।

যেহেতু নৃপতিগণ, দূরে থাকিয়া [-ও] চারের দ্বারা সমস্ত বিষয় দর্শন করেন, সেই হেতু নৃপতিগণ চার-চক্ষুঃ (চারই যাঁহাদের চক্ষুঃস্বরূপ) বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৯ ॥

তোমাকে অযুক্তচার (যে চার নিযুক্ত করে নাই) [অতএব] সাধারণ সচিবগণে পরিবৃত বলিয়া আমি মনে করি ; যে তুমি মূর্খতানিবন্ধন জনস্থানকে বিনষ্টপ্রায় বলিয়া জানিতেছ না ॥ ১০ ॥

যুদ্ধে শরনিপীড়িত হইয়া নিহত খর, নিপাতিত দূষণ জনস্থানে শয়ান রহিয়াছে, [ইহা] তুমি জানিতেছ না ॥ ১১ ॥

মানুষ [ও] পদাতি রাম একাকী দীপ্ততেজঃসম্পন্ন চতুর্দ্দশসহস্র রাক্ষস বিনাশ করিয়াছে ॥ ১২ ॥

১। ছ 'হতং স্থানং', ঠ 'কৃতস্থানং'। ২। ঙ-ছ-ঝ-ড 'যন্মৌ-', ঠ 'যঃ সৌখ্যা-'। ৩। ঙ-ঝ-ড 'খরঞ্চ নি-'। ৪। ঘ '-ধ্যন্তে'। ৫। ছ-ঠ 'ভীমকর্ম্মণাম্'।

ঋষীণামভয়ং দত্তং কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ।
ধর্ষিতঞ্চ জনস্থানং রামেণাক্লিষ্টকর্ম্মণা[1] ॥ ১৩ ॥
ত্বং তু লুব্ধঃ প্রমত্তশ্চ[2] পরাধীনশ্চ রাবণ।
বিষয়ে[3] স্বে সমুৎপন্নং ভয়ং ঘোরং ন বুধ্যসে ॥ ১৪ ॥
তীক্ষ্ণং ক্রূরমদাতারং[4] প্রমত্তং মদদর্পিতম্[5]।
ব্যসনে নানুকম্পন্তে সর্ব্বভূতানি ভূমিপম্ ॥ ১৫
অভিমানিনমুদ্‌ভ্রান্তমাত্মসংভাবিতং শঠম্।
ক্রোধনঞ্চৈব[6] নৃপতিং ব্যসনে ঘ্নন্তি মানবাঃ[7] ॥ ১৬ ॥

১৩। লো-টী। ধর্ষিতং গৃহীতং নাশিতং বা।
১৫। লো-টী। ব্যসনে ব্যসনোপস্থিতিকালে।

১৩। টিপ্পনী। অক্লিষ্টকর্ম্মণা কর্ম্মণি ক্লেশমননুভবতা রামেণ দণ্ডকা দণ্ডকারণ্যং ক্ষেমা· বিঘ্নশূন্যাঃ কৃতাঃ জনস্থানঞ্চ ধর্ষিতং বিধ্বস্তম্।

১৪। টিপ্পনী। হে রাবণ, লুব্ধো ভোগলোলুপঃ প্রমত্তোঽনবধানঃ পরাধীনো বিষয়ভোগপরতন্ত্রস্ত্বং স্বে বিষয়ে স্বকীয়ে রাজ্যে সমুৎপন্নং ভয়ং ন বুধ্যসে ন জানাসি।

১৫। টিপ্পনী। তীক্ষ্ণত্বাদিদোষযুক্তং ভূমিপং ব্যসনে বিপদি সর্ব্বভূতানি নানুকম্পন্তে ন দয়ন্তে তদ্রক্ষণায় ন প্রবর্ত্তন্তে ইত্যর্থঃ।

১৬। টিপ্পনী। ব্যসনে বিপদি উপস্থিতায়াং সত্যাম্ অভিমানিনং গর্ব্বিতম্ উদ্‌ভ্রান্তম্ উচ্ছৃঙ্খলম্ আত্মসম্ভাবিতম্ আত্মানং বহুমন্যমানম্ আত্মশ্লাঘিনমিত্যর্থঃ, নৃপতিং মানবাঃ প্রজা ঘ্নন্তি। আত্মসম্ভাবিতম্ আত্মনা স্বেনৈব সম্ভাবিতং বহুমানং প্রাপ্তম্। তিঃ।

অক্লান্তকর্ম্মা রাম ঋষিদিগকে অভয় প্রদান করিয়াছে, দণ্ডকারণ্য বিঘ্নশূন্য করিয়াছে এবং জনস্থান বিধ্বস্ত করিয়াছে ॥ ১৩ ॥

হে রাবণ, [ভোগ-] লোলুপ ইন্দ্রিয়পরতন্ত্র অনবধান তুমি কিন্তু নিজ রাজ্যে সমুৎপন্ন ভীষণ বিপদ্ অবগত নহ ॥ ১৪ ॥

তীক্ষ্ণস্বভাব, ক্রূরপ্রকৃতি, অদাতা, অনবধান, [ঐশ্বর্য্য-] মদগর্ব্বিত ভূমিপতির প্রতি কোন প্রাণীই (অর্থাৎ ভৃত্য অমাত্যপ্রভৃতি কেহই) বিপদে অনুকম্পা প্রকাশ করে না ॥ ১৫ ॥

১। খ '-ণ দুষ্ট-'। ২। খ 'পরাধীনঃ প্রমত্তশ্চাপি'। ৩। খ '-য়েষু', ছ '-য়ে তে'। ৪। ঘ-ঝ 'ঘোর-'। ৫। ঘ-ঙ-ঠ-ড 'বলগর্ব্বিণম্', ছ 'বল-'। ৬। ঙ '-শ্চাপি'। ৭। ক-খ 'বৈরিণঃ'।

নানুতিষ্ঠসি কার্য্যাণি[1] ভয়েষু ন বিভেষি চ।
ক্ষিপ্রং রাজ্যচ্যুতো দীনস্তৃণতুল্যো[2] ভবিষ্যসি ॥ ১৭ ॥
শুষ্কৈঃ কাষ্ঠৈর্ভবেৎ[3] কার্য্যমপি বা পাংশুলোষ্টকৈঃ[4]।
ন তু রাজ্যপরিভ্রষ্টৈঃ কিঞ্চিৎ কার্য্যং নরাধিপৈঃ ॥ ১৮ ॥
উপভুক্তং যথা বাসঃ স্রজো বিমৃদিতা[5] যথা।
তথা রাজ্যপরিভ্রষ্টঃ[6] সমর্থোঽপি নিরর্থকঃ ॥ ১৯ ॥

১৭। লো-টী। কল্যাণং কল্যাণকর্ম্ম। 'কার্য্যাণী'তি বা পাঠঃ।
১৯। লো-টী। তস্য সম্বন্ধোঽপি নিরর্থকঃ।

১৭। টিপ্পনী। ত্বং কার্য্যাণি স্বজনপালনাদীনি নানুতিষ্ঠসি ভয়েষু, ভয়হেতুষু প্রাপ্তস্বজন-ভীতিষ্বিত্যর্থঃ, ন বিভেষি অতস্ত্বং রাজ্যচ্যুতঃ সন্ তৃণতুল্যঃ সর্ব্বৈরনাদরণীয়ো ভবিষ্যসি।

১৮। টিপ্পনী। শুষ্কৈঃ কাষ্ঠৈঃ পাংশুভির্ধূলিভির্লোষ্টৈশ্চ কিঞ্চিৎ কার্য্যং প্রয়োজনং সিদ্ধং ভবেৎ রাজ্যপরিভ্রষ্টৈর্নরাধিপৈস্তু ন কিঞ্চিৎ কার্য্যং স্যাৎ।

১৯। টিপ্পনী। উপভুক্তং পরিধৃতং বাসো বস্ত্রং যথা নিরর্থকম্, বিমৃদিতাঃ পরিমর্দ্দিতাঃ স্রজো মাল্যানি যথা নিরর্থিকাঃ তথা সমর্থো বলান্বিতোঽপি রাজ্যপরিভ্রষ্টো রাজা নিরর্থকঃ। নিরর্থকম্ অন্যপ্রয়োজনাসাধকম্। শিরোঃ।

বিপদ্ উপস্থিত হইলে, গর্ব্বিত উচ্ছৃঙ্খল আত্মশ্লাঘাপরায়ণ শঠ ও ক্রোধন-স্বভাব নৃপতিকে প্রজাগণ নিধন করিয়া থাকে ॥ ১৬ ॥

তুমি কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিতেছ না এবং ভয়কারণ উপস্থিত হইলেও ভীত হইতেছ না; অবিলম্বেই তুমি রাজ্যচ্যুত ও দুর্দ্দশাগ্রস্ত হইয়া তৃণতুল্য [মানহীন] হইবে ॥ ১৭ ॥

শুষ্ক কাষ্ঠের দ্বারা অথবা ধূলি ও লোষ্ট্রের দ্বারা [বরং] কার্য্য হয়, কিন্তু রাজ্যপরিভ্রষ্ট নৃপতির দ্বারা কোন কার্য্যই হয় না ॥ ১৮ ॥

উপভুক্ত বস্ত্র যেরূপ [নিরর্থক অর্থাৎ অন্য প্রয়োজন সাধনের উপযোগী নহে], বিমর্দ্দিত মাল্য যেরূপ [নিরর্থক], রাজ্যপরিভ্রষ্ট নৃপতি সমর্থ (বলশালী)

১। খ-ঙ-ছ 'কল্যাণং'। ২। ড '-ক্তাতি'। ৩। ছ '-মপ'। ৪। ব 'লোষ্ট্রপাংশুকৈঃ', ছ 'কাষ্ঠ-', ঝ-ড 'পাংশুলোষ্ট্রভিঃ'। ৫। ঙ 'বা মৃদিতা', ঠ 'বিমৃদিতং'। ৬। ঙ 'রাজা'।

অপ্রমত্তস্তু[1] যো রাজা সর্ব্বজ্ঞো[2] বিজিতেন্দ্রিয়ঃ।
কৃতজ্ঞো ধর্ম্মশীলশ্চ স রাজ্যে তিষ্ঠতে[3] চিরম্ ॥ ২০ ॥

নয়নৈর্যঃ প্রসুপ্তোঽপি জাগর্ত্তি নয়চক্ষুষা[4]।
ত্যক্তক্রোধোঽপ্রমাদশ্চ[5] শস্যতে স মহীপতিঃ ॥ ২১ ॥

ত্বস্তু রাবণ দুর্ব্বুদ্ধির্গুণৈরেতৈর্বিবর্জ্জিতঃ[6]।
যস্য তেঽয়ং ন বিদিতো রক্ষসাং বধ ঈদৃশঃ ॥ ২২ ॥

পরাবমন্তা বিষয়েষ্বসঙ্গবান্[7] নদেশকালপ্রবিভাগকোবিদঃ।
অযুক্তবুদ্ধির্গুণদোষদর্শনে কথং নু রাজা ভবিতাসি রক্ষসাম্ ॥ ২৩ ॥

২১। লো-টী। নয়নৈর্নেত্রৈঃ।

২৩। লো-টী। সঙ্গবান্ আসক্তঃ। দেশাদিপ্রবিভাগানামকোবিদঃ মূর্খঃ।

২১। টিপ্পনী। নয়চক্ষুষা জাগর্ত্তি অপ্রমত্তো ভবতীত্যর্থঃ। অপ্রমাদোঽনবধানতা-রহিতঃ। শস্যতে প্রশংসিতো ভবতি।

২২। টিপ্পনী। যস্য তে ন বিদিতঃ যেন ত্বয়া ন জ্ঞাত ইত্যর্থঃ।

২৩। টিপ্পনী। পরাবমন্তা সর্ব্বানাদরকারী, বিষয়েষু রাজকার্য্যেষু অসঙ্গবান্ আসক্তি-রহিতঃ তত্রানবধান ইত্যর্থঃ, নদেশকালপ্রবিভাগকোবিদঃ দেশকালবিভাগানভিজ্ঞঃ দেশং কালঞ্চ

হইলেও সেইরূপ নিরর্থক (অর্থাৎ তাঁহার দ্বারা কোন প্রয়োজন সাধিত হয় না) ॥ ১৯ ॥

কিন্তু যে রাজা অপ্রমত্ত (সাবধান), সর্ব্বজ্ঞ (স্বরাজ্যের এবং পররাজ্যের বৃত্তান্ত যাঁহার বিশেষভাবে পরিজ্ঞাত), বিজিতেন্দ্রিয়, কৃতজ্ঞ ও ধর্ম্মশীল, তিনি দীর্ঘকাল রাজ্যে অধিষ্ঠিত থাকেন ॥ ২০ ॥

যিনি [চর্ম্ম-] চক্ষুতে নিদ্রিত হইয়াও নীতিচক্ষুতে জাগরিত থাকেন, যিনি ক্রোধত্যাগী অপ্রমাদ (অনবধানতারহিত), সেই মহীপতি [-ই] প্রশংসিত হয়েন ॥ ২১ ॥

কিন্তু রাবণ, তুমি দুর্ব্বুদ্ধি ও এই সমস্ত গুণবিরহিত, যে তুমি রাক্ষসগণের এতাদৃশ এই নিধনব্যাপার পরিজ্ঞাত নহ ॥ ২২ ॥

১। ঙ '-মেয়স্তু'। ২। ঋ '-জ্ঞোঽজিতজি-'। ৩। ক 'তিষ্ঠতি', খ-ড 'বর্ত্ততে'। ৪। খ '-ষাম্'। ৫। ঘ-ঙ-ছ 'ত্যক্তক্রোধপ্রমা-', ঠ 'ত্যক্তঃ ক্রোধপ্রমাদাভ্যাং'। ৬। ছ '-রেভি-'। ৭। ঘ-ঙ-ছ-ঠ '-য়েষু সঙ্গ-'।

[1] ইতি স্বদোষান্ পরিকীর্ত্তিতাংস্তয়া
বিমৃশ্য বুদ্ধ্যা ক্ষণদাচরেশ্বরঃ।
ধনেন দর্পেণ বলেন চান্বিতঃ[2]
[3] প্রচিন্তয়ামাস চিরং স রাবণঃ ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণোদ্দীপনং নাম
অষ্টাত্রিংশঃ সর্গঃ ॥ ৩৮ ॥

বিচার্য্য কার্য্যকরণাক্ষম ইত্যর্থঃ, কার্য্যাণাং গুণদোষদর্শনে চ অযুক্তবুদ্ধিঃ অপ্রবর্ত্তিতবুদ্ধিস্ত্বং কথং রক্ষসাং রাজা ভবিতাসি ভবিষ্যসি। 'বিষয়েষু সঙ্গবান্' 'নদেশকালপ্রবিভাগতত্ত্ববিৎ' ইতি পাশ্চাত্ত্যপাঠৌ। বিষয়েষু সঙ্গবান্ অত্যাসক্তিবিশিষ্টঃ। শিরোঃ। পরাবমন্তা শক্রব্যপেক্ষাবান্, নদেশকালপ্রবিভাগতত্ত্ববিদিত্যেকং পদম্, নগ-নৈকাদিবন্নসমাসঃ; দেশকাল-ভেদাতত্ত্বজ্ঞ ইত্যর্থঃ। গোঃ রাঃ।

২৪। টিপ্পনী। তয়া শূর্পণখয়া ইত্যনেন প্রকারেণ পরিকীর্ত্তিতান্ স্বদোষান্ বুদ্ধ্যা বিমৃশ্য বিচার্য্য ধনাদিনা অন্বিতঃ ক্ষণদাচরেশ্বরঃ নিশাচরাধিপঃ স রাবণশ্চিরং বহুকালং ব্যাপ্য প্রচিন্তয়ামাস।

তুমি পরের অবমাননাকারী রাজকার্য্যে আসক্তিবিরহিত এবং দেশকাল-বিভাগে অনভিজ্ঞ (অর্থাৎ দেশকাল বিবেচনা করিয়া তুমি কার্য্য করিতে পার না); [কার্য্যের] দোষগুণবিচারে তোমার বুদ্ধি নিযুক্ত নহে, কিরূপে তুমি রাক্ষসদিগের রাজা হইবে? ॥ ২৩ ॥

ধন দর্প ও বলসমন্বিত নিশাচরাধিপতি সেই রাবণ শূর্পণখাকর্ত্তৃক এইরূপে কীর্ত্তিত নিজের দোষ বুদ্ধিপূর্ব্বক বিচার করিয়া অনেকক্ষণ পর্য্যন্ত চিন্তা করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে রাবণোদ্দীপন-নামক
অষ্টাত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩৮ ॥

১। ঙ-ড় 'নিশম্য দো-', ঠ 'ইতি স্ব দো-'। ২। ঙ-ছ-ড 'গর্ব্বিতঃ', ঝ 'গব্বিতঃ'। ৩। ছ 'বিচি-'।

একোনচত্বারিংশঃ সর্গঃ

ততঃ শূর্পণখাং ক্রুদ্ধাং[1] ব্রুবতীং পরুষং বচঃ।
অমাত্যমধ্যে সংক্রুদ্ধঃ পরিপপ্রচ্ছ রাবণঃ ॥ ১ ॥
কস্য[2] রামঃ কুতো[3] রামঃ কিংবীর্য্যঃ কিংপরাক্রমঃ[4]।
কিমর্থং দণ্ডকারণ্যং[5] প্রবিষ্টশ্চ[6] সুদুর্গমম্[7] ॥ ২ ॥
আয়ুধং কিঞ্চ রামস্য নিহতা যেন রাক্ষসাঃ।
খরশ্চ[8] নিহতঃ সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা ॥ ৩ ॥
ইত্যুক্তা রাক্ষসেন্দ্রেণ রাক্ষসী ক্রোধমূর্চ্ছিতা।
ততো রামং যথাতত্ত্বমাখ্যাতুমুপচক্রমে[9] ॥ ৪ ॥

২। লো-টী। কস্য রামঃ কস্য পুত্র ইত্যর্থঃ। কুতো রামঃ কুত আগত ইত্যর্থঃ। কিং বীর্য্যং যস্য সঃ। কঃ পরাক্রমো যুদ্ধোৎসাহো যস্য সঃ।

৪। টিপ্পনী। রামং যথাতত্ত্বং যথাস্বরূপম্ আখ্যাতুং রামস্য স্বরূপং যথাযথভাবেন বর্ণয়িতুমিত্যর্থঃ, উপচক্রমে আরেভে।

অতঃপর, ক্রোধাবিষ্টা শূর্পণখা অমাত্যগণমধ্যে কর্কশ বাক্য বলিতে থাকিলে রাবণ কুপিত হইয়া জিজ্ঞাসা করিলেন—॥ ১ ॥

রাম কাহার পুত্র? রাম কোথা হইতে আসিয়াছে? তাহার কিরূপ বীর্য্য? তাহার কিরূপ পরাক্রম (যুদ্ধোৎসাহ)? কি নিমিত্ত সে অতিদুর্গম দণ্ডকারণ্যে প্রবেশ করিয়াছে? ॥ ২ ॥

আর, রামের অস্ত্র [-ই বা] কি, যাহার দ্বারা রাক্ষসগণ নিহত হইয়াছে, খর, দূষণ এবং ত্রিশিরাও যুদ্ধে নিহত হইয়াছে? ॥ ৩ ॥

রাক্ষসরাজকর্ত্তৃক এইরূপে অভিহিত হইয়া ক্রোধমূর্চ্ছিতা রাক্ষসী [শূর্পণখা] রামের স্বরূপ যথাযথভাবে বলিতে আরম্ভ করিল—॥ ৪ ॥

১। ঙ 'রুদতীং', ঠ-ড 'ব্রুবতীং'। ২। ক 'কশ্চ', ঙ-ছ 'কঃ স'। ৩। ঠ 'কথং'। ৪। ঝ 'কঃ পরা-'। ৫। ঙ-ড '-রণ্যে'। ৬। ঠ 'সংপ্রাপ্তঃ স'। ৭। ছ '-স্তু'। ৮। ড '-স্তু'। ৯। ছ '-তত্ত্বং ব্যা-'।

দীর্ঘবাহুর্ব্বিশালাক্ষশ্চীরকৃষ্ণাজিনাম্বরঃ।
কন্দর্পসমরূপশ্চ রামো দশরথাত্মজঃ ॥ ৫ ॥

শক্রচাপনিভং[1] চাপং বিকৃষ্য কনকাঙ্গদম্।
দীপ্তান্ ক্ষিপতি নারাচান্ সর্পানিব মহাবিষান্[2] ॥ ৬ ॥

নাদদানং[3] শরান্ ঘোরান্ ন মুঞ্চন্তং[4] মহাবলম্।
কার্ম্মুকং[5] বা বিকর্ষন্তং রামং পশ্যামি সংযুগে ॥ ৭ ॥

হতমেব[6] তু[7] তৎ সৈন্যং পশ্যামি শরবৃষ্টিভিঃ।
রাঘবেণোত্তমং শস্যমিন্দ্রেণেবাশ্মবৃষ্টিভিঃ[8] ॥ ৮ ॥

চতুর্দ্দশসহস্রাণি রক্ষসাং ভীমকর্ম্মণাম্।
নিহতানি শরৈস্তীক্ষ্ণৈস্তেনৈকেন[9] ধনুষ্মতা ॥ ৯ ॥

৬। টিপ্পনী। শক্রচাপনিভম্ ইন্দ্রধনুঃসদৃশং কনকাঙ্গদং কনকবলয়ভূষিতং চাপং ধনুঃ বিকৃষ্য মহাবিষান্ সর্পানিব নারাচান্ বাণবিশেষান্ ক্ষিপতি।

৭-৮। টিপ্পনী। মহাবলং রামং শরান্ আদদানং গৃহ্নন্তং শরান্ মুঞ্চন্তং কার্ম্মুকং ধনুর্বা বিকর্ষন্তং ন পশ্যামি বেগাতিশয়েনাদানাদিকং ন পশ্যামীত্যর্থঃ, কিন্তু ইন্দ্রেণোত্তমং সুপুষ্টং শস্যমিব তেন তৎ সৈন্যং হতং পশ্যামি। অশ্মবৃষ্টিভিঃ করকাময়বর্ষৈঃ। গোঃ রাঃ।

রাম দশরথের পুত্র, দীর্ঘবাহু, বিশালাক্ষ, চীরকৃষ্ণাজিনপরিহিত এবং কন্দর্প-তুল্যরূপবিশিষ্ট ॥ ৫ ॥

সে [যুদ্ধে] ইন্দ্রশরাসনসদৃশ সুবর্ণবলয়ভূষিত শরাসন আকর্ষণ করিয়া মহাবিষসর্পতুল্য প্রদীপ্ত নারাচ (বাণবিশেষ) -সমূহ নিক্ষেপ করে ॥ ৬ ॥

যুদ্ধে আমি মহাবল রামকে ভীষণ শরসমূহ না গ্রহণ করিতে না ক্ষেপণ করিতে অথবা না শরাসন আকর্ষণ করিতে দেখিয়াছি ॥ ৭ ॥

কিন্তু দেখিয়াছি, শিলাবর্ষণদ্বারা দেবরাজ যেরূপ সুপুষ্ট শস্য নষ্ট করেন, বাণবর্ষণদ্বারা রামও সেইরূপ সেই [রাক্ষস-] সৈন্য নষ্ট করিল ॥ ৮ ॥

১। ঠ '-সমং'। ২। ঙ 'বিষোপমান্'। ৩। ঠ 'আদ-'। ৪। থ-ছ 'মুঞ্চন্তং', ঙ 'প্রমুঞ্চন্তং'। ৫। ছ-ঠ '-কঞ্চাপি কর্ষ-'। ৬। থ 'ততমেব'। ৭। ঙ-থ-ড 'ততঃ'। ৮। ঙ-থ-ড 'সম্যগি-'। ৯। থ-ড '-র্দ্দিব্যৈ-'।

খরশ্চ নিহতঃ সংখ্যে দূষণস্ত্রিশিরাস্তথা ।
ঋষীণামভয়ং দত্তং কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ ॥ ১০ ॥
কথঞ্চিদেকা মুক্তাঽহং কারুণ্যাৎ স্ত্রীতি চ প্রভো ।
রামেণ তৎ কৃতং কর্ম্ম মামেবং[1] পরিভূয় চ ॥ ১১ ॥
ভ্রাতা[2] তস্য মহাতেজা গুণবাং[3]স্তুল্য[4]লক্ষণঃ ।
অনুরক্তশ্চ ভক্তশ্চ লক্ষ্মণো নাম বীর্য্যবান্ ॥ ১২ ॥

১২। গো-টী। তুল্যং সমানং লক্ষণং শুভলক্ষণং যস্য সঃ।

১০। টিপ্পনী। দণ্ডকা দণ্ডকারণ্যং ক্ষেমা বিঘ্নশূন্যাঃ কৃতাঃ।

১১। টিপ্পনী। স্ত্রীতি কৃত্বা স্ত্রীবধং শঙ্কমানেনেত্যর্থঃ, রামেণাঽহং কথঞ্চিন্মুক্তা। মাম্ এবং পরিভূয়-নাসাকর্ণহীনাং কৃত্বেত্যর্থঃ, রামেণ তদ্ রাক্ষসনিধনরূপং কর্ম্ম কৃতম্।

১২। টিপ্পনী। তুল্যলক্ষণঃ রাম ইব শুভলক্ষণোপেত ইত্যর্থঃ। অনুরক্তঃ রাম-বিষয়কাত্যনুরাগবান্, ভক্তস্তৎসেবানিরতশ্চ। শিরোঃ। অনুরক্তোঽনুরাগবান্, ভক্তস্তৎকার্য্য-ভজনশীলঃ। গোঃ রাঃ।

[দেখিয়াছি] ধনুর্ধর রাম একাকী তীক্ষ্ণ শরসমূহের দ্বারা ভীমকর্ম্মা চতুর্দ্দশ-সহস্র রাক্ষস নিহত করিল ॥ ৯ ॥

যুদ্ধে খর দূষণ ও ত্রিশিরা নিহত হইয়াছে, রাম ঋষিগণকে অভয় প্রদান করিয়াছে এবং দণ্ডকারণ্য বিঘ্নশূন্য করিয়াছে ॥ ১০ ॥

প্রভো, একমাত্র আমি [রামের] দয়াবশতঃ এবং স্ত্রীলোক বলিয়া কোনও প্রকারে মুক্তিলাভ করিয়াছি; আমাকে এইরূপে (অর্থাৎ নাসাকর্ণচ্ছেদন-পূর্ব্বক) অপমান করিয়া রাম [রাক্ষসনিধনরূপ] সেই কর্ম্ম সম্পাদন করিয়াছে ॥ ১১ ॥

লক্ষ্মণনামে রামের [এক] ভ্রাতা [আছে, সে] মহাতেজঃসম্পন্ন, গুণবান্, বীর্য্যবান্, রামের ন্যায় [শুভ-] লক্ষণসমন্বিত, [রামের প্রতি] অনুরক্ত ও ভক্ত (রামের সেবায় নিরত) ॥ ১২ ॥

১। ঙ '-মেব'। ২। ক-ছ-ঠ 'চাস্য'। ৩। ব 'লক্ষ্মণস্তুল্যলক্ষণঃ'। ৪। ছ '-বান্ ভ্রাতৃবৎসলঃ'।

অমর্ষী দুর্জ্জয়ো জেতা বিক্রান্তো বলবান্ সুখী।
রামস্য দক্ষিণো বাহুর্নিত্যং প্রাণো বহিশ্চরঃ ॥ ১৩ ॥
রামস্য চ[1] বিশালাক্ষী ধর্ম্মপত্নী যশস্বিনী।
সীতা নাম বরারোহা বেদি[2]প্রতিমমধ্যমা ॥ ১৪ ॥
নৈব[3] দেবী ন গন্ধর্ব্বী ন যক্ষী ন চ কিন্নরী[4]।
তথারূপা ময়া নারী দৃষ্টপূর্ব্বা মহীতলে[5] ॥ ১৫ ॥

১৪। লো-টী। বেদির্মুষ্টিতাঙ্গুলিস্তৎপ্রতিমং তত্তুল্যং মধ্যমং যস্যাঃ সা।
১৫। লো-টী। নারী স্ত্রী।

১৩। টিপ্পনী। অমর্ষী ক্রোধী রামাপরাধাসহনশীলো বা, দুর্জ্জয়ো দুঃখেন জেতুং শক্যঃ, জেতা শত্রুজয়ী, বিক্রান্তো বিক্রমশালী। রামস্য দক্ষিণো বাহুরিত্যনেন সর্ব্বতৎকার্য্যধুরন্ধরত্বম্, বহিশ্চর প্রাণ ইত্যনেন নিরতিশয়প্রেমাস্পদত্বং সূচ্যতে। তিঃ। রামস্য দক্ষিণো বাহুরিব সর্ব্বকার্য্যসাধক ইত্যর্থঃ, বহিশ্চর প্রাণ ইব অতিপ্রিয় ইত্যর্থঃ। শিরোঃ।

১৪। টিপ্পনী। বরারোহা প্রশস্তসৌন্দর্য্যশালিনী। বেদিপ্রতিমমধ্যমা বেদিরিব ক্ষীণমধ্যেত্যর্থঃ।

১৫। টিপ্পনী। 'এবং রূপা ময়া নারী' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (৩।৩৪।১৮)। এবংরূপা দেবী চ ন দৃষ্টপূর্ব্বা গন্ধর্ব্বী চ ন দৃষ্টপূর্ব্বা, যক্ষী চ ন দৃষ্টপূর্ব্বা কিন্নরী চ ন দৃষ্টপূর্ব্বা, এবংরূপা নারী মহীতলেঽপি ন দৃষ্টপূর্ব্বেত্যন্বয়ঃ। উত্তরার্দ্ধে মহীতল ইত্যনেন পূর্ব্বার্দ্ধে স্বর্গলোক ইতি সিদ্ধম্, দেব্যাদীনাং তত্রৈব বাসসম্ভবাৎ; যদ্বা মহীতল ইতি সর্ব্বলোকোপলক্ষণম্। গোঃ রাঃ।

ক্রোধী, [সমরে] দুর্জ্জয়, [শত্রু-] জয়ী, বিক্রমশালী, বলবান্, [রামসাহচর্য্যে] সুখী [সেই] লক্ষ্মণ রামের দক্ষিণ বাহু, [অধিক কি, সেই লক্ষ্মণ] সর্ব্বদা [তাহার] বহিশ্চর (যে দেহের বাহিরে চলাফেরা করে) প্রাণ ॥ ১৩ ॥

সীতানামে রামের [এক] ধর্ম্মপত্নী [আছে, সে] আয়তলোচনা যশস্বিনী সৌন্দর্য্যময়ী [এবং] বেদিপ্রতিমমধ্যমা (বেদির মধ্যদেশের ন্যায় যাহার কটিপ্রদেশ ক্ষীণ) ॥ ১৪ ॥

আমি পূর্ব্বে তাদৃশরূপবতী [কোন] দেবী দেখি নাই, [তাদৃশরূপবতী

১। ক 'তু'। ২। ঠ 'বেদীপ্র-'। ৩। খ 'ন চ'। ৪। ঠ 'পন্নগী', ড 'রাক্ষসী'। ৫। ঘ 'ন ভূতলে', ঝ 'মহীপতে'।

যস্য ভার্য্যা[১] ভবেৎ সীতা যঞ্চ[২] হৃষ্টা পরিষ্বজেৎ।
অপি জীবেৎ স লোকেষু দেবেম্বিব পুরন্দরঃ ॥ ১৬ ॥
এবং সীতা মহারাজ রূপেণাপ্রতিমা ভুবি।
তবানুরূপা ভার্য্যা সা[৩] ত্বঞ্চ তস্যাঃ পতিস্তথা ॥ ১৭ ॥
সা হি বিস্তীর্ণজঘনা পদ্মরক্তান্তলোচনা।
দৃশ্যমানা প্রযত্নেন মমাপি[৪] হরতে মনঃ ॥ ১৮ ॥

১৬। লো-টী। অপিশব্দো বার্থে, পরিহৃষ্টা বা পরিষ্বজেৎ।

১৮। লো-টী। বিস্তীর্ণজঘনা বিস্তীর্ণনিতম্বা। 'জঘনন্তু স্ত্রিয়াঃ শ্রোণিপুরোভাগে কটাবপী'তি কোষঃ। পদ্মরক্তান্তলোচনা রক্তপদ্মমিব অন্তং প্রান্তং যয়োস্তে লোচনে যস্যাঃ সা।

১৬। টিপ্পনী। ভার্য্যা প্রণয়িনী। পুরন্দর ইন্দ্রো দেবেম্বিব স এব লোকেষু জনেষু জীবেৎ জনমধ্যে তস্যৈব জীবনধারণং সার্থকমিত্যর্থঃ।

১৮। টিপ্পনী। পদ্মরক্তান্তলোচনা পদ্মমিব রক্তৌ অন্তৌ প্রান্তভাগৌ যয়োঃ ঈদৃশে লোচনে যস্যাঃ সা। প্রযত্নেন মনঃসংযোগেন।

কোন] গন্ধর্ব্বী দেখি নাই, [তাদৃশরূপবতী কোন] যক্ষী দেখি নাই, [তাদৃশরূপবতী কোন] কিন্নরী দেখি নাই এবং মহীতলেও [তাদৃশরূপবতী কোন] নারী দেখি নাই ॥ ১৫ ॥

সীতা যাহার প্রণয়িনী হইবে এবং যাহাকে হৃষ্টচিত্তে আলিঙ্গন করিবে, দেবগণের মধ্যে পুরন্দরের ন্যায় জনগণের মধ্যে সেই ব্যক্তিই [যথার্থ] জীবনধারণ করিবে ॥ ১৬ ॥

মহারাজ, এবংবিধা সীতা রূপে ভূলোকে অতুলনীয়া, সে তোমার অনুরূপা ভার্য্যা এবং তুমি তাহার অনুরূপ পতি ॥ ১৭ ॥

প্রশস্তজঘনা পদ্মরক্তান্তলোচনা (যাহার নয়নের প্রান্তভাগ পদ্মের ন্যায় রক্তবর্ণ) সীতাকে মনোযোগপূর্ব্বক দর্শন করিলে সে আমারও মন হরণ করিতে পারে ॥ ১৮ ॥

১। ঠ 'সীতা ভবেদ্ ভার্য্যা'। ২। ঝ 'পরিতুষ্টা পরিষ্বজেৎ', ড 'যদি'। ৩। ক্ষ 'বৈ'। ৪। ঘ-ঙ-ঠ 'মমাপ্যাক্ষিপ্যতে'।

ত্বয়া দৃষ্টা চ বৈদেহী পূর্ণচন্দ্রনিভাননা।
মন্মথস্য শরাণাঞ্চ বিধেয়স্ত্বং ভবিষ্যসি ॥ ১৯ ॥
তস্যাস্ত্বপ্রতিরূপায়া বচনং মধুরাক্ষরম্।
অকামোঽপি বলাৎ কামং দর্শনাদেব কাময়েৎ ॥ ২০ ॥
যদি তস্যামভিপ্রায়ো ভার্য্যার্থং তব জায়তে।
শীঘ্রমুদ্ধ্রিয়তাং পাদো জয়ার্থমিহ দক্ষিণঃ ॥ ২১ ॥

১৯। লো-টী। বিধেয়ো বশবর্ত্তী।

২০। লো-টী। তস্যা বলাৎ বলং রূপমাশ্রিত্য দর্শনাদেব দর্শনাত্মা অকামোঽপি জনঃ বদনং কামং কাম্যং কাময়েৎ ইচ্ছেৎ। 'বলং গন্ধরসে রূপে স্থামনি স্থৌল্যসৈন্যয়োরি'তি কোষঃ। কামং যথেষ্টং বা।

২১। লো-টী। ইহ অস্মিন্নেব সময়ে উদ্ধ্রিয়তাং প্রচাল্যতাং যাত্রা ক্রিয়তামিত্যর্থঃ।

১৯। টিপ্পনী। বৈদেহী ত্বয়া দৃষ্টা চেৎ ত্বং মন্মথস্য কামস্য বিধেয়ো বশবর্ত্তী ভবিষ্যসি।

২০। টিপ্পনী। অপ্রতিরূপায়া নিরুপমরূপশালিন্যাস্তস্যা বচনং মধুরাক্ষরম্, তস্যা দর্শনাদেব দর্শনমাত্রেণৈব অকামোঽপি কামহীনোঽপি জনঃ কামং নিশ্চিতং বলাৎ অসত্যপ্যভিলাষে ইত্যর্থঃ, কাময়েৎ তাং প্রত্যাসক্তো ভবেৎ।

তুমি যদি পূর্ণচন্দ্রসদৃশাননা বৈদেহীকে দর্শন কর, তুমি [-ও] কামশরের বশবর্ত্তী হইয়া পড়িবে ॥ ১৯ ॥

নিরুপমরূপবতী সীতার বাক্য মধুরাক্ষরসম্বলিত; [তাহার] দর্শনমাত্রই অকাম ব্যক্তিও নিশ্চয়ই [নিজ] ইচ্ছার বিরুদ্ধে তাহার প্রতি আসক্ত হইয়া উঠে ॥ ২০ ॥

যদি ভার্য্যা করিবার নিমিত্ত তাহাতে তোমার অভিলাষ হয়, তাহা হইলে এক্ষণে বিজয়লাভার্থ তুমি সত্বর দক্ষিণপদ উদ্ধৃত কর (অর্থাৎ যাত্রা কর) ॥ ২১ ॥

১। ঠ 'ত্বঞ্চ দৃষ্ট্বা চ বৈদেহীং'। ২। ঠ '-ননাং'। ৩। ক-ঠ '-স্তথং গমিষ্যসি'। ৪। ঘ-ছ 'তস্যাম্ গতঃ'। ৫। ছ 'যস্যা-'। ৬। ঠ '-স্তু প্রতি-'। ৭। ঘ-ঝ '-দনং'। ৮। ঘ 'কামো'।

বৈরং প্রতিকুরুষ্বেহ[1] তস্মিন্ রাক্ষসপুঙ্গব।
যত্তে ভ্রাতৃবধাজ্জাতং[2] রামে বৈরং সলক্ষ্মণে ॥ ২২ ॥
কুরু প্রতিক্রিয়াং[3] তেষাং রক্ষসাং রাক্ষসেশ্বর।
বধাত্তস্য[4] নৃশংসস্য রামস্যাশ্রমবাসিনঃ ॥ ২৩ ॥
তং শরৈর্নিশিতৈর্হত্বা লক্ষ্মণঞ্চ মহারথম্।
হতনাথাং সুখং সীতাং যথাবদুপভোক্ষ্যসে[5] ॥ ২৪ ॥
যদি তে রোচতে বাক্যং মমেদং রাক্ষসেশ্বর।
ক্রিয়তাং নির্ব্বিশঙ্কেন নেদৃশং প্রাপ্স্যসে[6] প্রিয়ম্[7] ॥ ২৫ ॥

২২। লো-টী। বৈরং প্রতিহরস্ব উদ্ধর। 'প্রতিকুরুষ্বে'তি পাঠে এতৎ সীতাহরণং বৈরপ্রতীকারং কুরুষ্বেত্যর্থঃ।

২২। টিপ্পনী। তব ভ্রাতৃবধাদ্ রামে যদ্ বৈরং জাতম্ ইহাস্মিন্ ক্ষণে তদ্ বৈরং প্রতিকুরুষ্ব তদ্বৈরপ্রতীকারং কুরু।

২৩। টিপ্পনী। তেষাং হতানাং রক্ষসাং বধস্তেতি শেষঃ, প্রতিক্রিয়াং প্রতীকারং বৈরশুদ্ধিমিতি যাবৎ।

২৪। টিপ্পনী। হতনাথাং নিহতরক্ষকাম্, যথাবদ্ যথোচিতম্।

২৫। টিপ্পনী। নির্ব্বিশঙ্কেন চিত্তেন যথাকর্ত্তব্যং ক্রিয়তাম্। ঈদৃশং প্রিয়ম্ অভীষ্টং ন প্রাপ্স্যসে ইতঃ পরমিতি শেষঃ।

হে রাক্ষসপুঙ্গব, [তোমার] ভ্রাতৃবধহেতু সলক্ষ্মণ সেই রামচন্দ্রের প্রতি তোমার যে শত্রুতা উৎপন্ন হইয়াছে, এক্ষণে সেই শত্রুতার প্রতীকার কর ॥ ২২ ॥

হে রাক্ষসেশ্বর, আশ্রমবাসী সেই নৃশংস রামচন্দ্রের বিনাশ সাধন করিয়া [তোমার অনুগত নিহত] সেই রাক্ষসবৃন্দের [নিধন-] প্রতিশোধ গ্রহণ কর ॥ ২৩ ॥

তীক্ষ্ণ বাণের দ্বারা মহারথ রাম ও লক্ষ্মণকে নিধন করিয়া হতনাথা (যাহার রক্ষক বিনষ্ট হইয়াছে ঈদৃশী) সীতাকে সুখে যথোচিতভাবে উপভোগ করিতে পারিবে ॥ ২৪ ॥

১। ঙ-ছ-ড '-কুরুষ্বৈতৎ', ঝ '-হরস্বৈতৎ'। ২। ঙ-ড '-বধে জাতং', ঠ '-বধাদ্ভূতং'। ৩। ক '-প্রিয়ং'। ৪। ঠ '-স্য বন-'। ৫। ঝ '-ভোক্ষসে'। ৬। ঘ-ঠ '-প্স্যসি'। ৭। ঙ-ঠ 'প্রিয়ম্', ঠ.টি 'প্রিয়ং'।

নিশম্য রামেণ[১] শরৈরজিহ্মগৈ-[২]
হঁতাঞ্জনস্থানগতাংশ্চ রাক্ষসান্।
খরং সশস্ত্রং[৩] নিহতঞ্চ দূষণং
ততো[৪] যথাবৎ প্রতিকর্ত্তুমর্হসি ॥ ২৬ ॥

বিধৎস্ব রামস্য বধং দুরাত্মনঃ
সলক্ষ্মণস্যাহবদুর্ম্মদস্য[৫] চ[৬]।
সমাহিতং চার্থপরায়ণং[৭] রণে
সমীক্ষ্য সম্যক্ ক্রিয়তাং মনোরথঃ ॥ ২৭ ॥

২৭। লো-টী। সমাহিতং মমৈতৎ সমাধানং বচনমিতি যাবৎ। অর্থপরায়ণম্ অভীষ্টমর্থম্। 'পরায়ণমভীষ্টে স্যাত্তৎপরাশ্রয়য়োরপী'তি কোষঃ। 'সত্ত' ইতি বা পাঠঃ। 'সমাহিতঃ প্রতিজ্ঞাতে সমাধানে চ ন দ্বয়োরি'তি ভূরিঃ।

২৬। টিপ্পনী। অজিহ্মগৈঃ শীঘ্রগামিভিঃ শরৈর্হতান্ নিশম্য শ্রুত্বা যথাবদ্ যথাযোগ্যং প্রতিকর্ত্তুমর্হসি।

৮-৯। টিপ্পনী। য আত্মনো ভূতিং মঙ্গলমিচ্ছেৎ তাদৃশেন কৃতাত্মনা বিশুদ্ধচিত্তেন সচিবেন অস্য অভীষ্টস্যাপি সন্দিগ্ধফলস্য কার্য্যস্য বিনিশ্চয়ে কর্ত্তুং যোগ্যং ন বেতি বিনির্ণয়ার্থং সম্যক্‌ পৃষ্টেন তেন উদ্যতাঞ্জলিনা কৃতাঞ্জলিনা সতা চিকীর্ষিতস্য কার্য্যস্য গুণং দোষম্ অপায়ং কার্য্যসিদ্ধেঃ প্রতিবন্ধং কার্য্যবিষয়কম্ অন্যদ্বা হেতুমদ্‌ যুক্তিযুক্তং বচঃ, কার্য্যসিদ্ধেঃ উপায়ম্ অনুপায়ং বা রাজা বক্তব্যঃ। কস্যচিৎ সন্দিগ্ধস্য কার্য্যস্য নিশ্চয়ে নিশ্চয়সিদ্ধ্যর্থমত্রানুষ্ঠিতে কো গুণঃ কো দোষঃ ক উপায়ঃ কোঽপায় ইতি যদি পৃষ্টং স্যাত্তদা এবং বক্তুমর্হসি গুণদোষাদিকমিত্যর্থঃ। ময়া তু নিশ্চিতে কার্য্যে কেবলং সাহায্যে নিযুজ্যসে, অতো ন কল্পঃ সঙ্গত ইতি ভাবঃ। তিঃ। অস্য চিকীর্ষিতস্য কার্য্যস্য বিনিশ্চয়ে বিনিশ্চয়ার্থং গুণং বা দোষং বা, অপায়ং তদ্বিধ্বংসং বা উপায়ং তৎসাধনং বা যদি ত্বং পৃষ্টস্তদা এবং বক্তুমর্হসি, এতেন তন্ময়া ন পৃষ্টমিতি সূচিতম্, তেন অপৃষ্টং ন বক্তব্যমিতি ব্যঞ্জিতম্। শিরোঃ। অপি চাপৃষ্টোত্তরপ্রলাপস্তবাসঙ্গত ইত্যাহ—দোষমিতি। কার্য্যনিশ্চয়বিষয়ে কৌ গুণদোষৌ তৎসাধনে কাবুপায়াবিতি পৃষ্টশ্চেদুত্তরং বক্তুমর্হসি নাস্মাকং তজ্জিজ্ঞাসা, ততো নৈবং বক্তুং যুক্তমিত্যর্থঃ। গোঃ রাঃ।

হে মারীচ, আমার এই নিশ্চিত বুদ্ধি হৃদয়ে বর্ত্তমান আছে; ইন্দ্রের সহিত সুরাসুরগণও ইহা নিবৃত্ত করিতে সমর্থ নহেন ॥ ৭ ॥

যিনি নিজের মঙ্গল কামনা করেন, ঈদৃশ বিশুদ্ধচিত্ত সচিব অভীষ্ট [অথচ সন্দিগ্ধফল] কার্য্যের [অনুষ্ঠান কর্ত্তব্য কি না তাহার] নির্ণয়ের জন্য সম্যক্‌রূপে

১। ঠ 'তথা'। ২। ঝ 'দেবৈরপি'। ৩। ঙ-ড 'তথোপায়-'। ৪। ঘ 'চ'। ৫। ক-ঝ '-স্য চ বি-', ড '-স্যাস্য বিনিশ্চয়ঃ'। ৬। ঙ-ড '-ম্যগ্‌পৃষ্টে-'। ৭। ঙ-ঝ-ড '-ব্যো মন্ত্রিণা কৃতকর্ম্মণা', ছ '-ব্যং', ঠ '-ব্যমচিরেণ'। ৮। ঝ '-লিনাদায়'। ৯। ছ 'রাজা'।

বাক্যমপ্রতিকূলং হি মৃদুপূর্ব্বং হিতং শুভম্।
উপচারেণ সংযুক্তং বক্তব্যো বসুধাধিপঃ ॥ ১০ ॥
সোপসর্গস্তু যদ্ বাক্যমায়তীহিতমুচ্যতে।
নাভিনন্দতি তদ্রাজা মানার্হো মানবর্জ্জিতম্ ॥ ১১ ॥
পঞ্চরূপাণি রাজানো ধারয়ন্ত্যমিতৌজসঃ।
অগ্নেরিন্দ্রস্য সোমস্য যমস্য ধনদস্য চ ॥ ১২ ॥

১০। লো-টী। মৃদুপূর্বং কোমলম্। উপচারেণ সেবয়া বিনয়েনেত্যর্থঃ।

১১। লো-টী। সোপসর্গম্ অবিনয়ম্ আয়তীহিতং উত্তরকালশুদ্ধমপি যদুচ্যতে তন্নাভি-নন্দতি।

১০। টিপ্পনী। রাজা অপ্রতিকূলং তদিচ্ছায়া অবিরোধি শুভং মধুরবর্ণবিশিষ্টং হিতং বাক্যম্ উপচারেণ সম্মানেন সংযুক্তং যথা স্যাত্তথা বক্তব্যঃ। উপচারেণ যুক্তং বহুমানেন পুরস্কৃতম্, হিতমপ্যুপচারপূর্ব্বং বক্তব্যমিত্যর্থঃ। গোঃ রাঃ। উপচারেণ নীতিশিক্ষয়া যুক্তং বাক্যং বসুধাধিপো বক্তব্যঃ। শিরোঃ। উপচারেণ রাজনীত্যুক্তমার্গেণ। তিঃ।

১১। টিপ্পনী। যদ্ বাক্যম্ আয়তীহিতম্ উত্তরকালে মঙ্গলজনকমপি সোপসর্গম্ অপ্রীতি-করং ভবতি, রাজা মানবর্জ্জিতং সম্মানশূন্যং তদ্ বাক্যং নাভিনন্দতি নাদ্রিয়তে।

১২। টিপ্পনী। অমিতৌজসোঽপরিমিতপরাক্রমা রাজানঃ অগ্ন্যাদীনাং পঞ্চানাং দেবানাং রূপং ধারয়ন্তি। ধনদস্য কুবেরস্য।

পৃষ্ট হইয়া কৃতাঞ্জলিপুটে রাজাকে [কার্য্যের] দোষ, গুণ, [কার্য্যসিদ্ধির] প্রতিবন্ধক অথবা [কার্য্যসম্বন্ধে] অন্য যুক্তিযুক্ত বাক্য, [কার্য্যসিদ্ধির] উপায় বা অনুপায় নিবেদন করিবেন ॥ ৮-৯ ॥

ভূপতিকে অপ্রতিকূল (তাঁহার ইচ্ছার অবিরোধী) কোমল হিতকর শুভ (মধুরবর্ণবিশিষ্ট) বাক্য সম্মানসহকারে বলা কর্ত্তব্য ॥ ১০ ॥

ভবিষ্যৎকালের জন্য হিতকর [হইলেও] অপ্রীতিজনক যে বাক্য বলা হয়, সম্মানার্হ রাজা সম্মানশূন্য সেই বাক্য আদর করেন না ॥ ১১ ॥

অমিততেজঃসম্পন্ন নৃপতিগণ পাঁচটী দেবতার রূপ ধারণ করেন—অগ্নির রূপ, ইন্দ্রের রূপ, সোমের রূপ, যমের রূপ এবং কুবেরের রূপ ॥ ১২ ॥

১। ঠ 'তু'। ২। ঘ-ছ-ঠ-ড 'শুভং হিতম্'। ৩। ঝ 'রাজসা-'। ৪। ঙ-ড '-সর্গস্তু', ছ '-স্পৃষ্টস্তু'। ৫। ঠ '-অহিত-'।

প্রসাদং চানুকুর্ব্বন্তি তেষাং ক্রোধঞ্চ পার্থিবাঃ।
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু মান্যাঃ পূজ্যাশ্চ পার্থিবাঃ ॥ ১৩ ॥
ত্বং তু ধর্ম্মমবিজ্ঞায়[১] কেবলং মোহমাস্থিতঃ।
অভ্যাগতং মাং দৌরাত্ম্যাৎ পরুষং বহু ভাষসে ॥ ১৪ ॥
গুণদোষৌ ন পৃচ্ছামি[২] ক্ষেমং[৩] বাপদমাত্মনঃ[৪]।
অস্মিংস্তু[৫] তাত কৃত্যে মে সাহায্যং কর্ত্তুমর্হসি ॥ ১৫ ॥

১৩। লো-টী। তেষাং মন্ত্রিণাম্, মান্যা বচসা।
১৪। লো-টী। মোহমজ্ঞানম্।

১৩। টিপ্পনী। পার্থিবাস্তেষাং দেবানাং প্রসাদং প্রসন্নতাং ক্রোধঞ্চ অনুকুর্ব্বন্তি।
১৪। টিপ্পনী। ধর্ম্মং রাজধর্ম্মম্ অভ্যাগতধর্ম্মঞ্চ, দৌরাত্ম্যাদ্ দৌর্জ্জন্যাৎ। ধর্ম্মং সচিবকর্ম্ম, দৌরাত্ম্যাদ্ দুষ্টস্বভাবত্বাদ্ধেতোঃ। শিরোঃ। অভ্যাগতমিতি অতিথিত্বেন পূজ্যত্বাতিশয়ং সূচয়তি। তিঃ।
১৫। টিপ্পনী। গুণদোষৌ মৎকার্য্যে কো গুণঃ কো বা দোষ ইতি। আত্মনঃ ক্ষেমং মঙ্গলম্ আপদং বা ন পৃচ্ছামি।

নৃপতিগণ তাঁহাদের (পূর্ব্বোক্ত দেবগণের) প্রসন্নতা এবং ক্রোধ [এই উভয়ই] অনুকরণ করিয়া থাকেন, সেই হেতু সমস্ত অবস্থায় [-ই] নৃপতিগণ মান্য এবং পূজ্য ॥ ১৩ ॥

তুমি কিন্তু ধর্ম্ম (রাজধর্ম্ম ও অতিথিধর্ম্ম) না জানিয়া মাত্র অজ্ঞানের বশবর্ত্তী হইয়া অভ্যাগত [অতএব পূজ্য] আমাকে দৌর্জ্জন্যহেতু বহু কর্কশ বাক্য বলিয়াছ ॥ ১৪ ॥

[তোমাকে] আমি [আমার সঙ্কল্পিত কার্য্যের] গুণ-দোষ [জিজ্ঞাসা করিতেছি না], নিজের মঙ্গল বা অমঙ্গল জিজ্ঞাসা করিতেছি না; কিন্তু হে তাত, আমার এই [সঙ্কল্পিত] কার্য্যে তোমাকে সাহায্য করিতে হইবে ॥ ১৫ ॥

১। ক-খ '-বিজ্ঞ'। ২। ঝ 'পশ্যামি'। ৩। ঠ-ড 'ক্ষমং'। ৪। ঘ-ছ-ঝ-ড 'বা যদিহাত্মনঃ', ঙ 'বা যদি বাগুরুম্', ঠ 'বা যদি বাক্ষমম্',। ৫। ঠ 'তাবৎ'।

সৌবর্ণস্ত্বং মৃগো ভূত্বা চিত্রো রজতবিন্দুভিঃ।
প্রলোভ্য চৈব বৈদেহীং যথেষ্টং গন্তুমর্হসি ॥ ১৬ ॥
ত্বাং হি মায়ামৃগং দৃষ্ট্বা কাঞ্চনং জাতবিস্ময়া।
আনয়ৈনমিতি ক্ষিপ্রং রামং বক্ষ্যতি মৈথিলী ॥ ১৭ ॥
অপক্রান্তে চ কাকুৎস্থে লক্ষ্মণে চ যথাসুখম্।
আনয়িষ্যামি বৈদেহীং সুপর্ণঃ পন্নগীমিব ॥ ১৮ ॥
এবং কৃতমিদং কার্য্যমনপায়ং ভবিষ্যতি।
গচ্ছ সৌম্য শিবং মার্গং কার্য্যস্যাস্যার্থসিদ্ধয়ে ॥ ১৯ ॥

১৬। টিপ্পনী। রজতবিন্দুভিশ্চিত্রশ্চিত্রিতঃ, যদ্বা রজতবিন্দুভিরুপলক্ষিতশ্চিত্রো রমণীয়ঃ সৌবর্ণঃ সুবর্ণময়ো মৃগো ভূত্বা যথেষ্টং যথেচ্ছং গন্তুমর্হসি।

১৭। টিপ্পনী। কাঞ্চনং কাঞ্চনময়ম্।

১৮। টিপ্পনী। অপক্রান্তে দূরং গতে। যথাসুখম্ অনায়াসেন আনয়িষ্যামি আনেষ্যামি। 'সহস্রাক্ষঃ শচীমিব' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৪০।২২)।

১৯। টিপ্পনী। অনপায়ং প্রতিবন্ধরহিতং স্থায়িফলজনকং বা। অর্থসিদ্ধয়ে সাফল্যায়। শিবং কল্যাণকরম্।

তুমি রজতবিন্দুবিশিষ্ট রমণীয় সুবর্ণমৃগ হইয়া এবং বৈদেহীকে প্রলোভিত করিয়া [তোমার] ইচ্ছানুসারে গমন করিবে ॥ ১৬ ॥

সুবর্ণনির্ম্মিত মায়ামৃগ (অর্থাৎ মায়াদ্বারা মৃগরূপে পরিণত) তোমাকে দেখিয়া বিস্ময়াপন্না সীতা 'ইহাকে আনয়ন করুন' রামকে অবিলম্বে এই কথা বলিবে ॥ ১৭ ॥

রামচন্দ্র এবং লক্ষ্মণ দূরে চলিয়া গেলে, সুপর্ণ (গরুড়) যেরূপ পন্নগীকে আনয়ন করে আমিও অনায়াসে সেইরূপ বৈদেহীকে আনয়ন করিব ॥ ১৮ ॥

এইরূপে সম্পন্ন করিলে এই কার্য্য অনপায় (প্রতিবন্ধকরহিত, অথবা স্থায়িফলপ্রসূ) হইবে, হে সৌম্য, এই কার্য্যের সাফল্যের নিমিত্ত তুমি কল্যাণকর পথে গমন কর ॥ ১৯ ॥

১। ঘ 'রাজত'। ২। ক 'কর্ত্তু-'। ৩। ঠ 'তু'। ৪। ঘ '-রাৎ'। ৫। ছ-ঘ '-তু'। ৬। ঘ '-তানুত সি-', ছ '-তার্থত সি-'।

প্রাপ্য সীতামযুদ্ধেন[1] বঞ্চয়িত্বা চ রাঘবৌ[2]।
লঙ্কামভিগমিষ্যামি কৃতকৃত্যস্ত্বয়া সহ ॥ ২০ ॥
এতৎ কার্য্যমবশ্যং ত্বাং কারয়িষ্যে বলাদপি।
রাজ্ঞাং হি প্রতিকূলো যো ন জাতু সুখমেধতে ॥ ২১ ॥
অস্মিন্[3] কার্য্যেঽথ[4] সংসিদ্ধে মারীচ ভবতেঽপ্যহম্।
রাজ্যস্যার্দ্ধং[5] প্রদাস্যামি কৃতার্থেনান্তরাত্মনা ॥ ২২ ॥
যথা প্রাপ্স্যামি বৈদেহীং[6] তথা[7] তাত করিষ্যসি।
তথা ব্যবসিতং কার্য্যমেতদস্মদ্ব্যপাশ্রয়াৎ ॥ ২৩ ॥

২৩। লো-টী। যথা ব্যবসিতং নিশ্চিতম্, ময়া সীতাং মোহয়িতুমিত্যর্থঃ। অস্মদ্ব্যপাশ্রয়াৎ অস্মদ্বচনাৎ তথা ত্বয়াপি নিশ্চীয়তামিত্যর্থঃ।

২০। টিপ্পনী। অযুদ্ধেন যুদ্ধং বিনা।
২১। টিপ্পনী। ন জাতু কদাচিৎ সুখম্ এধতে লভতে।
২২। টিপ্পনী। অন্তরাত্মনা মনসা।
২৩। টিপ্পনী। অস্মদ্ব্যপাশ্রয়াদ্ অস্মদাশ্রয়েণ এতদ্ ব্যবসিতং সঙ্কল্পিতং কার্য্যং তথা মম সঙ্কল্পিতানুষ্ঠানপ্রকারেণ কুর্ব্বিতি শেষঃ।

যুদ্ধ ব্যতিরেকে সীতাকে প্রাপ্ত হইয়া এবং রামকে বঞ্চনা করিয়া কৃতকৃত্য (সফলমনোরথ) আমি তোমার সহিত লঙ্কায় গমন করিব ॥ ২০ ॥

আমি এই কার্য্য অবশ্যই তোমাকে বলপূর্ব্বকও করাইব; যে ব্যক্তি রাজার প্রতিকূল, সে কদাচ সুখলাভ করে না ॥ ২১ ॥

হে মারীচ, এই কার্য্য সম্যক্ সিদ্ধ হইলে পর, আমি তোমাকেও কৃতার্থ অন্তঃকরণে রাজ্যের অর্দ্ধ প্রদান করিব ॥ ২২ ॥

হে তাত, আমি যাহাতে বৈদেহীকে লাভ করিতে পারি, তুমি তাহা করিবে; আমার আশ্রয়ে থাকিয়া এই সঙ্কল্পিত কার্য্য [আমি যে ভাবে করিব বলিয়া সঙ্কল্প করিয়াছি] সেইভাবে সম্পন্ন কর ॥ ২৩ ॥

১। ও '-যত্নেন'। ২। ক-খ-ঠ '-ধবম্'। ৩। ক-খ-ড 'তস্মি-'। ৪। খ-ঠ-র 'চ', ছ 'তু'। ৫। ছ '-স্যার্দ্ধং'। ৬। খ-ঙ-থ-ড 'ত্বঞ্চ'। ৭। ড 'তদ্বৎ'।

বলং চাভিজনং শৌর্য্যমৈশ্বর্য্যং বীক্ষ্য[1] মামকম্।
কথং রামাদ্[2] বিহীনার্থাদ্ ভয়ং পশ্যসি দারুণম্ ॥ ২৪ ॥
অগতিস্তত্র[3] রামস্য কস্যচিন্মানুষস্য[4] বা[5]।
আদায় মৈথিলীং যত্র গমিষ্যামি বিহায়সা ॥ ২৫ ॥
ত্বঞ্চ মায়াধরস্তস্মাদাশ্রমাদপনীয় তৌ।
মোহয়িত্বা বনে বীরৌ ক্ষিপ্রমেব[6] গমিষ্যসি ॥ ২৬ ॥
অপারস্যাপ্রমেয়স্য পরং পারমুপাশ্রিতে[7]।
কিং করিষ্যতি কাকুৎস্থো যতমানঃ সলক্ষ্মণঃ ॥ ২৭ ॥

২৫-২৬। লো-টী। কস্যচিদিত্যাক্ষেপে। যত্রাহং গমিষ্যামি ত্বমপি তত্রৈব গমিষ্যসীতি দ্বাভ্যামন্বয়ঃ।

২৭। লো-টী। অপ্রমেয়স্য কিয়ন্ত্রয়াশ্রয়ত্বেন (?) জ্ঞাতুমশক্যস্য।

২৪। টিপ্পনী। মামকং মৎসম্বন্ধেন বর্ত্তমানং বলাদিকং বীক্ষ্য বিহীনার্থাদ্ অর্থপরিশূন্যাদ্ রামাৎ কথং ভয়ং পশ্যসি। অভিজনং বংশগৌরবম্।

২৫। টিপ্পনী। বিহায়সা আকাশপথেন যত্র গমিষ্যামি তত্র রামস্য অগতির্গতির্নাস্তি।

২৬। টিপ্পনী। ত্বমপি ত্বৎকার্য্যং সংসাধ্য অহং যত্র গমিষ্যামি তত্রৈব গমিষ্যসীত্যাহ—ত্বঞ্চেতি।

২৭। টিপ্পনী। অপ্রমেয়স্য পরিমাতুম্ অশক্যস্য সমুদ্রস্য পরং পারম্ উপাশ্রিতে গতে সতি রামো যতমানঃ অস্মদ্‌বিনিগ্রহে চেষ্টমানঃ কিং করিষ্যতি।

আমার বল, বংশমর্য্যাদা শৌর্য্য [এবং] ঐশ্বর্য্য দেখিয়া [-ও]কেন তুমি অর্থহীন রাম হইতে দারুণ ভয় দর্শন করিতেছ ? ॥ ২৪ ॥

আমি মৈথিলীকে লইয়া আকাশপথে যে স্থানে গমন করিব, সেই স্থানে রামের অথবা [অন্য] কোনও মনুষ্যের গতি নাই ॥ ২৫ ॥

মায়াধর তুমিও সেই আশ্রম হইতে সেই বীরদ্বয়কে মোহিত করত দূরে লইয়া গিয়া [আমি যথায় যাইব] অবিলম্বেই [তথায়] গমন করিবে ॥ ২৬ ॥

১। ক-খ-ঙ 'চাম্বেক্ষ্য বৈ', ঙ-ঠ 'চানুবেক্ষ্য বৈ'। ২। খ '-মাদ্বি হীনা-'। ৩। খ '-স্তত্র-'। ৪। ঙ '-মানবস্য'। ৫। খ 'চ'। ৬। ক-ঠ '-মেবা-'। ৭। ছ '-শ্রিতম্'।

শক্রঞ্চ সমরে দৃষ্ট্বা সগণং নির্জ্জিতং ময়া।
ধনাধ্যক্ষযমৌ চাপি কস্মাদ্রামাদ্ বিষীদসি ॥ ২৮ ॥

বিক্রোশন্তীঞ্চ[1] রুদতীং বেপমানামিতস্ততঃ[2]।
সীতাং দ্রক্ষ্যন্তি ভূতানি হ্রিয়মাণাং ময়া বলাৎ ॥ ২৯ ॥

আপতন্তমনাবাধে পথি[3] সিদ্ধনিষেবিতে।
অনুযাতুং[4] ন পর্য্যাপ্তো গরুড়ো বায়ুনা সহ ॥ ৩০ ॥

৩০। লো-টী। সিদ্ধনিষেবিতে পথি আকাশে। অনুযাতুমনুগন্তুম্।

২৮। টিপ্পনী। সগণং সানুচরং শক্রম্ ইন্দ্রং ময়া নির্জ্জিতং দৃষ্ট্বা। ধনাধ্যক্ষঃ কুবেরঃ। রামাদ্ রামভয়াদ্ বিষীদসি বিষণ্ণো ভবসি।

২৯। টিপ্পনী। ইতস্ততশ্চতুর্দ্দিক্ষু অবস্থিতানি ভূতানি প্রাণিনঃ বিক্রোশন্তীং তারস্বরেণ চীৎকারং কুর্ব্বতীং রুদতীং বেপমানাং কম্পমানাঞ্চ সীতাং ময়া বলাদ্ হ্রিয়মাণাম্ অপহ্রিয়মাণাং দ্রক্ষ্যন্তি।

৩০। টিপ্পনী। সিদ্ধা দেবযোনিবিশেষাস্তন্নিষেবিতে অনাবাধে বিঘ্নরহিতে পথি আপতন্তং গচ্ছন্তং মাং বায়ুনা সহ গরুড়োঽপি অনুযাতুম্ অনুগন্তুং ন পর্য্যাপ্তো ন সমর্থঃ।

অপার অপ্রমেয় সমুদ্রের পর পারে গমন করিলে সলক্ষ্মণ রামচন্দ্র [আমাদের নিগ্রহের] চেষ্টা করিয়া কি করিবে ? ॥ ২৭ ॥

সানুচর ইন্দ্রকে এবং কুবের ও যমকে সমরে আমাকর্ত্তৃক পরাজিত দেখিয়া [-ও] কি নিমিত্ত তুমি রামভয়ে বিষণ্ণ হইতেছ ? ॥ ২৮ ॥

চতুর্দ্দিকে অবস্থিত প্রাণিবৃন্দ দেখিবে—আমি চীৎকারকারিণী, রোদনপরায়ণা এবং কম্পমানা সীতাকে অপহরণ করিতেছি ॥ ২৯ ॥

[আমি] সিদ্ধগণনিষেবিত বাধারহিত [আকাশ-] পথে গমন করিতে থাকিলে বায়ুর সহিত গরুড় [-ও] আমার অনুগমন করিতে সমর্থ নহে ॥ ৩০ ॥

১। ছ '-ন্তীং রুদতীঞ্চ'। ২। ছ '-নাং ততস্ত-'। ৩। ছ '-কাশে'। ৪। ঙ-ঝ-ঠ '-যান্তং' ছ '-গন্তুং'।

আসাদ্য তং জীবিতসংশয়ো বা[1]
মৃত্যুর্ধ্রুবস্তেঽদ্য[2] ময়া বিরুধ্য[3]।
এবং যথাবদ্[4] বিগণয্য বুদ্ধ্যা
যদ্রোচতে তৎ কুরু যচ্চ পথ্যম্ ॥ ৩১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে রাবণবাক্যং নাম
পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৫ ॥

৩১। টিপ্পনী। তং রামম্ আসাদ্য মৃগরূপেণ প্রাপ্য জীবিতসংশয়ো বা তব জীবনান্তো ভবেন্নবেতি সংশয় ইত্যর্থঃ। ময়া সহ বিরুধ্য তু তব মৃত্যুরদ্য ধ্রুব এব। এবমনেন রূপেণ বুদ্ধ্যা যথাবদ্ যথাযথং বিগণয্য বিচার্য্য তুভ্যং যদ্ রোচতে যত্তে অভিমতং ভবতীত্যর্থঃ, যচ্চ তব পথ্যং হিতং তৎ কুরু। '...ময়া বিরুধ্যতঃ। এতদ্ যথাবৎ পরিগণ্য বুদ্ধ্যা যদত্র পথ্যং কুরু তত্তথা ত্বম্॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (৩।৪০।২৭)। নম্বু রামকর্ত্তৃকবধভিয়া ন গমিষ্যামীত্যত আহ—আসাদ্যেতি। তং রামমাসাদ্য প্রাপ্য তে জীবিতসংশয়ঃ, তস্য বলবত্ত্বে তব চাপলায়নে বধস্তবৈব বলবত্ত্বে পলায়নে বা বধাভাবঃ; ময়া বিরুধ্যতস্তু তে মৃত্যুর্ধ্রুবঃ মদ্‌বলবত্ত্বস্য নিশ্চিতত্বেন, সমীপস্থত্বাৎ পলায়নানর্হত্বেন চ মরণে ন সংশয় ইতি তাৎপর্য্যম্। অতঃ বুদ্ধ্যা এতদ্ মদুক্তং পরিগণ্য বিচার্য্য অনয়োর্মধ্যে যৎ পথ্যং হিতং তত্তথা নিশ্চিতবুদ্ধ্যা কুরু। শিরোঃ।

রামের নিকট [মৃগরূপে] গমন করিলে [তোমার] জীবনসংশয় হইতেও বা পারে (অর্থাৎ তোমার জীবনান্ত হইতেও পারে, নাও বা হইতে পারে), [কিন্তু] আমার সহিত বিরোধ করিলে অদ্য তোমার মৃত্যু নিশ্চিত। এইরূপে বুদ্ধিপূর্ব্বক যথাযথভাবে বিচার করিয়া যাহা তোমার অভিমত এবং যাহা তোমার হিতকর, তাহা কর ॥ ৩১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের 'অরণ্যকাণ্ডে রাবণবাক্য-নামক
পঞ্চচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৪৫ ॥

১। খ 'হি'। ২। ঘ ছ-ড '-বস্তু', ঝ-ঠ '-বস্তেহদ্য'। ৩। ড 'বিরুধ্য তে'। ৪। ছ '-বত্ত বিমৃশ্য'।

ষট্‌চত্বারিংশঃ সর্গঃ

[১] আজ্ঞপ্তো রাবণেনাথ প্রতিকূলং নিশাচরঃ।

অব্রবীৎ পরুষং বাক্যং মারীচো রাক্ষসেশ্বরম্ ॥ ১

কেনায়মুপদিষ্টস্তে বিনাশঃ পাপকর্ম্মণা।

সপুরস্য সরাষ্ট্রস্য সামাত্যস্য নিশাচর ॥ ২ ॥

কস্ত্বয়া সুখিনা রাজন্ ন [২] নন্দতি ন হৃষ্যতি।

কেনেদমুপদিষ্টস্তে মৃত্যুদ্বারমপাবৃতম্ ॥ ৩ ॥

৩। লো-টী। ন নন্দতি নানুমোদতে বচসা।

১। টিপ্পনী। প্রতিকূলং ধর্ম্মনীতিবিরুদ্ধং যথা স্যাত্তথা আজ্ঞপ্তঃ সমাদিষ্টো মারীচঃ। প্রতিকূলবাক্যম্ আজ্ঞপ্তঃ। গোঃ রাঃ।

২। টিপ্পনী। পুরাদিসহিতস্য তব বিনাশো বিনাশোপায়ঃ কেন উপদিষ্টঃ প্রদর্শিতঃ। বিনাশো বিধ্বংসোপায়ঃ। শিরোঃ।

৩। টিপ্পনী। সুখিনা ত্বয়া করণেন কো ন নন্দতি মনসি আনন্দম্ অনুভবতি, ন হৃষ্যতি বাচা হর্ষং প্রকটয়তি। অপাবৃতম্ উদ্ঘাটিতং মৃত্যুদ্বারং মৃত্যুদ্বারতুল্যমিদং কার্য্যম্ উপদিষ্টম্। সুখিনা ত্বয়া সহাবস্থানমিতি শেষঃ। তিঃ।

অতঃপর, নিশাচর মারীচ প্রতিকূলভাবে (অর্থাৎ ধর্ম্ম ও নীতির বিরুদ্ধে) রাবণকর্ত্তৃক [এইরূপে] সমাদিষ্ট হইয়া রাক্ষসপতি রাবণকে [এই] কঠোর বাক্য বলিলেন— ॥ ১ ॥

হে নিশাচর, কোন্ পাপকর্ম্মা ব্যক্তি নগর রাজ্য এবং অমাত্যগণসহিত তোমাকে এই বিনাশোপায় দেখাইয়া দিল? ॥ ২ ॥

হে রাজন্, কে [সেই ব্যক্তি যে] তুমি সুখী হইলে [মনে মনে] সন্তুষ্ট হয় না [এবং মুখে] হর্ষ প্রকাশ করে না? কে তোমাকে এই উদ্ঘাটিত মৃত্যুদ্বার দেখাইয়া দিল? ॥ ৩ ॥

১। ক-খ 'আজ্ঞিপ্তো'। ২। ক-ছ 'ন হৃষ্যতি ন নন্দতি'।

শত্রবস্তব সুব্যক্তং হীনবীর্য্যা[1] নিশাচরাঃ।
ইচ্ছন্তি ত্বাং বিনশ্যন্তমুপরুদ্ধং[2] বলীয়সা ॥ ৪ ॥
তৈর্নূনমুপদিষ্টস্তে[3] বিনাশসুখমুত্তমম্[4]।
যে ত্বামিচ্ছন্তি নশ্যন্তং স্বকৃতেনেহ[5] কর্ম্মণা ॥ ৫ ॥
বধ্যাঃ[6] খলু[7] ন বধ্যন্তে সচিবাস্তব[8] রাবণ।
যে ত্বামুৎপথমারূঢ়ং ন নিযচ্ছন্তি[9] শাস্ত্রতঃ ॥ ৬ ॥

৫। লো-টী। বিনাশসুখং বিনাশাত্মকং সুখম্ উত্তমমিত্যাক্ষেপঃ। তৈঃ শক্রভির্ভবাদৃশা উপদিশ্যন্তে। তানাহ—যে ত্বামিতি।

৬। লো-টী। তব সচিবা বধ্যাঃ ত্বয়া খলু পুনর্ন বধ্যন্তে। কুতো বধ্যাস্তত্রাহ—যে ত্বামিত্যাদি। ন নিযচ্ছন্তি ন নিষেধন্তি। 'ন নীয়ন্তে চ' ইতি পাঠে সোঽর্থঃ।

৪। টিপ্পনী। তব শত্রবঃ শত্রুভূতা নিশাচরাঃ সুব্যক্তং নিশ্চিতং বলীয়সা বলবত্তরেণ শত্রুণা উপরুদ্ধম্ অত এব বিনশ্যন্তং ত্বামিচ্ছন্তি। উপরুদ্ধম্ আক্রান্তম্, ত্বদ্বিনাশং রামবিরোধমুখেনেচ্ছন্তীত্যর্থঃ। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। স্বকৃতেন সীতাপহাররূপেণ কর্ম্মণা, ইহ অস্মিন্ ক্ষণে।

৬। টিপ্পনী। বধ্যাস্তব সচিবা ন বধ্যন্তে ন হন্যন্তে, যে উৎপথং বিপথম্ আরূঢ়ং ত্বাং শাস্ত্রতঃ শাস্ত্রানুশাসনমুখেন ন নিযচ্ছন্তি ন নিযন্ত্রয়ন্তি।

নিশ্চয়ই তোমার শত্রুভূত হীনবীর্য্য নিশাচরগণ, তুমি বলবত্তর শত্রুকর্ত্তৃক আক্রান্ত হইয়া বিনষ্ট হও, [এই] ইচ্ছা করিতেছে ॥ ৪ ॥

নিশ্চয়ই তাহারা তোমাকে অনুত্তম ধ্বংসসুখের উপায় প্রদর্শন করিয়াছে; যাহারা তুমি [তোমার] স্বকৃত কর্ম্মদ্বারা এক্ষণে বিনাশপ্রাপ্ত হও [এইরূপ] ইচ্ছা করে ॥ ৫ ॥

হে রাবণ, তুমি তোমার বধ্য সচিবগণকে [এখনও] বধ করিতেছ না; যাহারা বিপথারূঢ় তোমাকে শাস্ত্রানুসারে নিয়ন্ত্রিত করিতেছে না ॥ ৬ ॥

১। ঠ '-বৃত্তনিশা-'। ২। ছ '-মবরু-', ধ '-মপরাদ্ধং'। ৩। ধ '-ষ্টস্তে'। ৪। ড '-সুখম্-'।
৫। ড 'স্বকৃ-'। ৬। ঙ 'বধবমন্তন্তে'। ৭। ঠ 'বুধ্যন্তে'। ৮। ঙ 'মন্ত্রিণঃ'। ৯। ড 'নিযচ্ছন্তি ন'

অমাত্যৈঃ কামবৃত্তো হি রাজা বিপথমাশ্রিতঃ[1] ।
নিগ্রাহ্যঃ সর্ব্বথা[2] সদ্ভির্নিগ্রাহ্যো ন[3] নিগৃহ্যসে[4] ॥ ৭ ॥
ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ যশশ্চ বিপুলং ভুবি ।
স্বামিপ্রসাদাৎ সচিবাঃ প্রাপ্নুবন্তি নিশাচর ॥ ৮ ॥
বিপর্য্যয়েণ ব্যসনং স্বামিনো মন্ত্রিণঃ পুনঃ ।
বৈগুণ্যাচ্চ মহারাজ লভন্তে সহ বন্ধুভিঃ ॥ ৯ ॥
রাজমূলো[5] হি ধর্ম্মশ্চ যশশ্চ জয়তাং বর ।
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু রক্ষিতব্যো নরাধিপঃ[6] ॥ ১০ ॥

৮। লো-টী। কিন্তু প্রসাদবিষয়া ভবন্তীত্যাহ—ধর্ম্মমিত্যাদি।

৯। লো-টী। বিপর্য্যয়েণ বিরুদ্ধবিষয়াদনিবর্ত্তনেন। বৈগুণ্যাচ্চ প্রাতিকূল্যাচ্চ।

৭। টিপ্পনী। বিপথমাশ্রিতঃ কামবৃত্তঃ স্বেচ্ছাচারী রাজা সদ্ভিঃ সাধুস্বভাবৈরমাত্যৈঃ সর্ব্বথা নিগ্রাহ্যস্তিরস্কার্য্যঃ; যদ্যপ্যেতত্তথাপি নিগ্রাহ্যস্তিরস্কারার্হস্ত্বং ন নিগৃহ্যসে ন তিরস্ক্রিয়সে। নিগ্রাহ্যো নিবর্ত্তনীয়ঃ। গোঃ রাঃ।

৮। টিপ্পনী। কথং তৈরেবমনুষ্ঠেয়ম্? তত্রাহ—ধর্ম্মমিতি।

৯। টিপ্পনী। বিপর্য্যয়েণ অমাত্যকর্ত্তৃকনিগ্রহাভাবেন বৈগুণ্যাচ্চ স্বামিমন্ত্রিণোঃ পরস্পরং প্রাতিকূল্যাচ্চ স্বামিনো মন্ত্রিণশ্চ বন্ধুভিঃ সহ ব্যসনং বিপদং লভন্তে।

১০। টিপ্পনী। হে জয়তাং বর জয়শীলানাং শ্রেষ্ঠ। রাজমূলো রাজসত্তামূলকঃ।

বিপথাশ্রিত স্বেচ্ছাচারী নৃপতিকে সাধুস্বভাব অমাত্যগণের সর্ব্বপ্রকারে নিগৃহীত করা কর্ত্তব্য; নিগ্রহের যোগ্য তুমি [অমাত্যগণকর্ত্তৃক] নিগৃহীত হইতেছ না ॥ ৭ ॥

হে নিশাচর, সচিবগণ পৃথিবীতে প্রভুর প্রসাদে বিপুল ধর্ম্ম, অর্থ, কাম ও যশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৮ ॥

কিন্তু হে মহারাজ, [ইহার] বিপর্য্যয়ে (অর্থাৎ স্বেচ্ছাচারী নৃপতিকে যদি অমাত্যগণ নিগৃহীত না করেন তাহা হইলে) এবং বৈগুণ্যে (পরস্পরের প্রতিকূলতায়) প্রভু এবং মন্ত্রিগণ বন্ধুবর্গের সহিত বিপদ্ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৯ ॥

১। ঙ-ড '-মাস্থিতঃ'। ২। ছ 'সহসা'। ৩। ঠ 'নো'। ৪। খ '-ত্তে'। ৫। ঘ 'রাজা-'। ৬। ঙ-ড 'নরেশ্বরঃ'।

ন চাপি[1] প্রতিকূলেন[2] নাবিনীতেন[3] রাবণ ।
রাজ্যং পালয়িতুং শক্যং রাজ্ঞা তীক্ষ্নেন বা পুনঃ ॥ ১১ ॥
যে তীক্ষ্নমনুবর্ত্তন্তে[4] ভ্রশ্যন্তে সহ তেন তে ।
বিষমেণ রথাঃ[5] শীর্ণা[6] মন্দসারথিনা যথা ॥ ১২ ॥
অকুর্ব্বন্তোঽপি[7] পাপানি শুচয়ঃ পাপসংশ্রয়াৎ[8] ।
পরদোষৈর্ব্বিনশ্যন্তি[9] মৎস্যা নাগহ্রদে যথা ॥ ১৩ ॥

১১। লো-টী। প্রতিকূলেন প্রজানামিতি শেষঃ। যদ্বা প্রতিকূলেনামাত্যেন সহ। তীক্ষ্নেন অতীবক্রোধেন।

১২। লো-টী। তেন রাজ্ঞা। বিষমেণ অজ্ঞেন সারথিনা সহ [যথা] অশ্ব অনুক্ষণং ভ্রশ্যন্তে তথা। 'ইন্দ্রসারথিনে'তি পাঠে ইন্দ্রসারথিনাপি বিষমেণ প্রতিকূলেন সতা যথা তেন সহ রথা ভ্রশ্যন্তি।

১১। টিপ্পনী। প্রতিকূলেন প্রজাবিরুদ্ধগামিনা অবিনীতেন মহাত্মসু নম্রতারহিতেন তীক্ষ্নেন ক্রূরদণ্ডেন। প্রতিকূলেন স্বপ্রকৃতীনামিতি শেষঃ। তিঃ। প্রতিকূলেন প্রজাবিরুদ্ধেন, অবিনীতেন ইন্দ্রিয়জয়রহিতেন 'বিনয়ো হীন্দ্রিয়জয়ঃ' ইতি কামন্দকঃ। গোঃ রাঃ।

১২। টিপ্পনী। যে অমাত্যাদয়ঃ তীক্ষ্নং রাজানম্ অনুবর্ত্তন্তে তে তেন তীক্ষ্নেন রাজ্ঞা সহ মন্দসারথিনা প্রজ্ঞাহীনসারথিনা বিষমেণ নিম্নোন্নতেন পথা চালিতাঃ শীর্ণা জীর্ণা রথা ইব ভ্রশ্যন্তে ভ্রশ্যন্তি বিনশ্যন্তীত্যর্থঃ।

১৩। টিপ্পনী। এষ শ্লোকঃ প্রাগ্ (ত্রিচত্বারিংশসর্গে) ব্যাখ্যাতঃ।

হে বিজয়িপ্রবর, ধর্ম্ম এবং যশ রাজমূলক (অর্থাৎ রাজার অভাব হইলে ধর্ম্ম এবং যশ লাভ করিতে পারা যায় না) ; অত এব, সমস্ত অবস্থায়ই রাজাকে রক্ষা করা কর্ত্তব্য ॥ ১০ ॥

হে রাবণ, না [প্রজার] প্রতিকূল, না অবিনীত অথবা [না] তীক্ষ্নপ্রকৃতি নৃপতি রাজ্য পালন করিতে সমর্থ হয়েন ॥ ১১ ॥

যাহারা তীক্ষ্নপ্রকৃতি নৃপতির অনুবর্ত্তন করে তাহারা সেই নৃপতির সহিত, বুদ্ধিহীন সারথিকর্ত্তৃক নিম্নোন্নত পথে চালিত জীর্ণ রথের ন্যায় বিনষ্ট হয় ॥ ১২ ॥

বিশুদ্ধমতি ব্যক্তিগণ পাপ না করিলেও পাপীর সহিত সংসর্গহেতু, সর্পহ্রদে মৎস্যসমূহের ন্যায় পরদোষে বিনষ্ট হইয়া থাকেন ॥ ১৩ ॥

১। ছ 'চাভি-'। ২। ব 'প্রাতিকূল্যেন'। ৩। ঝ '-বিদিতেন'। ৪। ব 'ভ্রজন্তে'। ৫। ঙ 'পথা'। ৬। ব 'শীঘ্রা', ব 'শীঘ্রমনুসা-', ড 'শীঘ্রং'। ৭। ঝ 'হি'। ৮। ঙ-ঠ '-শ্রয়াঃ'। ৯। ঠ '-পাপৈ-'।

বহবঃ সাধবো লোকে যুক্তা ধর্ম্মমনুব্রতাঃ।
পরেষামপরাধেন বিনষ্টাঃ সপরিচ্ছদাঃ ॥ ১৪ ॥

স্বামিনা প্রতিকূলেন প্রজাস্তীক্ষ্ণেন রাবণ।
রক্ষ্যমাণা ন বর্দ্ধন্তে মেষা গোমায়ুনা যথা ॥ ১৫ ॥

অবশ্যং হি[1] বিনঙ্ক্ষ্যন্তি[2] সর্ব্বে রাবণ রাক্ষসাঃ।
যেষাং ত্বং কর্কশো[3] রাজা দুর্ব্বুদ্ধিরজিতেন্দ্রিয়ঃ ॥ ১৬ ॥

তদিদং কাকতালীয়ং বৈরমাসাদিতং ত্বয়া।
তত্র কিং শোভনং[4] যত্ত্বং সহসৈন্যো[5] বিনঙ্ক্ষ্যসি ॥ ১৭ ॥

১৪। লো-টী। যুক্তাঃ সাবহিতাঃ।
১৫। লো-টী। গোমায়ুনা ব্যাধেন।
১৭। লো-টী। শোভনং কল্যাণম্।

১৪। টিপ্পনী। যুক্তা নীতিমার্গনিষ্ঠাঃ, সপরিচ্ছদাঃ সপরিবারাঃ। গোঃ রাঃ।

১৫। টিপ্পনী। প্রতিকূলেন প্রজাবিরুদ্ধেন স্বামিনা রক্ষ্যমাণাঃ প্রজাঃ গোমায়ুনা রক্ষ্যমাণা মেষা ইব ন বর্দ্ধন্তে নাভ্যুদয়ং লভন্তে। গোমায়ুনা মৃগঘাতকজীবেন। তিঃ। গোমায়ুনা হিংসকেন। শিরোঃ। গোমায়ুনা ক্রোষ্ট্রা, স হি মেষঘাতুক ইতি প্রসিদ্ধিঃ। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। তৎ তব দুর্ব্বৃত্তত্বাদ্ধেতোঃ কাকতালীয়ম্ আকস্মিকং বৈরং ত্বয়া আসাদিতং প্রাপ্তম্; যত্ত্বং সহসৈন্যঃ সৈন্যেন সহ বিনঙ্ক্ষ্যসি বিনাশং প্রাপ্স্যসি, অত্র তব বিনাশপ্রাপ্তৌ কিং শোভনং কল্যাণমাস্তে ন কিমপীত্যর্থঃ। কাকতালীয়ং যাদৃচ্ছিকম্। গোঃ রাঃ। কাকতালীয়ং কাকতালীয়ন্যায়েন অকস্মাৎ আসাদিতং প্রাপ্তম্। শিরোঃ।

নীতিমার্গে অবস্থিত ধর্ম্মানুগামী বহু সাধু ব্যক্তি পৃথিবীতে পরের অপরাধে সপরিবারে বিনষ্ট হইয়াছেন ॥ ১৪ ॥

হে রাবণ, প্রতিকূল (প্রজাগণের বিরুদ্ধ) তীক্ষ্ণপ্রকৃতি প্রভুকর্ত্তৃক রক্ষিত প্রজাগণ গোমায়ু (শৃগাল)-রক্ষিত মেষের ন্যায় অভ্যুদয় লাভ করে না ॥ ১৫ ॥

হে রাবণ, নিখিল রাক্ষসবৃন্দ অবশ্যই বিনাশ প্রাপ্ত হইবে, দুর্ব্বুদ্ধি অজিতেন্দ্রিয় কর্কশস্বভাব তুমি যাহাদের রাজা ॥ ১৬ ॥

১। ছ-ড 'ত্তে'। ২। ঠ '-ঙ্ক্ষন্তে'। ৩। ঝ 'কলুষো'। ৪। ড 'শোচনীয়ত্বং'। ৫। ছ '-সৈর্ব্বি-'।

অনেন কৃতকৃত্যোঽস্মি[1] যস্মাৎ স পুরুষেশ্বরঃ।
দিব্যাস্ত্রবিন্মহেষ্বাসো মৃত্যুং সমুপদেক্ষ্যতি ॥ ১৮ ॥
ত্বন্তু মোহান্ন গৃহ্ণীষে বচনং মম[2] রাক্ষস।
কালপাশপরিক্ষিপ্তো[3] মুমূর্ষু[4]রিব[5] ভেষজম্ ॥ ১৯ ॥
দর্শনাদেব রামস্য হতং মামবধারয়।
আত্মানঞ্চ হতং বিদ্ধি হৃত্বা সীতাং সবান্ধবম্ ॥ ২০ ॥

১৮। লো-টী। মাম্ উপ লক্ষীকৃত্য অস্ত্রং সংদেক্ষ্যতি ত্যক্ষ্যতীতি সম্বন্ধঃ।

১৮। টিপ্পনী। দিব্যাস্ত্রবিদ্ দিব্যাস্ত্রপ্রয়োগরহস্যবেত্তা, মহেষ্বাসঃ মহাধনুর্ধরঃ। মৃত্যুং সমুপদেক্ষ্যতি প্রদর্শয়িষ্যতি।

১৯। টিপ্পনী। কালপাশপরিক্ষিপ্তঃ। যমপাশপরিবেষ্টিতঃ। ভেষজম্ ঔষধম্।

২০। টিপ্পনী। অবধারয় নিশ্চিনু।

তোমার দুশ্চরিত্রতানিবন্ধন তুমি এই আকস্মিক শক্রতা লাভ করিয়াছ। তুমি যে সৈন্যগণের সহিত বিনষ্ট হইবে, ইহাতে কি কল্যাণ [নিহিত] আছে ? ॥ ১৭ ॥

আমি ইহাতে[-ই] কৃতার্থ যে, সেই দিব্যাস্ত্রবিৎ (যিনি দিব্যাস্ত্রের প্রয়োগ-রহস্য অবগত আছেন) মহাধনুর্দ্ধর পুরুষোত্তম, আমাকে মৃত্যু [-পথ] প্রদর্শন করিবেন ॥ ১৮ ॥

হে রাক্ষস, মুমূর্ষু ব্যক্তি যেরূপ ঔষধ গ্রহণ করে না, যমপাশপরিবেষ্টিত তুমিও সেইরূপ মোহবশতঃ আমার বচন গ্রহণ করিতেছ না ॥ ১৯ ॥

রামের দর্শনমাত্রই আমাকে নিহত বলিয়া অবধারণ কর, সীতাহরণ করিবার পর সবান্ধব নিজেকেও নিহত বলিয়া পরিজ্ঞাত হও ॥ ২০ ॥

১। ঘ 'বস্মে'। ২। ঙ-ঝ-ড 'রাক্ষসেশ্বর'। ৩। ঝ '-প্রবি-'। ৪। ঠ '-রপি' ৫। অতঃ পরং ঙ-ঝ-ড-পুস্তকেষু 'মাং নিহত্যাথ কাকুৎস্থো ন চিরাত্বাং বধিষ্যতি। এতেন কীর্ত্তনীয়োঽসি প্রেত্যাপি ভবিতা ('চরিতং' ছ) ধ্রুবম্। ত্রৈলোক্যবিজয়ী বত্বং ('-বিজয়ার্থং ত্বং' ড) দেবদানবদর্পহা। হর্ত্তুমিচ্ছসি রামস্য বীর্য্যেণ ('বীর্য্যেণ রামস্য' ঙ) মহিষীং প্রিয়াম্।' ইত্যধিকঃ।

আনয়িষ্যসি চেৎ সীতামাশ্রমাৎ সহিতো ময়া।[1]
নৈব ত্বমসি নৈবাহং নৈব লঙ্কা ন রাক্ষসাঃ ॥ ২১ ॥[2][3]
নিবার্য্যমাণস্য ময়া হিতৈষিণা
ন রোচতে তে বচনং দশানন।
পরেতকল্পা হি গতায়ুষো নরা[4][5]
হিতং ন গৃহ্লন্তি সুহৃদ্ভিরীরিতম্ ॥ ২২ ॥[6][7]

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে মারীচবাক্যং নাম
ষট্‌চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৬ ॥

২২। লো-টী। পরেতকল্পা মৃতকল্পাঃ।

২১। টিপ্পনী। ময়া সহিতো মিলিতঃ সন্ ত্বং চেদ্ যদি সীতাম্ আনয়িষ্যসি আনেষ্যসি। ত্বং নৈব অসি ত্বং ন জীবেঃ। নৈব লঙ্কা লঙ্কা ন স্থাস্যতীত্যর্থঃ।
২২। টিপ্পনী। নিবার্য্যমাণস্য তে নিবার্য্যমাণায় তুভ্যং মদ্বচনং ন রোচতে। সুহৃদ্ভিঃ ঈরিতং কথিতম্।

আমার সহিত মিলিত হইয়া যদি তুমি সীতাকে আশ্রম হইতে আনয়ন কর, তাহা হইলে তুমি কিছুতেই জীবিত থাকিবে না, আমি কিছুতেই জীবিত থাকিব না, লঙ্কাপুরী থাকিবে না [এবং] রাক্ষসগণ জীবিত থাকিবে না ॥ ২১ ॥

হে দশানন, হিতাকাঙ্ক্ষী আমাকর্ত্তৃক নিবারিত হওয়ায় [আমার] বাক্য তোমার অভিমত হইতেছে না; কারণ, মৃতকল্প গতায়ু ব্যক্তিগণ সুহৃদ্‌বর্গের অভিহিত হিতবাক্য গ্রহণ করে না ॥ ২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে মারীচবাক্য-নামক
ষট্‌চত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৪৬ ॥

১। ঙ-ড 'বৈদেহীমা-'। ২। ড 'ন লঙ্কা ন চ'। ৩। অতঃ পরং ঙ-ছ-ড-পুস্তকেষু 'সকামাস্তে ভবিষ্যন্তি যেষাং ত্বং রাবণ।' ইত্যধিকঃ। ৪। ঠ 'পরীত-'। ৫। ঝ 'কৃতায়ু-'। ৬। ছ 'বচো'। ৭। ঙ '-রীক্ষিতম্'।

সপ্তচত্বারিংশঃ সর্গঃ

ভূয় এব তু[১] মারীচো রাবণং রাক্ষসেশ্বরম্।
ধর্ম্মার্থসহিতং পথ্যমিদং[২] বচনমব্রবীৎ ॥ ১ ॥
আ কেশগ্রহণাদ্রাজন্[৩] যতিতব্যং ময়া তব।
যথা তে ন বিনাশঃ স্যাদ্রাঘবান্মম চৈব হি[৪] ॥ ২ ॥
পুরস্তাদেব রামস্য গুণাঃ সঙ্কীর্ত্তিতাস্তব[৫]।
ভূয় এব তু[৬] বক্ষ্যামি গুণাংস্তস্য মহাত্মনঃ ॥ ৩ ॥

২। লো-টী। আ কেশগ্রহণাৎ কেশানপি গৃহীত্বা (?), তব মম চ যথা বিনাশো ন স্যাত্তথা যতিতব্যম্।

১। টিপ্পনী। মারীচো ভূয় এব পুনরেব ধর্ম্মার্থসহিতং ধর্ম্মার্থযুক্তং পথ্যং হিতং ন্যায্যং বা বচনমব্রবীৎ।

২। টিপ্পনী। যথা তব মম চ বিনাশো ন স্যাৎ ময়া তথা যতিতব্যম্, তব বাক্যেনেতি শেষঃ। মম আ কেশগ্রহণাৎ যাবন্মে কেশগ্রহণং ন স্যাৎ যাবদহং নির্জ্জিতো ন ভবেয়মিত্যর্থঃ।

মারীচ পুনর্ব্বারও রাক্ষসেশ্বর রাবণকে ধর্ম্মার্থযুক্ত হিতকর (অথবা, ন্যায্য) এই বাক্য বলিলেন— ॥ ১ ॥

হে রাজন্, যাহাতে রামের হস্তে তোমার এবং আমার বিনাশ না হয়, [আমার] কেশগ্রহণ (অর্থাৎ পরাজয়) না হওয়া পর্য্যন্ত তোমার কথায় আমি সেইরূপ চেষ্টা করিব ॥ ২ ॥

তোমার সমীপে পূর্ব্বেই আমি রামের গুণসমূহ কীর্ত্তন করিয়াছি; সেই মহাত্মার গুণসমূহ পুনর্ব্বারও আমি কীর্ত্তন করিব ॥ ৩ ॥

১। ছ 'হি'। ২। ঙ 'বাক্যমিদং পথ্যমথাব্রবীৎ-'। ৩। ঙ '-ন্ত্রাত'। ৪। অতঃ পরং ঠ-পুস্তকে 'তত্র কর্ম্ম নিবোধ ত্বং যৎ সুরৈরপি দুষ্করম্' ইত্যধিকঃ। ৫। ঙ-ড 'সংপরিকীর্ত্তিতাঃ'। ৬। ঙ-ড 'চ', ছ 'হি'।

তস্য[১] কর্ম্ম নিবোধ ত্বং যৎ[২] সুরৈরপি দুষ্করম্।
সত্যধর্ম্মরুচের্দ্দারান্[৩] ন ত্বং হিংসিতুমর্হসি।[৪]
হিতমুক্তং[৫] ময়া বাক্যং ন চৈতত্ত্যক্তু[৬]মর্হসি[৭] ॥ ৪ ॥
জনস্থানং[৮] বশং[৯] কৃত্বা বিরাধং[১০] বলিনস্তথা[১১]।
নিহত্য বিজনেঽরণ্যে রমতে লক্ষ্মণাগ্রজঃ ॥ ৫ ॥
তস্য দারানু[১২]দারস্য নিকৃত্যা হরতস্তব।
বিনাশমনুপশ্যামি নচিরাদাত্মনস্তথা ॥ ৬ ॥

৫। লো-টী। বধং খরাদীনাং বধম্, 'বশং' বা পাঠঃ। নিহত্য গত্বা।
৬। লো-টী। নিকৃত্যা বঞ্চনেন।

৪। টিপ্পনী। নিবোধ শৃণু। সত্যধর্ম্মরুচেঃ সত্যে ধর্ম্মে চ রুচিঃ প্রীতির্যস্য তস্য। ময়া উক্তম্ এতদ্ হিতং বাক্যং ত্যক্তুং ন অর্হসি।
৫। টিপ্পনী। বলিনং বলশালিনং বিরাধং নিহত্যেত্যন্বয়ঃ।
৬। টিপ্পনী। নিকৃত্যা বঞ্চনেন তস্য দারান্ হরতস্তব আত্মনো মম চ নচিরাদ্ অচিরমেব বিনাশম্ অনুপশ্যামি ভবিষ্যদ্‌দৃষ্ট্যেতি শেষঃ।

[আমার নিকট] তুমি তাঁহার কর্ম্ম শ্রবণ কর, যাহা দেবগণেরও দুষ্কর; সত্যে ও ধর্ম্মে রুচিসম্পন্ন রামচন্দ্রের পত্নীকে হিংসা করা তোমার কর্ত্তব্য নহে; আমাকর্ত্তৃক উক্ত এই হিতকর বাক্য তুমি ত্যাগ করিও না ॥ ৪ ॥

জনস্থান বশে আনয়ন করিয়া এবং বলশালী বিরাধকে নিহত করিয়া লক্ষ্মণাগ্রজ রাম বিজন অরণ্যে বিহার করিতেছেন ॥ ৫ ॥

বঞ্চনাপূর্ব্বক উদারস্বভাব রামচন্দ্রের পত্নীকে হরণ করিলে অবিলম্বে তোমার এবং [আমার] নিজের বিনাশ আমি [ভবিষ্যদ্দৃষ্টিতে] দর্শন করিতেছি ॥ ৬ ॥

১। খ-ঋ-ঠ-পুস্তকেষিদমর্দ্ধং নাস্তি। ২। ছ 'দৈবেরপি সুদু-'। ৩। খ-ছ '-রতে-', ঠ '-রতো দা-'। ৪। ঋ '-মিচ্ছতি'। ৫। ক-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৬। ড 'চ বৈ ত্যক্তু-'। ৭। ক-ঙ-ছ-ড '-মিচ্ছসি'। ৮। ঋ '-স্থানে'। ৯। ক 'বশে', ঋ 'বধং'। ১০। খ 'বিবিধং'। ১১। ঙ 'বালিন-'। ১২। ক '-রাংস্ত্বীরস্য'।

ব্যতিক্রমং কঞ্চিদন্যং[1][2] মর্ষয়েৎ স হি রাঘবঃ।
সতাং বৃত্তমনুস্মৃত্য[3] ন তু দারপ্রধর্ষণম্ ॥ ৭ ॥
সর্ব্বস্বহরণাদেতৎ[4] কর্ম্মাতীব জুগুপ্সিতম্।
স্বান্ প্রাণান্ প্রাণিনো যত্র ত্যক্ত্বা কুর্ব্বন্তি বিক্রমম্[5] ॥ ৮ ॥
স রামো দারহরণান্নিকৃতস্তেঽন্তকো ভবেৎ।
তদনাগতমেবেদং[6] বোদ্ধুমর্হসি[7] কারণম্ ॥ ৯ ॥
কামবেগাদমর্ষাচ্চ প্রকৃত্যা দৃঢ়বিক্রমঃ।
সন্তপ্যমানস্তেজস্বী সমুদ্রমপি শোষয়েৎ ॥ ১০ ॥

৭। লো-টী। ব্যতিক্রমমপরাধম্।

৯। লো-টী। তদিদং হরণম্ অনাগতং কারণং মৃত্যোঃ কারণং বোদ্ধুমর্হসি।

৭। টিপ্পনী। সতাং বৃত্তং চরিতমনুস্মৃত্য স্মৃত্বা অন্যং ব্যতিক্রমং মর্ষয়েৎ সহেত; তু কিন্তু দারপ্রধর্ষণং পত্নীপরাভবং ন সহেত।

৮। টিপ্পনী। অতীব অত্যধিকং জুগুপ্সিতং নিন্দিতম্। যত্র যস্মিন্ কর্ম্মণ্যনুষ্ঠিতে সতি প্রাণিনো বিক্রমং কুর্ব্বন্তি।

৯। টিপ্পনী। দারহরণাদ্ধেতোর্নিকৃতো বঞ্চিতঃ স রামস্তে অন্তকঃ কালরূপো ভবেৎ। তৎ তস্মাৎ ইদং তে কার্য্যম্ অনাগতং কারণং ভবিষ্যৎ কারণং ত্বদ্‌বিনাশস্যেতি শেষঃ, বোদ্ধুমর্হসি অবগচ্ছ।

১০। টিপ্পনী। প্রকৃত্যা স্বভাবেন তেজস্বী দৃঢ়বিক্রমশ্চ জনঃ কামবেগাৎ অমর্ষাৎ ক্রোধাচ্চ সন্তপ্যমানোঽন্তর্দহ্যমানঃ সমুদ্রমপি শোষয়েৎ শোষয়িতুং শক্নুয়াৎ।

সাধুগণের আচরণ স্মরণ করিয়া রঘুনন্দন রাম অন্য কোনও অপরাধ সহ্য করিতে পারেন, কিন্তু পত্নীপ্রধর্ষণ সহ্য করিতে পারেন না ॥ ৭ ॥

সর্ব্বস্বহরণ হইতে [-ও] এই কার্য্য অত্যধিক নিন্দিত, যাদৃশ কার্য্য অনুষ্ঠিত হইলে প্রাণিগণ [নিজ] নিজ প্রাণ ত্যাগ করিয়া [-ও] বিক্রম প্রকাশ করিয়া থাকে ॥ ৮ ॥

পত্নীহরণহেতু বঞ্চিত সেই রাম তোমার কালস্বরূপ হইবেন; কাজেই এই কার্য্যকে [তোমার মৃত্যুর] ভবিষ্যৎ কারণ বলিয়া পরিজ্ঞাত হও ॥ ৯ ॥

১। ছ 'কিঞ্চি-'। ২। ঙ-ব '-দল্পং'। ৩। ব 'উদারঃ প্র-'। ৪। ঘ '-দ্ব্যোতৎ', ঠ '-চ্চৈতৎ'। ৫। ব 'বিগ্রহম্'। ৬। গ-ঘ-ঠ-ড '-মেবাত্র'। ৭। ঙ 'স্বকার্য্যং বোদ্ধুমর্হসি'।

তং শক্রভিরনাসাদ্যমাসাদ্য ন ভবিষ্যসি।[1][2]
যদি মেঽদ্য মতাদন্যৎ স্বমতং রোচয়িষ্যসি ॥ ১১ ॥[3]
সোঽহমস্মিন্ সমারম্ভে সুনীতস্য কলামপি।
বিমৃশন্ নাভিপশ্যামি রামদারাভিমর্ষণে ॥ ১২ ॥[4][5]
যদি বাপ্যপনেষ্যামি মৃগরূপেণ রাঘবম্।[6]
তথাপ্যশক্যা বৈদেহী ত্বয়া স্প্রষ্টুং নিশাচর ॥ ১৩ ॥[7]

১১। লো-টী। অনাসাদ্যম্ অভিভবাবিষয়ম্।

১২। লো-টী। অস্মিন্ রামদারাভিমর্ষণে যোঽয়ং সমারম্ভ উদ্যমঃ তস্মিন্ সুনীতস্য শোভননীতেঃ কলামংশমপি।

১১। টিপ্পনী। যদি মম মতাদ্ অন্যদ্ ভিন্নং তে স্বমতং সীতাহরণরূপং রোচয়িষ্যসি মঙ্গলকরমিতি গৃহ্ণাসি তদা শক্রভিঃ অনাসাদ্যম্ প্রতিযোগিত্বেন প্রাপ্তুমশক্যম্ অনাক্রম্যমিতি যাবৎ, তং রামম্ আসাদ্য প্রাপ্য ত্বং ন ভবিষ্যসি ন জীবিষ্যসি।

১২। টিপ্পনী। স রাক্ষসোঽপ্যহং বিমৃশন্ বিচারয়ন্ রামদারাভিমর্ষণে রামপত্নীপরাভবে তদর্থমিতি ভাবঃ, কৃতে অস্মিন্ সমারম্ভে উদ্যমে সুনীতস্য সুনীতেঃ কলাং লেশমপি ন পশ্যামি।

১৩। টিপ্পনী। অপনেষ্যামি দূরং নেষ্যামি।

স্বভাবতঃ দৃঢ়বিক্রম [ও] তেজস্বী ব্যক্তি কামবেগে ও অমর্ষে (ক্রোধে) দহ্যমান হইয়া সমুদ্রকেও শোষণ করিয়া ফেলিতে পারে ॥ ১০ ॥

অদ্য আমার মত হইতে পৃথক্ [তোমার] স্বমত যদি তোমার রুচিকর হয় (অর্থাৎ মঙ্গলকর বলিয়া গ্রহণ কর), তাহা হইলে শত্রুগণের অনাক্রম্য রামচন্দ্রকে আক্রমণ করিয়া তুমি জীবিত থাকিবে না ॥ ১১ ॥

রাক্ষস [হইলেও] আমি বিচার করিয়া রামপত্নীধর্ষণের নিমিত্ত এই উদ্যমে সুনীতির লেশও দেখিতে পাইতেছি না ॥ ১২ ॥

হে নিশাচর, যদিও মৃগরূপে আমি রামচন্দ্রকে দূরে লইয়া যাইতে পারি, তথাপি বৈদেহীকে তুমি স্পর্শ করিতে সমর্থ হইবে না ॥ ১৩ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ড '-ধৃষ্য ষাসাদ্য ন'। ৩। ধ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৪। ঘ '-মৃশ নাদ্য-' ঠ '-মৃশন্নাদ্য-', ছ-ধ-ড '-মৃশন্নাদ্য-'। ৫। ঠ '-রাপমর্ষণে'। ৬। ধ 'তং চাপ-'। ৭। ঠ 'প্রাপ্তুং'।

অপনীতে ময়া রামে জীবত্যপি[1] চ লক্ষ্মণে।
নৈব[2] শক্যা ত্বয়া সীতা হর্তুং রাবণ কর্হিচিৎ ॥ ১৪ ॥
অথবা[3] রহিতাং দ্বাভ্যাং[4] কথঞ্চিদুপলপ্স্যসে[5]।
ব্রহ্মলোকগতস্যাপি[6] ন তে স্থানং ভবিষ্যতি ॥ ১৫ ॥
অবাপ্য তু[7] বরারোহাং সীতাং সুরসুতোপমাম্।
ত্রৈলোক্যমপি দুষ্প্রাপং প্রাপ্তমিত্যুপধারয়[8] ॥ ১৬ ॥

১৬। লো-টী। সীতামবাপ্য স্পৃষ্ট্বা প্রাপ্তমপি ত্রৈলোক্যং দুষ্প্রাপমপ্রাপ্তমিত্যর্থঃ।

১৪। টিপ্পনী। ময়া রামে অপনীতেঽপি লক্ষ্মণে জীবতি সতীত্যন্বয়ঃ। কর্হিচিৎ কদাপি।

১৫। টিপ্পনী। কথঞ্চিদ্ উপলপ্স্যসে প্রাপ্স্যসি চেৎ।

১৬। টিপ্পনী। বরারোহাং প্রশস্তসৌন্দর্য্যশালিনীং সীতাম্ অবাপ্য প্রাপ্য সীতায়াং প্রাপ্তায়াং সত্যামিত্যর্থঃ, দুষ্প্রাপং দুঃখেন প্রাপ্তুং যোগ্যং ত্রৈলোক্যমপি প্রাপ্তমিতি উপধারয় নিশ্চিনু। সীতাপ্রাপ্তিস্ত্রৈলোক্যপ্রাপ্তিবদেব দুঃশকেতি ভাবঃ।

হে রাবণ, আমি রামকে দূরে লইয়া গেলেও লক্ষ্মণ জীবিত থাকিতে তুমি সীতাকে কদাপি হরণ করিতে সমর্থ হইবে না ॥ ১৪ ॥

অথবা [রাম ও লক্ষ্মণ এই] উভয়বিরহিত সীতাকে তুমি যদি কোনও প্রকারে লাভ করিতে [-ও] পার, তাহা হইলে ব্রহ্মলোকে গমন করিয়াও তোমার স্থান হইবে না ॥ ১৫ ॥

প্রশস্তসৌন্দর্য্যশালিনী দেবকন্যোপমা সীতাকে লাভ করিতে পারিলে দুষ্প্রাপ্য ত্রৈলোক্যও লব্ধ হইল, ইহা অবধারণ কর (অর্থাৎ ত্রৈলোক্যজয় করা যেরূপ দুঃসাধ্য সীতাহরণ করাও সেইরূপ দুঃসাধ্য) ॥ ১৬ ॥

১। ঠ 'তিষ্ঠ-'। ২। ঘ 'বৈদেহী ন ত্বয়া শক্যা' ছ 'ন চ সীতা ত্বয়া শক্যা হর্তুং রাক্ষস'। ৩। ঙ 'অথ তাং'। ৪। ছ-ঝ 'তাভ্যাং'। ৫। ঝ '-ভ্যসে'। ৬। ঙ '-লোকে-', ছ '-লোকং-', ঠ '-লোকে গতে চাপি'। ৭। ঝ 'চ'। ৮। ছ-ঝ '-অবধা-'।

অমন্ত্রয়িত্বা সচিবৈর্যো[১]ঽর্থং কৃচ্ছ্রং[২] নৃপশ্চরেৎ।
ন স তিষ্ঠেচ্চিরং[৩] রাজ্যে পুষ্করে সলিলং যথা ॥ ১৭ ॥
সোঽহং বিবর্জ্জিতং[৪] সদ্ভিরপথ্যং[৫] মার্গমঞ্জসা।
নানুবর্ত্তিতুমিচ্ছামি স্মরন্ প্রকৃতিমাত্মনঃ ॥ ১৮ ॥
বধ্যতো[৬] হি মমৈকস্য[৭] দুঃখং[৮] তব প্রয়োজনম্।
যদি কেবলমেতদ্ধি[৯] কার্য্যস্য নিধনং ভবেৎ ॥ ১৯ ॥
অনয়েনাপি মাং হত্বা ত্বমিতো রাক্ষসান্ প্রতি।
প্রতিযাহি[১০] স্বমাবাস[১১]মগত্বা[১২] রামকিল্বিষম্ ॥ ২০ ॥

১৭। লো-টী। অর্থকৃচ্ছ্রং দুঃখদকর্ম্মণামর্থং সমারম্ভম্।

১৮। লো-টী। অঞ্জসা নিশ্চিতমেব। প্রকৃতিং রামাৎ পরাভবং স্মরন্।

১৯-২০। লো-টী। বধ্যতো হীতি, বধ্যতো রামেণ বধ্যমানস্য একস্য তব যোধমুখ্যস্য মম এতন্মরণং দুঃখমেব যদি তব প্রয়োজনং তদা কার্য্যস্য সীতাহরণরূপস্য নিধনং ভবেৎ সিদ্ধির্ন ভবেদিত্যর্থঃ। তথাচ অনয়েন অনীত্যা মাং রামদ্বারেণ হত্বা ত্বং রাক্ষসান্ প্রতি ইত এব এষ্য-সীত্যর্থঃ। তদ্বরং রামকিল্বিষং রামাপরাধম্ অগত্বা অকৃত্বা আবাসং গৃহং ত্বং যাহীত্যন্বয়ঃ। এতৎ পদ্যদ্বয়ং ক চাস্তি ক চ নাস্তি।

১৭। টিপ্পনী। যো নৃপঃ সচিবৈরমন্ত্রয়িত্বা কৃচ্ছ্রং কষ্টসঙ্কুলম্ অর্থং বিষয়ং চরেদ্ অনুতিষ্ঠেৎ স পুষ্করে পদ্মে পদ্মপত্রে ইত্যর্থঃ, সলিলমিব রাজ্যে চিরং বহুকালং ন তিষ্ঠেৎ।

১৮। টিপ্পনী। স তাপসবৃত্তিরহম্ আত্মনঃ স্বস্য প্রকৃতিং তাপসপ্রকৃতিং স্মরন্ সদ্ভির্বিবর্জ্জিতম্ অপথ্যম্ অহিতকরং মার্গম্ অঞ্জসা যাথার্থ্যেন অনুবর্ত্তিতুং নেচ্ছামি।

১৯-২০। টিপ্পনী। একস্য প্রধানস্য যোধমুখ্যস্যেতি যাবৎ, বধ্যতো রামেণ হন্যমানস্য মম

যে নৃপতি সচিবগণের সহিত মন্ত্রণা না করিয়া কষ্টসঙ্কুল বিষয়ের অনুষ্ঠান করেন, তিনি পদ্মপত্রে সলিলের ন্যায়, রাজ্যে বহুকাল অবস্থান করিতে পারেন না ॥১৭॥

সেই [তাপসবৃত্তি] আমি নিজের [তাপস-] প্রকৃতি স্মরণ করিয়া সাধুগণ-বিবর্জ্জিত অহিতকর মার্গ যথার্থই অনুবর্ত্তন করিতে ইচ্ছা করি না ॥ ১৮ ॥

১। ঙ-ঝ-ড '-র্থকৃ-'। ২। ঙ-ঝ-ড 'সমাচরেৎ'। ৩। ড 'কালং'। ৪। ছ '-গর্হিতং'। ৫। ঝ '-থ্যমার্গ-'। ৬। ঝ '-তোঽপি'। ৭। ঘ 'দুঃখিতং ন', ছ 'দুঃখিতুং ন'। ৮। ঙ-ড 'তেনেত্র'। ৯। ছ '-তদৈ'। ১০। ঙ 'সুখং যাহি'। ১১। ঠ-ড 'স্বমা-'। ১২। ঙ '-মকৃত্বা'।

উচ্যমানোঽসকৃদ্[১] বাক্যং ন গৃহ্ণীষে রণপ্রিয়।
কিং করিষ্যামি মন্দাত্মা[২] করিষ্যামি তব প্রিয়ম্ ॥ ২১ ॥
উপস্থিতবিনাশোঽসি ধ্রুবং ত্বং রাক্ষসেশ্বর।
কার্য্যং বা যদি বাঽকার্য্যং কৃতমেবেচ্ছতি[৩] প্রভুঃ[৪] ॥ ২২ ॥

২২। গো-টী। অকার্য্যম্ অকর্ত্তব্যং কৃতং কর্ম্ম কার্য্যং কর্ত্তব্যমিচ্ছতি। বাদ্বয়ং পূরণে। 'প্রিয়মি'তি পাঠে অকার্য্যমকর্ত্তব্যং কার্য্যং কর্ম্ম প্রিয়মিচ্ছতি। প্রভুর্ব্বীর্য্যোন্মত্তঃ।

দুঃখমেব যদি তব প্রয়োজনং ভবেৎ, এতন্মম দুঃখসম্পাদনং যদি পুনস্তব কার্য্যস্ত সীতাহরণরূপস্ত নিধনং বিঘাতকং ভবেৎ, তদা রামকিল্বিষম্ অগত্বা রামায় কমপ্যপরাধমকৃত্বা সীতাহরণার্থং মাং তত্রাসংপ্রেষ্যেত্যর্থঃ, অনয়েন অন্যায়েনাপি মাং হত্বা ত্বং স্বগাবাসং স্বগৃহং প্রতিযাহি। মম মৃত্যুরেব যদি তব প্রয়োজনম্ এতেন চ যদি সীতাহরণরূপমকার্য্যং বাধিতং ভবেত্তদাহং মরণায় সজ্জোঽস্মি তচ্চ ত্বমেবাত্র বিধেহীত্যর্থঃ।

২১। টিপ্পনী। অসকৃদ্ বারং বারম্ উচ্যমানোঽপি। মন্দাত্মা মন্দবুদ্ধিঃ।

২২। টিপ্পনী। ত্বং ধ্রুবং নিশ্চিতম্ উপস্থিতবিনাশঃ উপস্থিতো বিনাশো যস্ত সঃ অসি। প্রভুঃ কার্য্যমকার্য্যং বা তদাদিষ্টং কর্ম্ম কৃতং সম্পাদিতমেবেচ্ছতি। ইদং মে আদিষ্টং কর্ম্ম কার্য্যং কর্ত্তুং যোগ্যম্ ইদঞ্চ কর্ত্তুমযোগ্যমিতি প্রভুর্ন বিচারয়তি, যদাদিষ্টং তৎ কার্য্যমকার্য্যং বা ভৃত্যৈঃ সম্পাদ্যতামিত্যেবমিচ্ছতি।

রামকর্ত্তৃক হন্যমান যোধমুখ্য আমার দুঃখই যদি কেবল তোমার প্রয়োজন হয় এবং ইহাই (অর্থাৎ আমার দুঃখসম্পাদনই) যদি [সীতাহরণরূপ] কার্য্যের বিঘাতক হইতে পারে, তাহা হইলে তুমি রামের নিকট অপরাধ না করিয়া (অর্থাৎ সীতাহরণার্থ আমাকে তাঁহার আশ্রমে প্রেরণ না করিয়া) অন্যায় ভাবেও আমাকে হত্যা করত এই স্থান হইতে স্বগৃহে রাক্ষসগণের নিকট প্রতিগমন কর; [আমার মৃত্যুতেও যদি সীতাহরণরূপ দুষ্কার্য্য রহিত হয় তাহাতে আমি প্রস্তুত আছি এবং সেই মৃত্যু রামের হাতে না হইয়া তোমার হাতেও হইতে পারে] ॥ ১৯-২০ ॥

হে রণপ্রিয়, তোমাকে বহুবার বলিলেও তুমি [আমার] বাক্য গ্রহণ করিতেছ না; মন্দবুদ্ধি আমি আর কি করিতে পারি? তোমার প্রিয়কার্য্য [-ই] সাধন করিব ॥ ২১ ॥

১। ঘ '-মানং সুহৃদ্বাক্যং', ঝ '-মানে সুহৃদ্বাক্যং'। ২। ঠ 'মূঢ়াত্মা'। ৩। ঝ 'প্রিয়ং তবেচ্ছতঃ'। ৪। ঠ '-চ্ছসি'।

[1]ইত্যেবমুক্তঃ স নিশাচরেশ্বরঃ
প্রহৃষ্টরূপস্তমুবাচ রাবণঃ।
[2]বিনিন্দমানস্তু নরাধিপাত্মজং
বিমোহিতঃ কালবশং গতস্তদা ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে * মারীচাভ্যুপপত্তির্নাম সপ্তচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৭ ॥

* লো-টী। মারীচাভ্যুপপত্তিঃ, অভ্যুপপত্তিঃ স্বীকারঃ।

২৩। টিপ্পনী। প্রহৃষ্টরূপোঽতিশয়েন হৃষ্টঃ স রাবণঃ বিমোহিতঃ কালবশং গতশ্চ সন্ নরাধিপাত্মজং রামং বিনিন্দমানঃ বিনিন্দন্ তং মারীচমুবাচ বক্ষ্যমাণমিতি শেষঃ।

হে রাক্ষসেশ্বর, নিশ্চয়ই তোমার বিনাশ উপস্থিত হইয়াছে ; কর্ত্তব্যই হউক অথবা অকর্ত্তব্যই হউক, প্রভু [তাঁহার আদিষ্ট] কর্ম্ম ভৃত্যকর্ত্তৃক সম্পাদিতই [দেখিতে] ইচ্ছা করেন ॥ ২২ ॥

মারীচ এইরূপে এই সমস্ত কথা বলিলে অতিপ্রহৃষ্ট রাক্ষসাধিপতি রাবণ তখন মোহগ্রস্ত ও কালবশবর্ত্তী হইয়া রাজপুত্র রামচন্দ্রকে নিন্দা করিতে করিতে তাঁহাকে (মারীচকে) বলিলেন— ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে মারীচাভ্যুপপত্তি (মারীচের রাবণাদেশ-পালনে সম্মতি) নামক সপ্তচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৪৭ ॥

১। ক-ঙ-ঝ-পুস্তকেষয়ং শ্লোকো নাস্তি। ২। ঠ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

অষ্টচত্বারিংশঃ সর্গঃ

মারীচস্য বচঃ শ্রুত্বা করিষ্য[১] ইতি রাক্ষসঃ।
রাবণঃ প্রহসন্[২] বাক্যমিদং মারীচমব্রবীৎ ॥ ১ ॥
হৃতরাজ্যো হৃতধনো মিত্রহীনো বনেচরঃ[৩]।
কিং করিষ্যতি কাকুৎস্থঃ শক্রতুল্যবলোঽপি সন্ ॥ ২ ॥
[৪]আত্মনশ্চ[৫] বলজ্ঞস্ত্বং মম চৈব[৬] ন সংশয়ঃ
[৭]কথং রামাদ্ বিহীনার্থাদ্ ভয়ং মারীচ গচ্ছসি[৮][৯] ॥ ৩ ॥

লো-টী। সাগরপ্রখ্যং মহদিত্যর্থঃ। হীনার্থাদ্ হীনধনাৎ। এবম্ভূতস্য মনুষ্যস্য সকাশাৎ কথং ভয়ং গচ্ছসীতি পূর্বক্রিয়য়া সম্বন্ধঃ। [৬-৯-পাঠান্তরে দ্রষ্টব্যে]

১। টিপ্পনী। করিষ্যে ত্বদাদেশং করিষ্যামীতি মারীচস্য বচঃ শ্রুত্বা।

২। টিপ্পনী। শক্রতুল্যবল ইন্দ্রতুল্যপরাক্রমঃ।

৩। টিপ্পনী। ত্বম্ আত্মনঃ স্বস্য অবেতি যাবৎ, মম চ বলজ্ঞঃ বলং জানাস্যেব। বিহীনার্থাদ্ অর্থবিহীনাৎ।

রাক্ষস রাবণ মারীচের 'তোমার আদেশ প্রতিপালন করিব' এই বাক্য শ্রবণ করিয়া হাসিতে হাসিতে মারীচকে এই বাক্য বলিলেন—॥ ১ ॥

হৃতরাজ্য হৃতধন মিত্রহীন বনচারী রাম ইন্দ্রতুল্যবলশালী হইয়াও কি করিতে পারিবে? ॥ ২ ॥

তুমি আমার এবং [তোমার] নিজের বল নিশ্চয়ই পরিজ্ঞাত আছ,

১। ঙ-ড '-ষ্যামীতি'। ২। ঋ 'প্রত্যুবাচেদং হসন্'। ৩। ঠ 'নিশাচর'। ৪। অন্তর্হিত স্থানে ঘ-পুস্তকে 'তক্ষ্যত্বতো যদা রামঃ কিং ত্বমুদ্বিজসে তদা। বলসারবতো রাজ্যমৈশ্বর্য্যং নাববেক্ষসে॥ সর্ব্বতোঽস্মাদ্বিহীনাদ্ যদ্ ভয়ং মারীচ পশ্যসি। রাজ্যভ্রষ্টস্য দীনস্য বুদ্ধ্যা রাজ্যশ্রিয়া তথা। হীনস্য চাপ্যমিত্রস্য মনুজস্যাল্পতেজসঃ॥' ইতি পাঠঃ। ৫। ড '-নস্ত'। ৬। অতঃ পরং ছ-পুস্তকে 'তক্ষ্যত্বতো যদা রামঃ কিং ত্বমুদ্বিজসে তদা। বলং মে সাগরপ্রখ্যমৈশ্বর্য্যঞ্চাববেক্ষসে॥' ইত্যধিকঃ। ৭। অন্তর্হিত স্থানে ঙ-ড-পুস্তকয়োঃ 'তক্ষ্যত্বতো যদা রামঃ কিং ত্বমুদ্বিজসে তদা। যত্র মে দেবদেবেন ঈশ্বরেণ মহাত্মনা। রাবণেতি কৃতং নাম শোকং রাবণ মা কুরু ('মা মন্যুং কুরু রাবণ' ড)। ইতি পাঠঃ। ৮। ছ 'পশ্যসি'। ৯। অতঃ পরং ছ-ঋ-পুস্তকয়োঃ রাজ্যভ্রষ্টস্য হীনস্য বুদ্ধ্যা রাজশ্রিয়া ('রাজ্যশ্রিয়া' ঋ) তথা। দীনস্য ধনহীনস্য ('হীনসাধনমিত্রস্য' ঋ) মানুষস্যাল্পতেজসঃ॥' ইত্যধিকঃ।

অগতির্যা[1] তু মর্ত্ত্যানাং রক্ষসাং বিহিতা চ সা[2]
উৎপতিষ্যামি[3] বৈদেহীং সমাদায়[4] বিহায়সা ॥ ৪ ॥
ময়ি রামঃ সমুদ্রস্য পরং পারং সমাশ্রিতে[5]।
কিং করিষ্যতি মূর্খোঽসৌ[6] কুর্ব্বন্নপি যথাবলম্[7] ॥ ৫ ॥
সুরাশ্চাসুরসঙ্ঘাশ্চ ন মে প্রতিবলা যুধি।
ত্রয়াণামপি লোকানামলমস্মি নিবারণে ॥ ৬ ॥

৪। লো-টী। যা আকাশগমনরূপা গতিরুপায়ঃ রক্ষসাং বিহিতা সা মর্ত্ত্যানামগতিঃ।

৫। লো-টী। যথাবলং স্ববলমনতিক্রম্য। 'যথাক্রমমি'তি পাঠে ক্রমং পরাক্রমং কৃত্বা যথাবৎ কুর্ব্বন্নপি।

৬। লো-টী। অলমস্মি সমর্থোঽস্মি।

৪। টিপ্পনী। যা মর্ত্ত্যানাম্ অগতিঃ অগম্যং স্থানং সা রক্ষসাং বিহিতা, যত্র মর্ত্ত্যা গন্তুং ন শক্তাস্তত্র রাক্ষসানাং গতিরস্তীত্যর্থঃ। অতো বৈদেহীং সমাদায় গৃহীত্বা বিহায়সা আকাশপথেন মনুষ্যাণামগম্যেনাপীতি ভাবঃ, উৎপতিষ্যামি গমিষ্যামি।

৫। টিপ্পনী। ময়ি সমুদ্রস্য পরং পারং সমাশ্রিতে গতে সতি রামো যথাবলং বলমনতিক্রম্য কুর্ব্বন্ চেষ্টমানোঽপি কিং করিষ্যতি।

৬। টিপ্পনী। প্রতিবলাস্তুল্যবলাঃ।

[ইহাতে] সংশয় নাই ; হে মারীচ, অর্থবিহীন রামচন্দ্র হইতে কেন তুমি ভয় পাইতেছ ? ॥ ৩ ॥

যে স্থান মর্ত্ত্যগণের অগম্য তাহা রাক্ষসগণের বিহিত (অর্থাৎ যথায় মর্ত্ত্যগণ গমন করিতে পারে না, রাক্ষসগণ তথায় গমন করিতে পারে) ; বৈদেহীকে গ্রহণ করিয়া আমি [মনুষ্যের অগম্য] আকাশপথে গমন করিব ॥ ৪ ॥

আমি সমুদ্রের পর পারে চলিয়া গেলে এই মূর্খ রাম [স্বীয়] পরাক্রমানুসারে চেষ্টা করিয়াও কি করিতে পারিবে ? ॥ ৫ ॥

সুরসমূহ এবং অসুরসমূহ যুদ্ধে আমার সমকক্ষ নহে, আমি লোকত্রয়ও (অর্থাৎ লোকত্রয়ের সম্মিলিত আক্রমণও) নিবারণ করিতে সমর্থ ॥ ৬ ॥

১। ঋ 'চ'। ২। ঢ 'যা'। ৩। ঠ 'উপবেক্ষ্যামি'। ৪। ঙ-ছ 'তামাদায়'। ৫। ঠ '-মনুপাশ্রিতে'। ৬। ঠ 'মূঢ়ো-'। ৭। ঠ '-মুখম্'।

ময়া বিক্রম্য শক্রোঽপি [১]মত্তৈরাবণবাহনঃ।
স বজ্রপাণির্নির্ভগ্নঃ [২]সমস্তৈস্ত্রিদশৈঃ সহ ॥ ৭ ॥
ভ্রাতা মে ধনদশ্চৈব যমোঽথ বরুণস্তথা।
সর্ব্বে চ পৃথিবী[৩]পালা [৪]বশে চ স্থাপিতা রণে ॥ ৮ ॥
[৫]ত্রৈলোক্যং [৬]নির্জ্জিতং যেন [৭]স্থাপিতঞ্চ ময়া [৮]বশে।
মচ্ছাসনাবঘুষ্টশ্চ স বিভেতি কথং ভবান্ ॥ ৯ ॥

৯। লো-টী। মচ্ছাসনাবঘুষ্টশ্চ মম শাসনং যৎ শূরাণাং লেখা লিখনং তত্র অবঘুষ্টঃ খ্যাত ইত্যর্থঃ। কচিদ্বহুবচনান্তঃ পাঠঃ। 'শাসনং রাজদত্তোর্ব্ব্যাং লেখাজ্ঞাশাস্ত্রশাস্তিষু' ইতি কোষঃ।

৭। টিপ্পনী। মত্ত ঐরাবণো বাহনং যস্য ঈদৃশঃ স প্রসিদ্ধঃ শক্রোঽপি ত্রিদশৈর্দ্দেবগণৈঃ সহ ময়া বিক্রম্য নির্ভগ্নঃ পরাজিতোঽভূৎ।

৮। টিপ্পনী। ধনদঃ কুবেরঃ। রণে রণেন সর্ব্বে পৃথিবীপালা রাজানো বশে স্থাপিতাঃ।

৯। টিপ্পনী। যেন ত্বয়া সহায়ীভূতেনেত্যর্থঃ, ময়া ত্রৈলোক্যং নির্জ্জিতং বশে চ স্থাপিতম্, যো মচ্ছাসনাবঘুষ্টঃ মম শাসনেষু লেখ্যেষু অবঘুষ্টঃ কীর্ত্তিতশ্চ, স ভবান্ কথং বিভেতি।

মত্ত ঐরাবত যাঁহার বাহন ঈদৃশ বজ্রপাণি সেই ইন্দ্রও নিখিল দেববৃন্দের সমভিব্যাহারে আমার সহিত বিক্রম প্রকাশ করিয়া পরাজিত হইয়াছিলেন ॥ ৭ ॥

কুবের যম এবং বরুণ আমার ভ্রাতা; আমি যুদ্ধে (যুদ্ধের দ্বারা) সমস্ত নৃপতিগণকে [স্ব-] বশে স্থাপন করিয়াছি ॥ ৮ ॥

যে তোমার সহায়তায় আমি ত্রৈলোক্য জয় করিয়াছি ও বশে স্থাপন করিয়াছি, এবং যে তুমি আমার শাসনে (রাজলেখ্যে) কীর্ত্তিত, সেই তুমি কেন ভয় পাইতেছ? ॥ ৯ ॥

১। ঋ '-র্ব্বারণ-'। ২। ঙ 'সর্ব্বৈর্দ্দেবগণৈঃ'। ৩। ঙ-ঠ '-লাঃ স্ববশে স্থা-'। ৪। ঘ-ড 'অবশাঃ স্থা-', ছ 'অবশাঃ স্থাপিতা বশে'। ৫। অত আরভ্য দশমশ্লোকপূর্ব্বার্দ্ধান্তে স্থানে ঋ-পুস্তকে 'মচ্ছাসনাবঘুষ্টশ্চ স বিভেতি কথং ভবান্। দূরং সংক্রীড়মানস্ত উময়া সহ পর্ব্বতে।' ইতি পাঠঃ। ৬। ছ 'বিজিতং', ঠ 'নির্জ্জিতমিদং'। ৭। ড '-তং স্ববশে'। ৮। ঙ 'রণে', ড 'ময়া'।

হরঃ সংক্রীড়মানশ্চ উময়া সহ পর্ব্বতে।
ভুজাভ্যামুদ্ধৃতো[1] বীর্য্যাৎ তেন তুষ্টোঽভবদ্ ভবঃ[2] ॥ ১০ ॥
ভুঞ্জানস্য হি লোকাংস্ত্রীন্[3] ন মে প্রতিবলঃ[4] কচিৎ।
দৃশ্যতে দিবি দেবেষু যক্ষলোকে[5]ঽথবা[6] পুনঃ।
রসাতলে[7] বা নাগেষু[8] কা শঙ্কা মানুষেষু[9] মে ॥ ১১ ॥
গৃহীত্বা[10] মৈথিলীং চাহং পথানেন[11] বিহায়সা।
লঙ্কামভিগমিষ্যামি[12] নিমেষেণৈব সত্বরঃ ॥ ১২ ॥

১০। লো-টী। উদ্ধৃত উত্তোলিতঃ কৈলাস ইতি শেষঃ।

১১। লো-টী। চতুর্যুগস্য পরাবৃত্তীঃ পরাবৃত্তয়ঃ নবপঞ্চ চতুর্দ্দশ ভুঞ্জানস্য মম গতাঃ, এতেন ষট্পঞ্চাশচ্চতুর্যুগানামর্থতো (?) দ্বাদশসহস্রগণনয়া দেবমানেন অষ্টষষ্টিসহস্রাধিকশতসহস্রমেকং (১৬৮০০০) গতমিত্যর্থঃ। কচিৎ কেষ্বপি দেবাদিষু মে মম প্রতিবলং সমানং সামর্থ্যং ন দৃশ্যতে ইত্যর্থঃ।

১২। লো-টী। যেন পথা, তেন পথা রামো গন্তুমসমর্থ ইতি শেষঃ। যদ্বা প্রভো সর্বকার্য্যসমর্থ। তাং মৈথিলীম্।

১০। টিপ্পনী। কৈলাসপর্ব্বতে সংক্রীড়মানো হরঃ সপর্ব্বতঃ ময়া বীর্য্যাদ্ বীর্য্যমবলম্ব্য উদ্ধৃত উত্তোলিতঃ।

১১। টিপ্পনী। প্রতিবলঃ প্রতিপক্ষঃ।

১২। টিপ্পনী। অনেন বিহায়সা পথা দৃশ্যমানেনাকাশমার্গেণেত্যর্থঃ।

পর্ব্বতে উমার সহিত ক্রীড়ারত মহাদেবকে আমি ভুজদ্বয়ের দ্বারা [স্ব-] বলে [পর্ব্বতের সহিত] উত্তোলন করি, তাহাতে মহাদেব তুষ্ট হইয়াছিলেন ॥ ১০ ॥

লোকত্রয়ভোগকারী আমার স্বর্গলোকে দেবগণের মধ্যে, অথবা যক্ষলোকে, অথবা রসাতলে নাগগণের মধ্যে কোথাও প্রতিপক্ষ নাই, মনুষ্যগণের মধ্যে আমার আশঙ্কা কি? ॥ ১১ ॥

১। ক-ঘ-ঙ-ড '-ভ্যামুদ্ধৃতো', ঠ '-ভ্যাং পীড়িতো'। ২। অতঃ পরং ঘ-ঝ-পুস্তকয়োঃ 'চতুর্যুগপরাবৃত্তীর্গতাস্ত নব পঞ্চ চ' ইতি, ঙ-ঠ-ড-পুস্তকেষু 'বলং নাম তথা রাজ্যমৈশ্বর্য্যঞ্চাথবেক্ষসে। কথং রামাদ্ বিহীনার্থাদ্ (বিনীতাত্মা ঙ-ড) ভয়ং মারীচ পশ্যসি॥ রাজ্যভ্রষ্টস্য দীনস্য বুদ্ধ্যা রাজ্যাশ্রিয়া তথা। হীনসাধনমিত্রস্য মানুষস্যাল্পতেজসঃ॥ চতুর্যুগপরাবৃত্ত্যা গতস্তু ('চতুর্যুগপরাবৃত্তির্গতাস্ত' চ ড) নব পঞ্চ চ॥' ইতি; ছ-পুস্তকে পুনঃ 'যত্র মে দেবদেবেন ঈশ্বরেণ মহাত্মনা। রাবণেতি কৃতং নাম সাহায্যং কুরু মা চিরম্॥ চতুর্যুগপরাবৃত্ত্যা গতাস্ত নব পঞ্চ চ॥' ইত্যধিকঃ। ৩। ঝ 'চ'। ৪। ক-ঝ '-বলং'। ৫। ঝ 'রক্ষসঃ কোঽথ বা'। ৬। ঘ-ঙ-ছ-ঠ '-কেষু বা'। ৭। ঙ-ছ-ড '-লেষু'। ৮। ঝ '-গস্তু'। ৯। ঝ '-ষস্তু'। ১০। ড 'আদায়'। ১১। ঝ 'পথা যেন', ঠ 'প্রবিশামি'। ১২। ঠ '-কাভি-'।

সাগরেণ পরিক্ষিপ্তাং সর্ব্বতঃ শতযোজনাম্ ।
[১]লঙ্কাং গন্তুং কুতঃ শক্তিরপি স্বপ্নমনোরথৈঃ ॥ ১৩ ॥
মায়াবী ত্বং সমর্থশ্চ গতিযুক্তো[২]ঽথ বুদ্ধিমান্ ।
প্রলোভ্য[৩] চৈব বৈদেহীং ক্ষিপ্রঞ্চান্তর্হিতো ভব ॥ ১৪ ॥
[৪]মমৈতদ্ বচনং [৫]কৃত্বা মোহয়িত্বা[৬] চ রাঘবৌ[৭] ।
[৮]মামেবাগচ্ছ ভদ্রন্তে যাস্যাবঃ সহিতৌ[৯] পুরীম্ ॥ ১৫ ॥
সীতামবাপ্য তাং ক্ষিপ্রং[১০] বঞ্চয়িত্বা চ রাঘবম্[১১] ।
বিস্রব্ধং বিক্রমিষ্যাবঃ[১২] কৃতার্থেনান্তরাত্মনা ॥ ১৬ ॥

১৩। লো টী। পরিক্ষিপ্তাং পরিবেষ্টিতাম্ ।

১৩। টিপ্পনী। সর্ব্বতঃ শতযোজনাং চতুর্দ্দিক্ষু শতযোজনবিস্তৃতাম্ । স্বপ্নমনোরথৈঃ স্বপ্নৈর্মনোরথৈশ্চ ।

১৪। টিপ্পনী। গতিযুক্তো বেগশালী ।

১৫। টিপ্পনী। কৃত্বা পালয়িত্বা। তব ভদ্রং ভূয়াৎ। সহিতৌ মিলিতৌ সন্তৌ লঙ্কাপুরীং যাস্যাবঃ ।

১৬। টিপ্পনী। কৃতার্থেন অন্তরাত্মনা মনসা বিস্রব্ধং বিশ্বস্তং যথা স্যাত্তথা বিক্রমিষ্যাবঃ গচ্ছাবঃ ।

আর, আমি মৈথিলীকে গ্রহণপূর্ব্বক ত্বরাযুক্ত হইয়া এই আকাশপথে নিমেষের মধ্যেই লঙ্কায় গমন করিব ॥ ১২ ॥

স্বপ্নে এবং মনোরথেও সাগরপরিবেষ্টিত এবং চতুর্দ্দিকে শতযোজনবিস্তৃত লঙ্কায় গমন করিবার শক্তি মনুষ্যের কোথায় ? ॥ ১৩ ॥

মায়াবী সামর্থ্যশালী বেগবান্ এবং বুদ্ধিমান্ তুমি বৈদেহীকে প্রলোভিত করিয়া শীঘ্র অন্তর্হিত হও ॥ ১৪ ॥

আমার এই বাক্য পালন করিয়া এবং রঘুনন্দনদ্বয়কে মোহিত করিয়া তুমি আমার সমীপেই আগমন কর, তোমার মঙ্গল হউক, আমরা দুইজনে মিলিত হইয়া [লঙ্কা-] পুরীতে গমন করিব ॥ ১৫ ॥

ত্বরায় সেই সীতাকে লাভ করিয়া এবং রামচন্দ্রকে বঞ্চিত করিয়া আমরা কৃতার্থমনে নিশ্চিন্তভাবে গমন করিব ॥ ১৬ ॥

১। ঠ 'তাং ন শক্তঃ পুমান্ গন্তুমপি'। ২। ঠ '-স্তুশ্চ'। ৩। ক '-প্রবৃত্ত-', ঠ '-প্রমত্ত-'। ৪। ঠ 'এবং প্রলোভ্য তাং সীতাং মোহ-'। ৫। ঘ-ঙ-ছ-ড 'শ্রুত্বা'। ৬। ছ 'তু'। ৭। ঘ-ছ-ড '-ঘবম্'। ৮। ঠ 'মমাগচ্ছ ততো লঙ্কাং'। ৯। ঝ-ঠ '-তঃ'। ১০। ড 'শীঘ্রং'। ১১। ক-ঝ '-বৌ'। ১২। ছ 'বিহরিষ্যাবঃ'।

এবং স সান্ত্বিতস্তেন মারীচো রাবণেন বৈ।
বিনিশ্বসন্ মুহুশ্চৈব দৃষ্টদুঃখশ্চ রাক্ষসঃ।
প্রতস্থে নচিরাদেব দশগ্রীবসহায়বান্ ॥ ১৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অরণ্যকাণ্ডে মারীচসান্ত্বনং নাম
অষ্টাচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৮ ॥

[তমনর্থৈঃ ক্লিশ্যমানমিন্দ্রিয়াণাং বশানুগম্। অশক্নুবন্ বারয়িতুং মারীচোঽপ্যন্ববর্ত্তত ॥ যুক্তো হ্যর্থনিযুক্তার্থং ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ। প্রতস্থে ন চিরাদেব দশগ্রীবসহায়বান্ ॥ অনিচ্ছন্নপি পাপাত্মা পূর্ব্ববৈরমনুস্মরন্। রাবণেন সহায়েন করিষ্যামীতি নিষ্কৃতিম্ ॥]
লো-টী। তং রাবণম্ অনর্থৈঃ কামরূপৈঃ ক্লিশ্যমানং পীড্যমানম্। যুক্তো হি সমর্থোঽপি অর্থায় পরনাশরূপায় নিযুক্তোঽর্থো মৃগরূপধারণং যস্মিন্। পূর্ব্ববৈরমনুস্মরন্ বৈরস্য নিষ্কৃতিং রাবণেন সহায়েন করিষ্যামিঃইতি হেতোঃ প্রতস্থে প্রস্থাতুং মনশ্চক্রে ইতি দ্বাভ্যামন্বয়ঃ। ইতি হেতোঃ ইতি অব্রবীৎ ইতি ত্রিভিরন্বয়ঃ। কিং কৃত্বা দশগ্রীবসহায়বান্ দশগ্রীবেণ সহ আত্মনো জীবিতং ন চিরাৎ শীঘ্রমেব ত্যক্ত্বা ত্যক্তুং বা। 'অনু নিযুক্তার্থম্' ইতি পাঠে অনু অনুক্ষণম্। 'যুক্তো হ্যধ্বনি দুঃখার্ত্ত' ইতি পাঠে অধ্বনি কালে রামরূপে; 'যমে স্যাদধ্বা বর্ত্ম'কালয়োরি'তি ভূরিঃ।

১৭। টিপ্পনী। সান্ত্বিতোঽভূদিতি শেষঃ। দৃষ্টদুঃখঃ মনশ্চক্ষুষা দৃষ্টং ভাবি দুঃখং যেন সঃ। দশগ্রীবসহায়বান্ দশগ্রীবেণ সহিত ইত্যর্থঃ।

এইরূপে সেই রাবণ মারীচকে সান্ত্বনাপ্রদান করিলেন; রাক্ষস [মারীচ মনোনেত্রে ভাবী] দুঃখ দর্শন করিয়া এবং বারংবার নিশ্বাস ত্যাগ করিয়া অবিলম্বেই রাবণের সহিত প্রস্থান করিবার সঙ্কল্প করিলেন ॥ ১৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অরণ্যকাণ্ডে মারীচসান্ত্বনা-নামক
অষ্টচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥ ৪৮ ॥

১। খ 'সংসা-'। ২। ঠ 'সান্ত্বয়ংস্তেন'। ৩। ছ 'দৃষ্টদোষশ্চ'। ৪। অতঃ পরং ঘ-ঙ-ছ-ঠ-ড-পুস্তকেষু 'তমনর্থৈঃ ক্লিশ্যমান- ('তমর্থৈঃ ক্লিশ্যমানানা-' ঘ) মিন্দ্রিয়াণাং বশানুগম্। অশক্নুবন্ বারয়িতুং মারীচোঽপ্যন্বপদ্যত ('-বর্ত্তত', ড '-ত্বপদ্যত' ঘ-ঙ)। স যুক্তোঽর্থ ('যুক্তোঽধ্বন-' ঘ, 'স যুক্তোঽথ' ঙ-ড, 'স যুক্তোঽধ্ব-' ঠ) নিযুক্তার্থ-ত্যক্ত- ('নিযুক্তাত্মা ত্যক্ত্বা' ঙ-ড) জীবিতমাত্মনঃ।' ইত্যধিকঃ।

একোনপঞ্চাশঃ সর্গঃ

আত্মনো[১] মরণং[২] মত্বা[৩] সংশয়ং পরমং গতঃ।
অকামো ভয়সংবিগ্নো নিশ্বস্য[৪] বহুশস্তদা ॥ ১ ॥
নিশ্চিতং[৫] রাবণং দৃষ্ট্বা মারীচো ভয়বিহ্বলঃ।
গচ্ছামীত্যব্রবীদ্ ভীতো দীনো নক্তঞ্চরেশ্বরম্[৬] ॥ ২ ॥
প্রহৃষ্টস্ত্বভবত্তেন[৭] বচসা রাক্ষসেশ্বরঃ।
পরিষ্বজ্য সুসংশ্লিষ্টমিদং[৮] বচনমব্রবীৎ ॥ ৩ ॥

১। লো-টী। আত্মনো মরণম্ উভয়থা জ্ঞাত্বা সংশয়ং গতঃ প্রাপ্তঃ ভয়সংবিগ্নো বভূবেতি শেষঃ।

২। লো-টী। ভীতঃ ভীতিরাগতা যস্মাৎ সঃ। পরেষাং ভয়প্রদোঽপি রাবণাদ্ ভয়-বিহ্বলঃ। দীনো দুঃখিতঃ সন্।

১। টিপ্পনী। আত্মনো মরণং মত্বা বিচিন্ত্য বহুশো বারং বারং নিশ্বস্য পরমং সংশয়ং গতঃ আত্মজীবিতবিষয়ে অতীব সংশয়াপন্নঃ, অকামঃ সীতাহরণরূপদুষ্কার্য্যকরণে অনিচ্ছুরিত্যর্থঃ, মারীচো ভয়সংবিগ্নঃ ভয়োদ্বিগ্নো বভূব।

২। টিপ্পনী। রাবণং নিশ্চিতং দৃঢ়সঙ্কল্পং দৃষ্ট্বা ভয়বিহ্বলো মারীচঃ অধিকতরং ভীতঃ সন্ নক্তঞ্চরেশ্বরং নিশাচরাধিপং তং রাবণং গচ্ছামীত্যব্রবীৎ।

৩। টিপ্পনী। সুসংশ্লিষ্টম্ অতিগাঢ়ং যথা স্যাত্তথা পরিষ্বজ্য আলিঙ্গ্য।

নিজের মরণ চিন্তা করিয়া বারংবার নিশ্বাস পরিত্যাগ করত [নিজ জীবন-সম্বন্ধে] নিতান্ত সংশয়াপন্ন [সীতাহরণরূপ দুষ্কার্য্য করিতে] অনিচ্ছুক মারীচ তখন ভয়োদ্বিগ্ন হইলেন ॥ ১ ॥

রাবণকে দৃঢ়সঙ্কল্প দেখিয়া ভয়বিহ্বল মারীচ দীনভাবাপন্ন এবং [আরও] ভীত হইয়া [সেই] নিশাচরাধিপতিকে 'আমি যাইতেছি' এই কথা বলিলেন ॥ ২ ॥

রাক্ষসাধিপতি [রাবণ] তাদৃশ বাক্যে অতিশয় হর্ষান্বিত হইলেন [এবং] প্রগাঢ় ভাবে আলিঙ্গন করিয়া [তাঁহাকে] এই বাক্য বলিলেন— ॥ ৩ ॥

১। ইতঃ পূর্ব্বং সর্গারম্ভে ধ-পুস্তকে 'অনিচ্ছন্নপি পাপাত্মা পূর্ব্ববৈরমনুস্মরন্। রাবণেন সহায়েন করিষ্যামীতি নিষ্কৃতিম্ ॥' ইত্যধিকঃ। ২। ছ '-পঙ্ক্তঃ স'। ৩। ঘ-ঙ-ধ-ঠ 'জ্ঞাত্বা'। ৪। ছ 'নিশ্বস্য চ মুহুর্মুহুঃ'। ৫। ধ 'মরণং জ্ঞাত্বা'। ৬। ঠ '-রঃ'। অতঃ পরং ঠ-পুস্তকে 'রামাদপি চ মর্ত্তব্যং মর্ত্তব্যং রাবণাদপি। উভয়োরপি মর্ত্তব্যং বরং রামান্ন রাবণাৎ ॥' ইত্যধিকঃ। ৭। ধ '-স্বব্রবী-'। ৮। ঘ 'সুপ্রহৃষ্ট ইদং'

এতচ্ছৌটীরযুক্তস্তে স্বচ্ছন্দাদিব[1] ভাষিতম্ ।
ইদানীমসি মারীচ প্রকৃতিং স্বামুপাগতঃ[2] ॥ ৪ ॥
আরুহ্যতাময়ং শীঘ্রং কামগো রত্নভূষিতঃ[3] ।
ময়া সহ রথো[4] যুক্তঃ পিশাচবদনৈঃ খরৈঃ ॥ ৫ ॥
ততো রাবণমারীচৌ বিমানমিব তং রথম্ ।
আরুহ্য[5] যযতুঃ[6] শীঘ্রং[7] তস্মাদাশ্রমমণ্ডলাৎ ॥ ৬ ॥
পশ্যন্তাবথ রম্যাণি পত্তনানি সরাংসি চ ।
পর্ব্বতান্ সরিতশ্চৈব রাষ্ট্রাণি বিবিধানি চ ॥ ৭ ॥

৪ । লো-টী । শৌটীরং শৌর্য্যম্ । স্বচ্ছন্দাৎ স্বাভিপ্রায়াদ্ ভাষিতমিব ভাষিতমেব, 'ছন্দো বশেঽপ্যভিপ্রায়ে' ইতি কোষঃ ।

লো-টী । হে দুর্ব্বৃত্ত মুনিষু দুষ্টং বৃত্তং চরিত্রং যস্য তথা । দিব্যো মনোহরঃ । বরাঃ প্রকৃষ্টাঃ গুপ্তা যত্র সঃ । অনুত্তমোঽত্যুত্তমঃ [২-৩-পাঠান্তরে দ্রষ্টব্যে] ।

৬ । লো-টী । বিমানং দেববিমানমিব ।

৪ । টিপ্পনী । স্বাং স্বীয়াং প্রকৃতিং স্বভাবমিত্যর্থঃ, উপাগতঃ প্রাপ্তঃ ।

৫ । টিপ্পনী । কামগঃ কামগামী ।

৬ । টিপ্পনী । বিমানং দেবরথমিব তং রথম্ ।

৭ । টিপ্পনী । পশ্যন্তৌ যযতুরিত্যন্বয়ঃ । পত্তনানি নগরাণি ।

তুমি যেন স্বেচ্ছাক্রমে এই শৌর্য্যযুক্ত বাক্য বলিয়াছ ; হে মারীচ, তুমি এক্ষণে স্বীয় প্রকৃতি প্রাপ্ত হইয়াছ ॥ ৪ ॥

তুমি শীঘ্র আমার সহিত পিশাচবদন খরসমূহে যুক্ত রত্নভূষিত এই কামগামী রথে আরোহণ কর ॥ ৫ ॥

অতঃপর, রাবণ ও মারীচ বিমান (দেবরথ) -সদৃশ সেই রথে আরোহণ করিয়া [মারীচের] সেই আশ্রমমণ্ডল হইতে অবিলম্বে গমন করিলেন ॥ ৬ ॥

তাঁহারা রম্য নগর ও সরোবরসমূহ, পর্ব্বত ও নদীসমূহ এবং নানাবিধ দেশ-সমূহ দর্শন করিতে করিতে যাইতে লাগিলেন ॥ ৭ ॥

১ । ঘ-ঙ 'মচ্ছন্দা-' । ২ । অতঃ পরং ঙ-ঝ-ড-পুস্তকেষু 'সাধু মারীচ দুর্ব্বৃত্ত রণমত্ত ('রণশৌণ্ড' ঙ-ড) মম প্রিয় ।' ইত্যধিকঃ । ৩ । অতঃ পরং ঙ-ঝ-ড-পুস্তকেষু 'শীঘ্রং ব্যোমচরো দিব্যো বরলক্ষো হ্যনুত্তমঃ ।' ইত্যধিকঃ । ৪ । ঙ 'সুখং' । ৫ । ঘ-ঠ 'আরূঢৌ' । ৬ । ঙ-ছ-ড 'জগ্মতুঃ' । ৭ । ঝ 'রাঘবাশ্রমমণ্ডলম্' ।

আগত্য দণ্ডকারণ্যং রাঘবস্যাশ্রমং ততঃ।
দদর্শ সহমারীচো রাবণো রাক্ষসেশ্বরঃ ॥ ৮ ॥
অবতীর্য্য রথাত্তস্মাৎ কামগাদ্রত্নভূষিতাৎ।
হস্তে সংগৃহ্য[১] মারীচং রাবণো বাক্যমব্রবীৎ ॥ ৯ ॥
এষ[২] রামাশ্রমো দূরাদ্ দৃশ্যতে কদলীবৃতঃ।
ক্রিয়তাং[৩] তৎ সখে শীঘ্রং যদর্থং বয়মাগতাঃ[৪] ॥ ১০ ॥
স রাবণবচঃ শ্রুত্বা মারীচস্ত্বরয়ান্বিতঃ।
তৎক্ষণাদ্রাক্ষসং রূপং ত্যক্ত্বা হৈমোঽভবন্মৃগঃ ॥ ১১ ॥

৮। টিপ্পনী। দণ্ডকারণ্যমাগত্য রাঘবস্য আশ্রমং দদর্শেত্যন্বয়ঃ।
১০। টিপ্পনী। কদলীবৃতঃ কদলীবৃক্ষৈঃ সমাবৃতঃ।
১১। টিপ্পনী। হৈমঃ সুবর্ণময়ো মৃগোঽভবৎ।

অতঃপর, মারীচসহিত রাক্ষসেশ্বর রাবণ দণ্ডকারণ্যে আগমন করিয়া রামচন্দ্রের আশ্রম দেখিতে পাইলেন ॥ ৮ ॥

রত্নভূষিত কামগামী সেই রথ হইতে অবতরণ করিয়া রাবণ মারীচকে হস্তে গ্রহণপূর্ব্বক (অর্থাৎ মারীচের হস্ত ধারণ করিয়া) [এই] বাক্য বলিলেন—॥ ৯ ॥

দূর হইতে কদলীবৃক্ষসমাবৃত এই রামের আশ্রম দেখা যাইতেছে; হে সখে, যে নিমিত্ত আমরা আসিয়াছি, শীঘ্র তাহা সম্পন্ন কর ॥ ১০ ॥

রাবণবাক্য শ্রবণ করিয়া ত্বরান্বিত সেই মারীচ তৎক্ষণাৎ রাক্ষসরূপ পরিত্যাগপূর্ব্বক স্বর্ণময় মৃগ হইলেন ॥ ১১ ॥

১। ঙ-ছ-ড 'গৃহীত্বা'। ২। ঝ 'অয়ং'। ৩। অত আরভ্য ষোড়শশ্লোকপূর্ব্বার্দ্ধান্তে স্থানে ঘ-ঙ-ঠ-ড-পুস্তকেষু 'মৃগো ভূত্বাশ্রমদ্বারি রামস্য বিচচার হ। তদাশ্রমপদং প্রাপ্য লঙ্কাধিপতিচোদিতঃ ॥ বীতশ্রী- ('বৈদেহীং' ঙ) লোভয়ন্ সীতাং কাঞ্চনশ্চিত্রসুপ্রভঃ। পার্শ্বয়োরর্দ্ধচন্দ্রাভ্যাং রূপ্যতারাবিচিত্রিতঃ ॥ ('মুক্তাজালপরিচ্ছিন্নঃ সর্ব্বভূতমনোহরঃ।' ড-পুস্তকে ইত্যধিকঃ) ততোঽস্য বুদ্ধিরভবত্তস্মিন্ কালে শতায়ুষঃ। তস্তা- ('অস্তা-' ড) শ্রমপদদ্বারি ('-পদস্যাগ্রে' ঘ-ঙ-ড) পরিবর্ত্তিতুমোজসা ॥ কার্য্যং বাপ্যথবাকার্য্যং কর্ত্তব্যং নাত্র সংশয়ঃ। হিতমাকাঙ্ক্ষতা ভর্ত্তুঃ স্বর্গকাপ্যথ কাঙ্ক্ষতা ॥ ('ভর্ত্তুর্হিতার্থিনা শীঘ্রং স্বর্গকাপ্যভিকাঙ্ক্ষতা' ঘ-ড) মত্বা রামস্য বীর্য্যঞ্চ ('জানতা রামবীর্য্যঞ্চ' ঠ) ভর্ত্তুরাজ্ঞাঞ্চ দারুণাম্। শ্রেয়ো মে ভর্ত্তৃবচনং ন জীবিতমিহাত্মনঃ ॥ (ভর্ত্তুর্বাক্যান্নতং শ্রেয়ো ন জীবিতমিতোঽন্যথা) ॥' অয়ং পাঠঃ। ছ-পুস্তকে পুনরত্র আরভ্য সপ্তদশশ্লোকপূর্ব্বার্দ্ধান্তে স্থানে এতে শ্লোকাঃ একাদশাধিকাঃ 'রামাদপি চ মর্ত্তব্যং মর্ত্তব্যং রাবণাদপি। উভয়োরপি মর্ত্তব্যে বরং রামাত্র রাবণাৎ ॥ এতাং বুদ্ধিং সমাশ্রিত্য ভূত্বা নিশ্চয়মাত্মনা। মৃত্যুং চাত্মনি সঞ্চিন্ত্য মারীচঃ প্রচচার হ ॥ প্রাক্রীড়চ্চ সুবিশ্রব্ধং সহসা মৃত্যুসংশ্রিতঃ।' এতে অপি শ্লোকা দৃশ্যন্তে। ৪। ঝ 'বয়-'।

[১]রৌপ্যবিন্দুশতচিত্রঃ সর্ব্বভূতমনোহরঃ।
মসারগল্বর্কনিভৈশ্চিত্রৈঃ পদ্মৈরলঙ্কৃতঃ ॥ ১২ ॥
জাতরূপময়ৈঃ শৃঙ্গৈশ্চতুর্ভির্ম্মণিভূষিতৈঃ।
মৃগো ভূত্বাশ্রমদ্বারি রামস্য বিচচার হ[২] ॥ ১৩ ॥
[৩]ততোঽস্য বুদ্ধিরভবত্তস্মিন্ কালে গতায়ুষঃ।
কার্য্যং বা যদিবাকার্য্যং কর্ত্তব্যং নাত্র সংশয়ঃ ॥ ১৪ ॥
ভর্ত্তুর্হিতার্থিনা শীঘ্রং স্বর্গং বা[৪]প্যভিকাঙ্ক্ষয়া।
স্মৃত্বা রামস্য বীর্য্যঞ্চ ভর্ত্তুরাজ্ঞাঞ্চ দারুণাম্ ॥ ১৫ ॥

